# নিবিড় পরিবীক্ষণ **প্রতিবেদন**

“৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়ে ২২ জেলা)
(১ম সংশোধিত)” প্রকল্প







**পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮**
**বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)**
**পরিকল্পনা মন্ত্রণালয়**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**


**জুন ২০২১**

## সূচিপত্র


| ক্রমিক নম্বর | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| | নির্বাহী সারসংক্ষেপ | iv |
| | Acronyms and Abbreviations | vi |
| | **প্রথম অধ্যায়** প্রকল্পের বিস্তারিত বর্ণনা | ১ |
| ১.১ | প্রকল্পের পটভূমি | ১ |
| ১.২ | প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ | ১ |
| ১.৩ | প্রকল্পের বর্তমান অবস্থা | ১ |
| ১.৪ | প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম | ২ |
| ১.৫ | প্রকল্পের উদ্দেশ্য | ২ |
| ১.৬ | প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক লক্ষ্যমাত্রা এবং ক্রমপুঞ্জিত অগ্রগতি | ২ |
| ১.৭ | প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন | ২ |
| ১.৮ | আরডিপিপি অনুযায়ী প্রকল্পের লগ-ফ্রেম | ৪ |
| ১.৯ | আরডিপিপি অনুযায়ী প্রকল্পের অর্থ বছর ভিত্তিক আর্থিক ও ভৌত পরিকল্পনা | ৫ |
| ১.১০ | প্রকল্পের ক্রয় পরিকল্পনা | ৫ |
| ১.১১ | প্রকল্পের টেকসইকরণ পরিকল্পনা | ৫ |
| | **দ্বিতীয় অধ্যায়** নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালন পদ্ধতি ও সময় ভিত্তিক কর্ম-পরিকল্পনা | ৭ |
| ২.০ | ভূমিকা | ৭ |
| ২.১ | নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্য | ৭ |
| ২.২ | নিবিড় পরিবীক্ষণের কার্যপরিধি টার্মস অফ রেফারেন্স (ToR) অনুযায়ী | ৭ |
| ২.৩ | কৌশলগত পদ্ধতি | ৮ |
| ২.৪ | নিবিড় পরিবীক্ষণের নির্দেশক নির্বাচন | ৯ |
| ২.৫ | সমীক্ষার কর্ম-পদ্ধতি (Methodology) | ১০ |
| ২.৬ | সেকেন্ডারী তথ্য /উপাত্ত সংগ্রহ | ১৩ |
| ২.৭ | প্রকল্প বাস্তবায়ন ব্যবস্থাপনা (Project Management Issue) পর্যালোচনা | ১৩ |
| ২.৮ | প্রকল্পের সবল ও দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ | ১৩ |
| ২.৯ | তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা ও তথ্য বিশ্লেষণ | ১৩ |
| ২.১০ | তথ্য সম্পাদনা ও কোডিং | ১৪ |
| ২.১১ | সমীক্ষার কর্ম-পরিকল্পনা | ১৪ |
| | **তৃতীয় অধ্যায়** ফলাফল পর্যালোচনা | ১৬ |
| ৩.০ | প্রকল্প বাস্তবায়নে সংক্ষিপ্ত বিবরণ | ১৬ |
| ৩.১ | ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা | ১৬ |
| ৩.২ | অর্থবছর ভিত্তিক এডিপি/আরএডিপি’তে অর্থ বরাদ্দ, অর্থছাড় ও প্রকৃত ব্যয় পর্যালোচনা | ১৭ |
| ৩.৩ | প্রকল্প ব্যবস্থাপনা পর্যালোচনা ও মতামত | ১৭ |
| ৩.৪ | প্রকল্পের ১ম সংশোধনের কারণসমূহ পর্যালোচনা | ১৮ |
| ৩.৫ | প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা | ১৮ |
| ৩.৬ | প্রকল্প বাস্তবায়নে বিলম্ব ও নির্মাণ কাজের ধীরগতির কারণসমূহ পর্যালোচনা | ২০ |
| ৩.৭ | প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যালোচনা | ২০ |
| ৩.৮ | অডিট পর্যালোচনা | ২৯ |
| ৩.৯ | লগ-ফ্রেমের আলোকে উদ্দেশ্য ও output পর্যালোচনা ও বিশ্লেষণ | ৩২ |
| ৩.১০ | প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত) | ৩৩ |
| ৩.১১ | প্রকল্পের আওতায় জনবল নিয়োগ পর্যালোচনা | ৩৩ |
| ৩.১২ | পিআইসি এবং প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা পর্যালোচনার | ৩৪ |
| ৩.১৩ | আইএমইডির পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা | ৩৬ |
| ৩.১৪ | প্রকল্পের আওতায় বার্ষিক কর্ম-পরিকল্পনা পর্যালোচনা | ৩৬ |
| ৩.১৫ | নির্মাণ কাজে ব্যবহৃত মালামালের ল্যাব টেস্টের রিপোর্ট পর্যালোচনা | ৩৬ |
| ৩.১৬ | মাঠ পর্যায়ে পরিদর্শন এবং চলমান কাজের গুণগত মান পর্যবেক্ষণ | ৩৭ |

| ক্রমিক নম্বর | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ৩.১৭ | সরেজমিনে নির্মাণ কাজের গুণগত মান পর্যবেক্ষণের ফলাফল | ৩৯ |
| ৩.১৮ | সমীক্ষা থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ ও ফলাফল পর্যালোচনা | ৪৪ |
| ৩.১৯ | উপকারভোগী (সেবা গ্রহীতাদের) হতে প্রাপ্ত ফলাফল | ৪৭ |
| ৩.২০ | দলীয় আলোচনা হতে প্রাপ্ত তথ্যের ফলাফল বিশ্লেষণ | ৫১ |
| ৩.২১ | মুখ্য ব্যক্তিবর্গের নিকট হতে প্রাপ্ত তথ্যসমূহের বিশ্লেষণ | ৫৪ |
| ৩.২২ | ঠিকাদার প্রতিষ্ঠানের বিভিন্ন কর্মকর্তাদের থেকে প্রাপ্ত তথ্যের ফলাফল বিশ্লেষণ | ৫৬ |
| ৩.২৩ | স্থানীয় পর্যায়ে কর্মশালা | ৫৮ |
| ৩.২৪ | প্রকল্প টেকসইকরণ পরিকল্পনা | ৬০ |
| | **চতুর্থ অধ্যায়** SWOT বিশ্লেষণ | ৬১ |
| | **পঞ্চম অধ্যায়** পর্যবেক্ষণ | ৬৩ |
| ৫.১ | সমীক্ষালব্দ পর্যবেক্ষণ | ৬৩ |
| ৫.২ | প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যবেক্ষণ | ৬৩ |
| ৫.৩ | প্রকল্প ব্যবস্থাপনা পর্যবেক্ষণ | ৬৩ |
| ৫.৪ | বার্ষিক কর্ম-পরিকল্পনা পর্যবেক্ষণ | ৬৩ |
| ৫.৫ | এডিপি/আরএডিপি’তে অর্থ বরাদ্দ, অর্থছাড় ও প্রকৃত ব্যয় পর্যবেক্ষণ | ৬৩ |
| ৫.৬ | প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমের অগ্রগতি পর্যবেক্ষণ | ৬৪ |
| ৫.৭ | প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণসমূহ পর্যবেক্ষণ | ৬৪ |
| ৫.৮ | বার্ষিক ক্রয় কার্যক্রম পর্যবেক্ষণ | ৬৪ |
| ৫.৯ | ভেরিয়েশন সংক্রান্ত তথ্যাদি পর্যবেক্ষণ | ৬৪ |
| ৫.১০ | অডিট পর্যবেক্ষণ | ৬৪ |
| ৫.১১ | লগ-ফ্রেমের আলোকে উদ্দেশ্য ও output পর্যবেক্ষণ | ৬৪ |
| ৫.১২ | পিআইসি এবং প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা পর্যবেক্ষণ | ৬৫ |
| ৫.১৩ | আইএমইডির পরিদর্শন প্রতিবেদন পর্যবেক্ষণ | ৬৫ |
| ৫.১৪ | নির্মাণ কাজের গুণগত মান পর্যবেক্ষণ | ৬৫ |
| ৫.১৫ | প্রকল্পের খানা জরিপের মাধ্যমে কাজের অবস্থা মূল্যায়নের ফলাফল পর্যবেক্ষণ | ৬৫ |
| ৫.১৬ | প্রকল্পের টেকসইকরণ পরিকল্পনা পর্যবেক্ষণ | ৬৫ |
| | **ষষ্ঠ অধ্যায়** সুপারিশসমূহ ও উপসংহার | ৬৬ |
| ৬.১ | সুপারিশসমূহ | ৬৬ |
| ৬.২ | উপসংহার | ৬৬ |
| | **সংযুক্তি-১** আরডিপিপি অনুযায়ী পণ্য ও পূর্ত ক্রয় কাজ সংক্রান্ত তথ্যাদি | ৬৭ |
| | **সংযোজনী** | -- |
| সংযোজনী-১ | সেবা প্রদানকারী (সমাজসেবা অফিসের কর্মকর্তাদের) জন্য প্রশ্নমালা | ৭৪ |
| সংযোজনী-২ | উপকারভোগী (সেবা গ্রহীতাদের) জন্য প্রশ্নমালা | ৭৬ |
| সংযোজনী-৩ | প্রকল্প পরিচালক এর জন্য (KII) গাইডলাইন | ৭৮ |
| সংযোজনী-৪ | গণপূর্ত অধিদপ্তরের প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের জন্য (KII) গাইডলাইন | ৮১ |
| সংযোজনী-৫ | ঠিকাদার প্রতিষ্ঠানের বিভিন্ন কর্মকর্তাদের জন্য (KII) গাইডলাইন | ৮৩ |
| সংযোজনী-৬ | এফজিডি গাইডলাইন | ৮৫ |
| সংযোজনী-৭ | চলমান কাজের পরিবীক্ষণ চেকলিস্ট | ৮৭ |
| সংযোজনী-৮ | ক্রয় সংক্রান্ত চেকলিস্ট | ৮৯ |

# নির্বাহী সারসংক্ষেপ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের কিছু নির্বাচিত চলমান প্রকল্পের "নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা" ও সমাপ্ত প্রকল্পের "প্রভাব মূল্যায়ন সমীক্ষা" প্রতিবেদন করে। এরই ধারাবাহিকতায় ২০২০-২০২১ অর্থ-বছরে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়নাধীন "৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়ে ২২ জেলা) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি নিবিড় পরিবীক্ষণের জন্য পরামর্শক প্রতিষ্ঠান টেকনোকনসাল্ট ইন্টারন্যাশনাল লিমিটেড-কে দায়িত্ব প্রদান করা হয়েছে।

প্রকল্পের প্রধান কাজ ২২টি জেলায় (ঢাকা, ফরিদপুর, গোপালগঞ্জ,কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোণা, চট্টগ্রাম, কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া, নোয়াখালী, সিলেট, হবিগঞ্জ, সুনামগঞ্জ, রংপুর, লালমনিরহাট, দিনাজপুর, রাজশাহী, সিরাজগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, খুলনা, বরিশাল এবং ঝালকাঠি) ৬তলা বিশিষ্ট ভবন নির্মাণ। বর্তমানে ২২টি জেলার মধ্যে ১৭টি জেলার (ঢাকা, ফরিদপুর, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোণা, চট্টগ্রাম, ব্রাহ্মণবাড়ীয়া, রংপুর, লালমনিরহাট, দিনাজপুর, রাজশাহী, সিরাজগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, খুলনা, বরিশাল এবং ঝালকাঠি) নির্মাণ কাজ ফিনিশিং/শেষ পর্যায় রয়েছে। ০৪টি জেলায় (নোয়াখালী, সিলেট, হবিগঞ্জ, সুনামগঞ্জ) নির্মাণ কাজের অগ্রগতি গড়ে ১৫% এবং কুমিল্লা জেলায় সবে মাত্র দরপত্র চূড়ান্তকরণের জন্য TEC মিটিং এ পেশ করা হয়েছে। পূর্ত কাজের ভৌত অগ্রগতি গড়ে প্রায় ৬০% যা প্রকল্প মেয়াদে সন্তোষজনক নয়। মূলত প্রকল্পের ডিপিপি/আরডিপিপি যথাযথভাবে প্রণয়ন না হওয়া এবং ব্যবস্থাপনায় দুর্বলতার কারণে প্রকল্পটি নির্ধারিত সময়ে বাস্তবায়নে বিঘ্নিত হচ্ছে। এছাড়াও দেখা যায় যে, অনুমোদিত আরডিপিপি অনুযায়ী গুরুত্বপূর্ণ ০৩টি পদে (প্রজেক্ট কো-অর্ডিনেটর, নির্বাহী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী) জনবল নিয়োগ না দেয়ায় নির্মাণ কাজের সুষ্ঠু ব্যবস্থাপনা ব্যহত হচ্ছে। প্রকৃতপক্ষে জুন-২০২১ এর মধ্যে প্রকল্পের ভৌত কাজ শেষ হবে না।

প্রকল্পটি যথাসময়ে শেষ না হওয়ার প্রধান কারণ, ডিপিপি অনুযায়ী সময়মত দরপত্র আহবান করতে না পারা এবং ডিপিপি/আরডিপিপি অনুযায়ী বছরভিত্তিক আর্থিক ও ভৌত কাজের পরিকল্পনা প্রস্তুত না করা। এছাড়াও সময়মতো জমি না পাওয়ার কারণে কক্সবাজার ও বাগেরহাট জেলার পরিবর্তে সুনামগঞ্জ ও নোয়াখালী জেলায় অন্তর্ভুক্তিতে সময় বিলম্ব, সুনামগঞ্জ ও কুমিল্লা জেলায় নিজস্ব জমি না থাকায় জমি অধিগ্রহণে সময় বিলম্ব, প্রায় প্রতিটি স্থানেই গাছ ও পুরাতন স্থাপনা অপসারণে জটিলতা, ০৩টি জেলায় (রংপুর, লালমনিরহাট ও খুলনা) জমির সাইজের কারণে টাইপ নকশা পরিবর্তন করে নতুন নকশা প্রণয়ন, ০৩টি স্থানে (হবিগঞ্জ, নেত্রকোণা ও ময়মনসিংহ) ফাউন্ডেশনের নকশা পরিবর্তন, কয়েকটি জেলায় (ঢাকা, ময়মনসিংহ ও সিলেট) ভবনের দিক পরিবর্তনের নকশা প্রাপ্তিতে সময় বিলম্ব এবং করোনা মহামারি (Covid-19) কারণে ৫-৬ মাস কাজ বন্ধ থাকায় মূলত নির্মাণ কাজে ধীরগতি। উল্লেখ্য যে, নিজস্ব জমি না থাকা সত্ত্বেও সুনামগঞ্জ জেলা অন্তর্ভুক্ত করা যুক্তিযুক্ত ছিলনা এবং একই কারণে কুমিল্লা জেলার পরিবর্তে নিজস্ব জমি আছে এমন জেলা নির্বাচন করা সমীচিন ছিল। তবে প্রকল্পের শুরুতে যথাযথভাবে বেজলাইন সার্ভে, ফিজিবিলিটি স্টাডি করে ডিপিপি/আরডিপিপি প্রণয়ন করা হলে উক্ত সমস্যাগুলো পূর্বেই জানা যেত।

আরডিপিপিতে উল্লিখিত ২২ জেলায় পূর্ত কাজের প্রতিটি ভবনের অনুকূলে ০২টি করে প্যাকেজ থাকলেও বাস্তবে শুধুমাত্র কুমিল্লা জেলা ব্যতিত সকল জেলায় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন ব্যতিরেকে ০২টি প্যাকেজ একত্র করে ০১টি প্যাকেজে দরপত্র আহবান করা হয়েছে যা ডিপিপি এবং পিপিআর-২০০৮ এর বিধি-১৭ ব্যত্যয় ঘটেছে। জুন ২০২১ সালের মধ্যে সকল প্রকার আসবাবপত্র, যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয় কার্যক্রম সম্পন্ন করার কথা থাকলেও সমীক্ষাকালীন ১০ জুন ২০২১ তারিখ পর্যন্ত দরপত্র আহবান করা হয়নি। পণ্য ক্রয়ের ০৭টি প্যাকেজের মধ্যে ০১টি প্যাকেজের দরপত্র আহবান করা হয়েছে। এছাড়া লিফট্ ক্রয়ের জন্য ০১টি করে প্যাকেজ থাকলেও সমীক্ষাকালীন ১০ জুন ২০২১ তারিখ পর্যন্ত লিফট্ ক্রয় বাবদ কোন দরপত্র আহবান করা হয়নি।

প্রকল্পের আওতাভুক্ত ০৭টি জেলায় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন ব্যতিত ভেরিয়েশন করা হয়েছে (ফরিদপুর-১২.১২%, চট্টগ্রাম-১৭.২৪%, দিনাজপুর-৪.৪৮%, নেত্রকোণা-২১.২১%, রংপুর-৬.৪৭, ময়মনসিংহ-১৪.৫৪% ও কিশোরগঞ্জ-৯.৩৯%)। উক্ত ০৭টি জেলার ভেরিয়েশন অনুমোদনের জন্য প্রকল্প দপ্তরে প্রাক্কলন প্রেরণ করা হয়েছে। গত ২৭.০৫.২০২১ তারিখে পিআইসি সভায় উক্ত ০৭টি জেলার ভেরিয়েশন অনুমোদনের জন্য পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্তে সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, নেত্রকোণায় আরডিপিপির প্রাক্কলিত মূল্য থেকে ৬.২১% বেশি ভেরিয়েশন করা হয়েছে।

প্রকল্প পরিচালকের কার্যালয়ে মে/২০২১ পর্যন্ত একবার অডিট সম্পাদিত হয়েছে। উক্ত অডিটে ০২টি অডিট আপত্তি ছিল যার সংশ্লিষ্ট টাকার পরিমাণ ৭,৯৭,২৫০/-। আপত্তির জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে, আপত্তিটি এখনও নিষ্পত্তি হয়নি। প্রকল্পের প্রধান অঙ্গ ভবন নির্মাণ কাজের বিষয়ে কয়েকটি জেলায় (ময়মনসিংহ, ফরিদপুর, চাঁপাইনবাবগঞ্জ, ঢাকা, লালমনিরহাট) পূর্ত অডিট সম্পাদিত হয়েছে। চাঁপাইনবাবগঞ্জ, লালমনিরহাট ও ঢাকায় পূর্ত অডিটে আপত্তি নেই। ময়মনসিংহ জেলায় ০২টি (টাকার পরিমাণ ১২,৪৭৯,১২৯/-) ও ফরিদপুর জেলায় ০২টি (টাকার পরিমাণ ৭৫৭,৪৩১/-) করে পূর্ত অডিট আপত্তি রয়েছে। অডিট আপত্তির জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে, এখনও নিষ্পত্তি হয়নি।

নির্মাণ কাজ বিএনবিসি এবং অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী কাজ চলমান রয়েছে। নির্মাণ কাজে ব্যবহৃত মালামালের ল্যাব টেস্ট এবং পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক হ্যামার টেস্টের প্রাপ্ত ফলাফলগুলো সন্তোষজনক পাওয়া গিয়েছে। সরেজমিনে রুম, কলাম, বীম বাউন্ডারী ওয়াল ছাড়াও ছাদের রেলিং এর পরিমাপ করে ড্রইং অনুযায়ী সঠিক পাওয়া গিয়েছে। তবে কিছু জেলায় (রাজশাহী, নেত্রকোণা, ময়মনসিংহ, রংপুর, খুলনা, সিরাজগঞ্জ, লালমনিরহাট, চাঁপাইনবাবগঞ্জ) নির্মাণ কাজে ব্যবহৃত ইটের মান (আকৃতিগত ও কোনা ভাঙ্গা) সন্তোষজনক নয়। নোয়াখালী, হবিগঞ্জ, সিলেটে ঢালাই কাজে যে পাথর ব্যবহার করা হচ্ছে তা সন্তোষজন নয় (ময়লা, আবর্জনা)। সাঁটারিং সঠিক না হওয়ায় এবং ভাইব্রেটর মেশিন ঠিকমত ব্যবহার না করায় কিছু ক্ষেত্রে নির্মাণ কাজে হানিকম্ব দেখা গিয়েছে। শ্রমিকদের হ্যান্ড গ্লাবস্, গাম্বুট, হ্যালমেট ইত্যাদি সুরুক্ষা সরঞ্জাম নিশ্চিত করা হয়নি। নেত্রকোণা, ময়মনসিংহে দরজার জন্য ব্যবহৃত কয়েকটি চৌকাঠে চিড়ল/ফাঁটল দেখা গিয়েছে। এছাড়াও কয়েকটি জেলায় (নেত্রকোণা, ব্রাহ্মণবাড়ীয়া ও ময়মনসিংহ) প্লাস্টার পরবর্তীতে দেয়ালের অনেক জায়াগায় সাদা সাদা লোনা ভেসে উঠেছে দেখা যায়।

প্রকল্পের অগ্রগতি ত্বরান্বিত করতে কুমিল্লা, নোয়াখালী, সিলেট, হবিগঞ্জ ও সুনামগঞ্জ জেলায় নির্মাণ কাজের অগ্রগতি কম বিধায় আলাদাভাবে সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা তৈরি করে নিবিড় তদারকি বৃদ্ধি করতে হবে; প্রকল্পের ১৭টি জেলায় (ঢাকা, ফরিদপুর, গোপালগঞ্জ,কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোণা, চট্রগ্রাম, ব্রাহ্মণবাড়ীয়া, রংপুর, লালমনিরহাট, দিনাজপুর, রাজশাহী, সিরাজগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, খুলনা, বরিশাল এবং ঝালকাঠি) ভবনের কাজ ফিনিশিং/শেষ পর্যায়ে রয়েছে বিধায় উক্ত জেলাগুলোর নির্মাণ কাজ দ্রুত পূর্ণাঙ্গভাবে শেষ করে ভবন ব্যবহারের উপযোগী করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে; ভেরিয়েশন অনুমোদনের প্রয়োজন হলে ভেরিয়েশন এর বিধান অনুযায়ী এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন গ্রহণ করতে হবে; প্রকল্পের আওতায় আরডিপিপি অনুযায়ী যথাযথ নিয়ম অনুসরণ করে আউটসোর্সিং এর ভিত্তিতে জনবল নিয়োগ প্রদান করতে হবে।

# Acronyms and Abbreviations

| | |
|---|---|
| **ADP** | Annual Development Programme |
| **BoQ** | Bill of Quantity |
| **BNBC** | Bangladesh National Building Code |
| **CPTU** | Central Procurement Technical Unit |
| **CPM** | Critical Path Method |
| **DPP** | Development Project Proposal |
| **DSS** | Depart of Social Services |
| **DPM** | Direct Procurement Method |
| **FGD** | Focus Group Discussions |
| **GoB** | Government of Bangladesh |
| **IMED** | Implementation Monitoring & Evaluation Division |
| **MoSW** | Ministry of Social Welfare |
| **OTM** | Open Tendering Method |
| **KII** | Key Informant Interview |
| **PD** | Project Director |
| **PPA** | Public Procurement Act-2006 |
| **PPR** | Public Procurement Rules-2008 |
| **PIC** | Project Implementation Committee |
| **PMIS** | Project Monitoring Information System |
| **PWD** | Public Works Department |
| **RDPP** | Revised Development Project Proposal |
| **SWOT** | Strength, Weakness, Opportunity and Threat |
| **SPSS** | Statistical Package for Social Science |
| **PSC** | Project Steering Committee |
| **TC** | Technical Committee |
| **ToR** | Terms of Reference |
| **TCIL** | Technoconnsult International Limited |

# প্রথম অধ্যায়
# প্রকল্পের বিস্তারিত বর্ণনা

## ১.১ প্রকল্পের পটভূমি

মানব সম্পদ উন্নয়ন,দারিদ্র বিমোচন,কল্যাণমূখী কার্যক্রমে অংশগ্রহণ, সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর কল্যাণের জন্য যে সকল মন্ত্রণালয় কাজ করছে তন্মধ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় অন্যতম। কল্যাণমূখী রাষ্ট্র হিসেবে বাংলাদেশকে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে এ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদফতর বয়স্কভাতা, বিধবাভাতা, মুক্তিযোদ্ধা সন্মানীভাতা, প্রতিবন্ধী ছাত্র উপবৃত্তি, এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধী ভাতা প্রদানসহ বহুমূখী কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। এছাড়াও সমাজের অনগ্রসর, অবহেলিত দারিদ্র সীমার নীচে বসবাসকারী এবং প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বহুবিধ কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। সামাজিক সুরুক্ষা ও সামাজিক নিরাপত্তা বলয়ের মধ্যে থেকে সমাজসেবা অধিদফতর কর্তৃক গৃহীত কার্যক্রম ইতিমধ্যে ব্যাপকভাবে সফল ও প্রশংসিত হয়েছে। বর্তমানে এ অধিদফতরের মাধ্যমে প্রায় ৫০টি কর্মসূচি সফলভাবে বাস্তবায়িত হচেছ। উক্ত-কর্মসূচির মধ্যে রয়েছে এতিম, প্রতিবন্ধী, দুস্থ, অবহেলিত, বিপদাপন্ন শিশু, পথ শিশু, আইনের সংস্পর্শে আসা, শিশু আইনের সুযোগ লাভে বঞ্চিত শিশু ও পরিত্যক্ত শিশুদের পুনর্বাসনে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ ও সমাজে পুনঃএকত্রীকরণ, ভবঘুরে ব্যক্তিদের প্রশিক্ষণ ও পুনর্বাসন,বিভিন্ন ধরনের ভাতা প্রদান কার্যক্রম ইত্যিাদি। এ ধরনের কার্যক্রমসমূহ সমাজসেবা অধিদফতর জেলা পর্যায়ে নিজস্ব কোন ভবন না থাকায় এ সমস্ত কার্যক্রম বাস্তবায়ন যেমন দূরহ হয়ে পড়ছে তেমনিভাবে ভাড়া করা ভবনের ব্যয় পরিশোধ করতে সরকারকে প্রতি বছর বিপুল পরিমাণ রাজস্ব অর্থ ব্যয় করতে হয়। বর্ণিত অবস্থার প্রেক্ষাপটে, সমাজসেবা অধিদফতরের সকল কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে “৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়ে ২২ জেলা) (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পটি মোট ৩৬৬৩৪.৫১ লক্ষ টাকা ব্যয়ে এবং জুলাই ২০১৭ থেকে জুন ২০২১ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পের জেলা নির্বাচনের ক্ষেত্রে যে জেলায় বাড়ি ভাড়া বেশি এবং সহজে নিজস্ব জমি পাওয়া যাবে সেই সকল জেলাকে অগ্রাধিকার দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।

## ১.২ প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ

| | | | |
|---|---|---|---|
| ১.২.১ | প্রকল্পের নাম | : | **“৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়ে ২২ জেলা) (১ম সংশোধিত)”** |
| ১.২.২ | উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| ১.২.৩ | বাস্তবায়নকারী সংস্থা | : | সমাজসেবা অধিদফতর |
| ১.২.৪ | প্রকল্প এলাকা | : | **২২টি জেলা**<br>ঢাকা, ফরিদপুর, গোপালগঞ্জ,কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোণা, চট্রগ্রাম, কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া, নোয়াখালী, সিলেট, হবিগঞ্জ, সুনামগঞ্জ, রংপুর, লালমনিরহাট, দিনাজপুর, রাজশাহী, সিরাজগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, খুলনা, বরিশাল এবং ঝালকাঠি জেলা। |
| ১.২.৫ | প্রকল্প বাস্তবায়নকাল | : | জুলাই-২০১৭ হতে জুন-২০২১ |

## ১.৩ প্রকল্পের বর্তমান অবস্থা

প্রকল্পের ২২টি জেলার মধ্যে ২১টি জেলায় ৬ তলা বিশিষ্ট ভবন নির্মার্ণের কাজ চলমান রয়েছে। ১টি জেলায় (কুমিল্লা) নির্মাণ কাজের দরপত্র চূড়ান্তকরণ প্রক্রিয়াধীন, আশা করা যায় জুন-২০২১ এর মধ্যে কাজ শুরু হবে। বাকি ২১টির মধ্যে ১৭টি ভবনের কাজ ফিনিশিং/শেষ পর্যায়ে রয়েছে, ০৩টি ভবনের কাজ ২/৩ তলা কাঠামো নির্মাণের পর্যায়ে রয়েছে এবং ০১টি ভবনের (সুনামগঞ্জ) ফাউন্ডেশনের কাজ চলমান রয়েছে। পূর্ত কাজের ভৌত অগ্রগতি গড়ে ৬০%। লিফট্ এর জন্য ০১টি করে প্যাকেজ থাকলেও এখনও দরপত্র আহবান করা হয়নি। বনশিল্প উন্নয়ন সংস্থা থেকে আসবাবপত্র ক্রয় করার কথা থাকলেও এখনও কার্যাদেশ দেয়া হয়নি। কম্পিউটার, আনুষাঙ্গিক যন্ত্রপাতি/সরঞ্জাম এর জন্য দরপত্র আহবান করা হয়নি। প্রকল্পের আওতায় সকল ধরনের জনবল নিয়োগ দেয়া হয়নি তবে বর্তমানে নিয়মিতভাবে প্রকল্প পরিচালক রয়েছেন। প্রকল্পের মেয়াদ জুন-২০২১ এ শেষ করা সম্ভব হবেনা বিধায় প্রকল্পটি আরও ২ বছর সময় বর্ধনের জন্য প্রস্তাব করা হয়েছে।

## ১.৪ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম

১) ৬৪১২৯.১৮ বর্গমিটার অনাবাসিক ভবন নির্মাণ (নির্মাণ ও পূর্ত);

২) ২টি মোটরযান ক্রয়;

৩) ৫৪৯৩টি আসবাবপত্র ক্রয়; এবং

৪) কম্পিউটার ও আনুষাঙ্গিক ক্রয় (৫৪৫টি)

## ১.৫ প্রকল্পের উদ্দেশ্য

- ৬৪ জেলায় ৬ তলা ফাউন্ডেশনের উপর ৬ তলা জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায় ২২ জেলা);
- সমাজসেবা অধিদফতরের আওতাধীন সকল সংস্থা/ দলগুলোকে আরও ভাল সেবা প্রদান;
- জেলা সমাজসেবা কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের অফিসস্থানের সমস্যা সমাধান;
- মাঠ পর্যায়ে কার্যক্রম আরও কার্যকরীভাবে নিরীক্ষণ;
- জেলা সমাজসেবা অধিদফতরের সকল প্রোগ্রামসমূহ সুনিপূনভাবে নির্বাহ করা;
- জেলা পর্যায়ে কর্মরত সকল মা এবং শিশুদের জন্য উপযুক্ত পরিবেশ সৃষ্টি;
- প্রতিবন্ধীদের জন্য সেবা কেন্দ্র স্থাপন এবং
- অফিস ভাড়া বাবদ বিপুল সংখ্যক রাজস্ব (বছরে প্রায় ৫ কোটি টাকা)।

## ১.৬ প্রকল্প অনুমোদন, সংশোধন, বাস্তবায়নকাল, ব্যয় ও মেয়াদ হ্রাস/বৃদ্ধি

"৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়ে ২২ জেলা) (১ম সংশোধিত)" শীর্ষক মূল প্রকল্পটি বিগত ২৯.০৮.২০১৭ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ৩২৯২১.৮০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই' ২০১৭ হতে জুন'২০২০ মেয়াদে অনুমোদিত হয়। পরবর্তীতে ১ম সংশোধিত ডিপিপি ২৬/০২/২০২০ তারিখে ৩৬৬৩৪.৫১ লক্ষ টাকা ব্যয়ে জুলাই'২০১৭ হতে জুন'২০২১ মেয়াদে অনুমোদিত হয়। প্রকল্পের অনুমোদন, সংশোধন, মেয়াদ বৃদ্ধি ও অর্থায়নের অবস্থা নিচের সারণি ১.৬.১ এ দেখানো হলো।

**সারণি-১.৬.১: প্রকল্প অনুমোদন, সংশোধন ব্যয় ও মেয়াদ হ্রাস/বৃদ্ধি** **লক্ষ টাকা**

| বিষয় | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় | | | | বাস্তবায়নকাল | অনুমোদনের তারিখ | পরিবর্তন(+/-) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | প্র:সা: | অন্যান্য | | | ব্যয় (%) | মেয়াদ(%) |
| মূল (ডিপিপি) | ৩২৯২১.৮০ | ৩২৯২১.৮০ | - | - | জুলাই' ২০১৭ হতে জুন'২০২০ | ২৯/০৮/২০১৭ | - | - |
| সংশোধিত (১ম) | ৩৬৬৩৪.৫১ | ৩৬৬৩৪.৫১ | - | - | জুলাই'২০১৭ হতে জুন'২০২১ | ২৬/০২/২০২০ | ১১.২৭% বৃদ্ধি | ৩৩.৩৩% বৃদ্ধি |

উৎসঃ আরডিপিপি

## ১.৭ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক লক্ষ্যমাত্রা এবং ক্রমপুঞ্জিত অগ্রগতি

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পটি মোট ৩৬৬৩৪.৫১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই-২০১৭ হতে জুন/২০২১ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে এবং জুন/২০২০ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক খরচ হয়েছে ৯১৮১.১৫ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ২৫.০৬%। চলতি ২০২০-২০২১ অর্থ-বছরে প্রকল্পের আর্থিক লক্ষ্যমাত্রা ৯৫৮০.০০ লক্ষ টাকা এবং বাস্তব লক্ষ্যমাত্রা ২৬.১৫%। এছাড়া চলতি অর্থ-বছরের মে/২০২১ পর্যন্ত মোট আর্থিক অগ্রগতি ৭৭১০.৪৮ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ২১.০৪%। অর্থাৎ মে/২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১৬,৮৯১.৭০ লক্ষ টাকা (৪৬.১০%) এবং ভৌত অগ্রগতি প্রায় ৬০% যা সন্তোষজনক নয়। বিস্তারিত সারণি ১.৭.১ তে দেওয়া হলো-

সারণি: ১.৭.১ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক লক্ষ্যমাত্রা এবং অগ্রগতি (লক্ষ টাকা)

| ক্র: নং | অঙ্গের নাম | একক | ডিপিপি/টিপিপি/আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | সর্বশেষ ৩০ জুন ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | চলতি ২০২০-২১ অর্থ বছরের লক্ষ্যমাত্রা | | চলতি অর্থ-বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী মে/২০২১ পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব (পরিমাণ/ সংখ্যা ) | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক | বাস্তব (%) | আর্থিক |
| **০১** | **০২** | **০৩** | **০৪** | **০৫** | **০৬** | **০৭** | **০৮** | **০৯** | **১০** | **১১** |
| **(ক) রাজস্ব খাত:** | | | | | | | | | | |
| ১ | মূল বেতন (কর্মকর্তা) | | ১০৮ জনমাস | ১১.৩৭ | ১০০ | ১১.৩৭ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২ | সাকুল্য বেতন (সরকারি কর্মচারি ব্যতিত) | | ২৮৮ জনমাস | ২৬.৯০ | ১০০ | ২৬.৯০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩ | যাতায়াত ভাতা | | ৩৯৬ জনমাস | ০.৩৩৮ | ১০০ | ০.৩৩৮ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪ | বাড়ী ভাড়া ভাতা | | ৩৯৬ জনমাস | ১০.৬৩ | ১০০ | ১০.৬৩ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫ | চিকিৎসা ভাতা | | ৩৯৬ জনমাস | ৩.০৬ | ১০০ | ৩.০৬ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬ | টিফিন ভাতা | | ৩৯৬ জনমাস | ০.২২২ | ১০০ | ০.২২২ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭ | উৎসব ভাতা | | ৩৯৬ জনমাস | ৫.৫৯ | ৭৩.১৭ | ৪.০৯ | ৮.৯৫ | ০.৫০ | ৮.৯৫ | ০.৫০ |
| ৮ | নববর্ষ ভাতা | | ৩৯৬ জনমাস | ০.৭৩ | ৫২.০৫ | ০.৩৮ | ০.০০ | ০.০০ | ৫২.০৫ | ০.৩৮ |
| ৯ | সাকুল্য বেতন | | থোক | ১৭.৫৪ | ০.০০ | ০.০০ | ১৮.৯৮ | ৩.৩৩ | ১৮.৯৮ | ৩.৩৩ |
| ১০ | ডাক | | থোক | ০.৩৫ | ০.০০ | ০.০০ | ৫৭.১৫ | ০.২০ | ০.০০ | ০.০০ |
| ১১ | টেলিফোন | | থোক | ০.৫৮ | ০.০০ | ০.০০ | ৪৩.১০ | ০.২৫ | ১৫.৫১ | ০.০৯ |
| ১২ | অভ্যন্তরীণ ভ্রমণ ব্যয় | | থোক | ১৭.০০ | ০.০০ | ০.০০ | ৫৮.৮২ | ১০.০০ | ১৮.৪৭ | ৩.১৪ |
| ১৩ | পেট্রোল অয়েল ও লুব্রিকেন্ট | | থোক | ৩৮.২৮ | ৩২.০৭ | ১২.২৮ | ৩৬.৫৭ | ১৪.০০ | ১১.৫৯ | ৪.৪৪ |
| ১৪ | স্ট্যাম্প ও সীল | | থোক | ৩১.৭২ | ৩২.৮৮ | ১০.৪৩ | ২৯.৩২ | ৯.৩০ | ১২.২৯ | ৩.৯০ |
| ১৫ | প্রচার ও বিজ্ঞাপন ব্যয় | | থোক | ১.৯৪ | ৩০.৪১ | ০.৫৯ | ২৫.৭৭ | ০.৫০ | ১৮.০৪ | ০.৩৫ |
| ১৬ | আউটসোর্সিং | | ২৮৮ জনমাস | ৩০.৫৮ | ০.০০ | ০.০০ | ৬২.৬২ | ১৯.১৫ | ৩৩.৪৯ | ১০.২৪ |
| ১৭ | সম্মানী ভাতা | | থোক | ১২.০০ | ৩৩.৫০ | ৪.০২ | ২৫.০০ | ৩.০০ | ১১.৮৩ | ১.৪২ |
| ১৮ | অন্যান্য মনিহারি | | থোক | ১২.৬০ | ০.০০ | ০.০০ | ৩২.২২ | ৪.৬০ | ১৭.০৬ | ২.১৫ |
| ১৯ | মোটরযান রক্ষণাবেক্ষণ | | থোক | ১৭.৯৭ | ১০.৯৬ | ১.৯৭ | ৩৬.২৮ | ৬.৫২ | ১৪.৭৫ | ২.৬৫ |
| ২০ | যন্ত্রপাতি ও সরঞ্জাম মেরামত ও রক্ষণাবেক্ষণ | | থোক | ১০.৬০ | ২৪.৫৩ | ২.৬০ | ১৮.৮৭ | ২.০০ | ৮.৯৬ | ০.৯৫ |
| **উপ-মোট= (রাজস্ব ব্যয়)** | | | | **২৫০.০০** | **৩৫.৫৫** | **৮৮.৮৮** | **৩২.০০** | **৮০.০০** | **১৩.২২** | **৩৩.০৭** |
| **(খ) মূলধন ব্যয়:** | | | | | | | | | | |
| ২১ | অনাবাসিক ভবন (নির্মাণ ও পূর্ত) | | ৬৪১২৯.১৮ বঃমিঃ | ৩৩৬৭৩.২৬ | ২৬.৬৪ | ৮৯৭২.১১ | ২৮.২১ | ৯৫০০.০০ | ২২.৭৯ | ৭৬৭৭.৪১ |
| ২২ | মোটরযান | | ২টি | ১২৫.০০ | ৮৮.৫০ | ১১০.৬৩ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২৩ | কম্পিউটার ও আনুষাঙ্গিক | | ৫৪৫টি | ৩৪৫.২০ | ১.৩২ | ৪.৫৬ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৪ | আসবাবপত্র | | ৫৪৯৩টি | ৮৩২.০৩ | ০.৫৯ | ৪.৯৭ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **উপ- মোট = খ (মুলধন ব্যয়)** | | | **-** | **৩৪৯৭৫.৪৯** | **২৬.০০** | **৯০৯২.২৭** | **৮৯.২৩** | **৯৫০০.০০** | **২১.৯৫** | **৭৬৭৭.৪১** |
| গ) ফিজিক্যাল কন্টিনজেন্সি | | | ২% | ৭০৪.৫১ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ঘ) প্রাইস কন্টিনজেন্সি | | | ২% | ৭০৪.৫১ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **সর্বমোট (ক+খ+গ+ঘ) =** | | | | **৩৬৬৩৪.৫১** | **২৫.০৬** | **৯১৮১.১৫** | **২৬.১৫** | **৯৫৮০.০০** | **২১.০৪** | **৭৭১০.৪৮** |

উৎসঃ প্রকল্প অফিস

## ১.৮ আরডিপিপি অনুযায়ী প্রকল্পের লগ-ফ্রেম

| সংক্ষিপ্ত বর্ণনা **(NS )** | বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক **(OVI)** | যাচাইয়ের মাধ্যম **(MOV)** | গুরুত্বপূর্ণ অনুমান **(IA)** |
|---|---|---|---|
| লক্ষ্য **(Goal)**<br>➢ লক্ষ্যকৃত দল প্রতিনিধিদের আরো ভালো সেবা নিশ্চিত করা হয়েছে এবং জেলা পর্যায়ে সকল কার্যক্রম উত্তমরুপে কার্যকর করা হয়েছে । | ➢ জেলা সমাজসেবা কার্যালয়ের পরিবেশের বর্তমান পরিস্থিতি উন্নত এবং জেলা সমাজসেবার সুবিধাভোগী গোষ্ঠী উন্নতর সেবা অর্জন করছে। | ➢ প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন<br>➢ পরিবীক্ষণ প্রতিবেদন<br>➢ আইএমইডি প্রতিবেদন<br>➢ প্রকল্প সমাপ্তি প্রতিবেদন | |
| উদ্দেশ্য **(Purpose)**<br>➢ ২২টি জেলায় সকল সুবিধা সমন্বিত একটি সম্পূর্ণ সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ । | ➢ ২০২১ সালের জুন মাসে জেলা পর্যায়ের কর্মচারীগণ ভালো সেবা প্রদানের জন্য উন্নত বাসস্থান সুবিধা পাওয়ার জন্য ব্যবস্থা থাকবে। | ➢ পিআইসি সভার কার্যবিবরণী<br>➢ আইএমইডি প্রতিবেদন<br>➢ বাস্তব অগ্রগতি প্রতিবেদন<br>➢ প্রকল্প সমাপ্তি প্রতিবেদন | ➢ সময়মত অর্থ-ছাড়<br>➢ স্বাভাবিক আইন-শাসন ব্যবস্থা<br>➢ প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রাপ্তি<br>➢ সময়মত নির্মাণ কাজ সমাপ্ত |
| আউট পুট **(Output )**<br>➢ ২২ টি জেলায় ৬ তলা বিশিষ্ট জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ । | ➢ জুলাই ২০১৭ মধ্যে সকল ধরনের জনবল নিয়োগ করা হবে।<br>➢ জুন ২০২১ সালের মধ্যে সকল ধরনের নির্মাণ কাজ সম্পন্ন করা হবে<br>➢ সেপ্টেম্বর ২০১৭ মধ্যে মোটরযান (১টা জিপ, ১ টি ডাবল কেবিন পিকআপ/মাইক্রো) সংগ্রহ করা হবে।<br>➢ জুন ২০২১ সালের মধ্যে সকল প্রকার যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হবে<br>➢ জুন ২০২১ সালের মধ্যে সকল প্রকার আসবাবপত্র ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হবে। | ➢ প্রকল্প পরিচালকের প্রতিবেদন<br>➢ পিআইসি সভার কার্য বিবরণী<br>➢ আএমইডি প্রতিবেদন<br>➢ বাস্তব অগ্রগতি প্রতিবেদন<br>➢ সংস্থার প্রতিবেদন<br>➢ সমাজসেবা অধিদপ্তরের প্রতিবেদন<br>➢ সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিবেদন | ➢ নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প প্রস্তাব অনুমোদন<br>➢ বরাদ্দকৃত অর্থের প্রাপ্যতা<br>➢ স্বাভাবিক আইন-শাসন ব্যাবস্থা<br>➢ সঠিক সময়ে নির্মাণ কাজের সমাপ্তি |
| ইনপুট ( Input )<br>➢ মানবসম্পদ<br>➢ নির্মাণ ও পূর্তকাজ<br>➢ ভূমি উন্নয়ন<br>➢ আসবাবপত্র | (লক্ষ টাকা )<br>➢ দক্ষ মানবসম্পদ নিয়োগ (১২ জন) ১৫৬.৫৪ লক্ষ টাকা<br>➢ সরবরাহ সেবা ৯৩.৪৬ লক্ষ টাকা<br>➢ নির্মাণ ও পূর্তকাজ সম্পন্ন | ➢ প্রকল্প পরিচালকের প্রতিবেদন<br>➢ পিআইসি সভার কার্য বিবরণী<br>➢ আইএমইডি প্রতিবেদন | ➢ নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প প্রস্তাব অনুমোদন<br>➢ বরাদ্দকৃত অর্থের প্রাপ্যতা<br>➢ স্বাভাবিক আইন-শাসন |

| | | | |
|---|---|---|---|
| ➢ মেশিনারিজ ও সরঞ্জাম<br>➢ গাড়ি-কার/ মাইক্রো (২টি) | ৬৪১২৯.১৮ বর্গঃমিঃ টাকা-৩৩৬৭৩.২৬ লক্ষ<br>➢ আসবাবপত্র ৮৩২.০৩ লক্ষ টাকা<br>➢ কম্পিউটার ও আনুষাঙ্গিক যন্ত্রপাতি ক্রয় ৩৪৫.২০ লক্ষ টাকা<br>➢ জিপ/ মাইক্রো ক্রয় ১২৫.০০ লক্ষ টাকা | ➢ বাস্তব অগ্রগতি প্রতিবেদন<br>➢ সংস্থার প্রতিবেদন | ব্যবস্থা<br>➢ নিয়মিত পিআইসি/ পিএসসি সভা অনুষ্ঠিত |

উৎসঃ আরডিপিপি

***লগ-ফ্রেম অনুযায়ী প্রকল্পের উদ্দেশ্য ও Output অর্জন অনুচ্ছেদ-৩.৯ এ বিস্তারিত আলোচনা করা হয়েছে।**

## ১.৯ প্রকল্পের অর্থ বছর ভিত্তিক আর্থিক ও বাস্তব পরিকল্পনা

“৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়ে ২২ জেলা) (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পটি ২০১৭-২০১৮ অর্থ বছরে শুরু হয়ে ২০২০-২১ অর্থবছরে শেষ হওয়ার কথা রয়েছে। সে অনুযায়ী আরডিপিপি’তে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ এই চারটি বছরের জন্য আলাদা ভাবে ‘আর্থিক’ ও ‘ভৌত’ অগ্রগতির জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়া হয়েছে। আরডিপিপিতে ক্রয় পরিকল্পনার অধীন প্রতিটি অঙ্গের জন্যই আর্থিক ও ভৌত পরিকল্পনায় এ লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়া হয়েছে। নিম্নে বছরভিত্তিক আর্থিক ও ভৌত পরিকল্পনার লক্ষ্যমাত্রা দেয়া হলো-

**সারণি ১.৪ আর্থিক ও বাস্তব পরিকল্পনা**

| অর্থ-বছর | আর্থিক লক্ষ্যমাত্রা (লক্ষ টাকা) | বাস্তব লক্ষ্যমাত্রা (%) |
|---|---|---|
| ২০১৭-২০১৮ | ১৭৩.৩২ | ০.৪৭ |
| ২০১৮-২০১৯ | ২৫৯২.৪৬ | ৭.১৮ |
| ২০১৯-২০২০ | ৬০৪৭.০০ | ১৬.৯১ |
| ২০২০-২০২১ | ২৭৮২১.৭৩ | ৭৫.৪৪ |
| **মোট=** | **৩৬৬৩৪.৫১** | **১০০%** |

উৎসঃ আরডিপিপি

## ১.১০ প্রকল্পের ক্রয় পরিকল্পনা

প্রকল্পের অনুমোদিত আরডিপিপি অনুযায়ী ক্রয় পরিকল্পনায় পূর্ত কাজ ক্রয়ের ২২টি সমাজসেবা জেলা কমপ্লেক্স নির্মাণ এর প্রতিটি ভবনের অনুকূলে ৩টি করে মোট পূর্ত ক্রয় কাজের ৬৬টি প্যাকেজ রয়েছে। পণ্য ক্রয় এর ০৭টি প্যাকেজ রয়েছে। প্রকল্পের আওতায় আরডিপিপি অনুযায়ী দরপত্র আহবান, চুক্তি স্বাক্ষর, ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ, ক্রয় পদ্ধতি ও নমুনা ইত্যাদি বিষয়ে ৩.৬ অনুচ্ছেদে বিস্তারিত পর্যালোচনা ও বিশ্লেষণ করা হয়েছে। আরডিপিপি অনুযায়ী প্রকল্পের ক্রয় পরিকল্পনা সংযুক্তি-০১ এ দেয়া হয়েছে-

## ১.১১ প্রকল্পের টেকসইকরণ পরিকল্পনা

ডিপিপি’র মূল অংশে ৩ পর্যায়ের টেকসই পরিকল্পনার উল্লেখ করা হয়েছে, যা নিচে বর্ণনা করা হলো।

### সুবিধাভোগী পর্যায়ে টেকসই পরিকল্পনা

বর্তমানে সমাজসেবা অধিদফতর প্রায় ৫৪ ধরণের কল্যাণমুখী কর্মসূচি পালন করছে। আরও সুনির্দিষ্টভাবে ডিএসএস শহরে এবং গ্রামীণ অঞ্চলে PWD এর সাথে সম্পর্কিত প্রোগ্রামগুলো সামাজিক ভিত্তিক উন্নয়ন প্রোগ্রামগুলো পরিচালনা করে। ৬৪টি জেলায় (প্রথম ধাপে ২২ জেলা) সামাজিক কমপ্লেক্স স্থাপনের মাধ্যমে সুবিধাভোগী পর্যায়ে টেকসই হওয়ার বিষয়ে আশ্বাস দেওয়া হচ্ছে।

### প্রাতিষ্ঠানিক পর্যায়ে টেকসই পরিকল্পনা

অধিদফতরের প্রায় ১১ হাজার কর্মকর্তা ও কর্মচারী কল্যাণমুখী কর্মসূচি পরিচালনা করছেন। কর্মকর্তা, কর্মচারী এবং বিভাগের ক্রমবর্ধমান সংখ্যার জন্য ৬৪টি জেলায় সামাজিক পরিসেবা কমপ্লেক্স স্থাপন (প্রথম ধাপ ২২ জেলা) একান্তভাবে প্রয়োজন। এ প্রকল্পের মাধ্যমে অধিদপ্তরের সেবা কার্যক্রমের মান বৃদ্ধিসহ সকল কার্যক্রম টেকসই হবে বলে সংশ্লিষ্ট কর্মকর্তাবর্গ মনে করছেন।

### জাতীয় পর্যায়ে টেকসই পরিকল্পনা

প্রকল্পটি নগর ও গ্রামীণ উভয় ক্ষেত্রে উন্নত উন্নয়ন কর্মসূচি এবং পরিষেবা প্রদানের মাধ্যমে জাতির জন্য দীর্ঘতর তাৎপর্যপূর্ণ প্রভাব ফেলবে। আশা করা হচ্ছে প্রকল্পটি সময়মতো সম্পন্ন হবে এবং নিজেদের টিকে থাকার জন্য টেকসই পরিকল্পনার ব্যবস্থা করা হবে।

# দ্বিতীয় অধ্যায়

## নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালন পদ্ধতি ও সময় ভিত্তিক কর্ম-পরিকল্পনা

### ২.০ ভূমিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারে পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যেমে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের কিছু নির্বাচিত চলমান প্রকল্পের "নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা" ও সমাপ্ত প্রকল্পের "প্রভাব মূল্যায়ন সমীক্ষা" কাজ করে থাকে। এ ধারাবাহিকতায় ২০২০-২০২১ অর্থ-বছরে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়নাধীন "৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়ে ২২ জেলা) (১ম সংশোধিত)" শীর্ষক মূল প্রকল্পটি নিবিড় পরিবীক্ষণের জন্য বাছাই করা হয়েছে এবং পরামর্শক প্রতিষ্ঠান টেকনোকনসাল্ট ইন্টারন্যাশনাল লিমিটেড-কে দায়িত্ব প্রদান করা হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান দায়িত্ব পেয়ে নির্ধারিত সময়ের মধ্যে সমীক্ষা কাজ সম্পন্ন করতে কিতপয় পদ্ধতি অবলম্বন করেছে যা নিম্নে দেয়া হলো-

### ২.১ নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্য

চলমান প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার কাজ পরিচালনার মাধ্যমে নিম্নলিখিত বিষয়গুলো নিবিড়ভাবে পর্যালোচনা ও পর্যবেক্ষণ করা হয়েছে-

১. অনুমোদিত DPP/RDPP অনুযায়ী প্রকল্পের কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা তা পর্যালোচনার মাধ্যমে যাচাই করা হয়েছে;
২. প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী ইনপুট ও আউটপুট কতটুকু অর্জন করতে সক্ষম হয়েছে তা বিশ্লেষণ ও পর্যালোচনা করা হয়েছে; এবং
৩. প্রকল্পের উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ ও বাস্তবায়নকারী সংস্থার জন্য সুপারিশ প্রদান করা হলো।

### ২.২ নিবিড় পরিবীক্ষণের কার্যপরিধি (ToR) অনুযায়ী

১. প্রকল্পের সম্পূর্ণ এলাকা সমীক্ষার আওতাভুক্ত হিসেবে বিবেচিত হবে;
২. প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা করা হয়েছে;
৩. প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্ম পরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
৪. প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ-ফ্রেমের আলোকে Output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
৫. প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurment) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে সকল বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
৬. প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
৭. প্রকল্পের সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন কি না সে বিষয়ে বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগতমান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না এ বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ ;
৮. প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য, ও সেবা ক্রয়/ সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণ পর্যালোচনা, প্রকল্পের সাইট সিলেকশনে যথার্থতা যাচাই, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
৯. প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১০. উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
১১. প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;
১২. প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;
১৩. প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;
১৪. প্রকল্প ব্যবস্থাপনা, প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
১৫. ইন্টারনাল অডিট পর্যালোচনা;
১৬. এক্সটারনাল অডিট পর্যালোচনা;
১৭. অডিট আপত্তি আছে কিনা, থাকলে কয়টি, বিবরণ কী, জড়িত অর্থের পরিমাণ ইত্যাদি বিশ্লেষণ ও সুপারিশ প্রদান;
১৮. কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলি।

## ২.৩ কৌশলগত পদ্ধতি

প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ পরিচালনার জন্য সকল কার্যক্রম প্রকল্পের উদ্দেশ্য এবং এ সংক্রান্ত কর্মপরিধির আলোকে প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রকল্পের উদ্দেশ্যের আলোকে বর্তমান সমীক্ষার কৌশলগত পদ্ধতি নির্ধারণ করা হয়েছে। যেমন: ১) প্রকল্পের পর্যালোচনা. ২) প্রকল্প বাস্তবায়নের অবস্থা, ৩) প্রকল্পের উদ্দেশ্যাবলী অর্জন পর্যালোচনা. ৪) প্রকল্পের লগ-ফ্রেমের আলোকে আউটপুট পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ, ৫) সমাজসেবা অফিস হতে সেবা গ্রহণকারীদের মতামত পর্যালোচনা, ৬) সমাজসেবা অফিসের কর্মকর্তা/কর্মচারীদের মতামত পর্যালোচনা, ৭) ক্রয় বিধিমালা পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ প্রতিপালন পর্যালোচনা, বিশ্লেষণ ও পর্যবেক্ষণ, ৮) অডিট পর্যালোচনা, ৯) প্রকল্পের সবলদিক, দুর্বল দিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) পর্যালোচনা, বিশ্লেষণ ও পর্যবেক্ষণ, ১০) মাঠ পর্যায়ে নির্মাণ কাজের গুণগত মান পর্যবেক্ষণ এবং ১১) প্রকল্পের প্রয়োজনীয় বিষয়াদি পর্যবেক্ষণ করে প্রতিবেদনে সন্নিবেশন করা হয়েছে-

### ২.৩.১ সমীক্ষার ধারণা

সমীক্ষা কাজটি সম্পাদনের জন্য টার্মস অব রেফারেন্স (ToR)-এ প্রদত্ত গাইডলাইন অনুসরণ করা হয়েছে। গৃহীত সকল কার্যক্রম পর্যায়ক্রমে ও ক্রমানুযায়ী সম্পন্ন করা হয়েছে। প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণের কাজটি নির্ধারিত সময়ে সম্পন্ন করার উদ্দেশ্যে কোন কোন কার্যক্রম যুগোপৎভাবে সম্পাদিত হয়েছে। নিবিড় কার্যক্রমের বিভিন্ন ধাপ ও পর্যায় নিম্নে বর্ণিত হয়েছে এবং চিত্র-১এ দেখানো হয়েছে।

**প্রথম ধাপঃ**

এ পর্যায়ে প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন ও তথ্যাদি সংগ্রহ এবং পর্যালোচনা করা হয়েছে। এছাড়া নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম সম্পাদনের পরিকল্পনা গ্রহণ, নির্দেশক নির্বাচন, তথ্যের উৎস চিহ্নিতকরণ, প্রকল্প এলাকায় নমুনা নির্ধারণ ও বিভিন্ন প্রশ্নমালা ও ছক প্রস্তুত করা হয়েছে।

**দ্বিতীয় ধাপঃ**

এই ধাপে মাঠ পর্যায়ে তথ্য/উপাত্ত সংগ্রহের জন্য লোকবল নিয়োগ ও তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানহয়েছে। এছাড়া প্রস্তুতকৃত প্রশ্নাবলী ও ছকের উপর বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ প্রদত্ত মতামত/পরামর্শ অনুসরণে প্রশ্নাবলী ও ছক চূড়ান্তকরণপূর্বক মাঠ পর্যায়ে তথ্য/উপাত্ত সংগ্রহের পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

**তৃতীয় ধাপঃ**

এই ধাপে তথ্য সংগ্রহকারীগণ মাঠ পর্যায় হতে নির্দিষ্ট পরিকল্পনা ও সময়ানুযায়ী তথ্য/উপাত্ত সংগ্রহ করেছেন। পরামর্শক সমীক্ষা টিম কর্তৃক তথ্য সংগ্রহকারীদের কাজের তদারকি করা হয়েছে। তথ্য সংগ্রহকারীগণ মাঠ পর্যায়ে দ্বৈবচয়নের (Randomly) ভিত্তিতে নির্বাচিতদের নিকট হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করেছেন এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ ও প্রকল্প পরিচালকের অফিস হতে সুনির্দিষ্ট তথ্য/উপাত্ত সংগ্রহ করেছেন।

**চতুর্থ ধাপঃ**

মাঠ পর্যায়ে সংগৃহীত তথ্যে ভুলত্রুটি থাকলে তা সংশোধন করা হয়েছে। সংগৃহীত তথ্য/উপাত্ত সংশোধনের পর সেগুলো সাংকেতিক নাম্বার প্রদান করা হয়েছে এবং সে অনুযায়ী কম্পিউটারে ধারণ করা হয়েছে। পরবর্তীতে সংগৃহীত তথ্য/উপাত্তসমূহের পরিসংখ্যানিক বিশ্লেষণ করা হয়েছে এবং প্রাপ্ত ফলাফল সারণি (টেবিল) আকারে উপস্থাপন করা হয়েছে।

**পঞ্চম ধাপঃ**

এই ধাপে প্রাপ্ত ফলাফলের ওপর ভিত্তি করে খসড়া প্রতিবেদন প্রণয়ন ও দাখিল করা হয়। খসড়া প্রতিবেদন পর্যালোচনার জন্য আইএমইডির নিকট দাখিল করা হয়। খসড়া প্রতিবেদনের ওপর যথাক্রমে প্রথমে টেকনিক্যাল কমিটি ও পরে স্টিয়ারিং কমিটির সুপারিশের ভিত্তিতে চূড়ান্ত খসড়া প্রতিবেদন প্রণয়ন পূর্বক কর্মশালায় উপস্থাপন করা হয়। কর্মশালা হতে প্রাপ্ত মতামত/পরামর্শ/সুপারিশের আলোকে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন ও দাখিল করা হবে।

## ২.৪ নিবিড় পরিবীক্ষণের নির্দেশক নির্বাচন

প্রকল্পের বর্তমান অবস্থা ও পটভূমির সঙ্গে তার নকশা/পরিকল্পনা তথা আরডিপিপি'তে বর্ণিত বিষয়সমূহের চলক (Variable) ও নির্দেশকের (Indicator) মাধ্যমে প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা পরিচালনা করা হয়েছে। নিম্নোক্ত তিনটি পর্যায়ে চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ করা হয়েছে।-

| পরিবীক্ষণের প্রকৃতি | পরীক্ষণীয় বিষয়/ নির্দেশক |
|---|---|
| **(১) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা** | ➤ প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক ও বাস্তব অগ্রগতি পর্যালোচনা;<br>➤ প্রকল্পের আওতায় প্রধান প্রধান কাজের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:<br>➤ অর্থ-বছরভিত্তিক কর্ম-পরিকল্পনা পর্যালোচনা;<br>➤ প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ;<br>➤ প্রকল্প ব্যবস্থাপনা, প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ এবং<br>➤ প্রকল্পের সম্ভাব্য Exit Plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান; |
| **(২) প্রকল্পের সার্বিক কার্যক্রম পর্যালোচনা ও পর্যবেক্ষণ** | ➤ প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য/কার্য ও সেবা সংগ্রহের ক্ষেত্রে ক্রয় আইন পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ এবং প্রযোজ্য গাইডলাইন অনুসরণ করা হয়েছে কিনা তা পর্যালোচনা;<br>➤ অডিট সংক্রান্ত পর্যালোচনা (ইন্টারনাল এবং এক্সটারনাল অডিট)।<br>➤ বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;<br>➤ প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা (যদি থাকে) যেমনঃ অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, বিল পরিশোধ বিলম্ব, পরিচালন পদ্ধতিগত দুর্বলতা, পর্যবেক্ষণ ও পর্যালোচনা। |
| **(৩) প্রকল্পের বর্তমান অবস্থা পর্যবেক্ষণ ( নির্মাণ** | ▪ প্রকল্পের অনুমোদিত ডিজাইন (স্থাপত্য নকশা, কাঠামোগত নকশা, প্লাম্বিং নকশা ও বৈদ্যুতিক নকশা ইত্যাদি) অনুযায়ী প্রকল্পের কাজ বাস্তবায়ন হয়েছে/হচ্ছে কিনা তা মাঠ |

| | |
|---|---|
| **কাজের গুণগত মান যাচাই)** | পর্যায়ে পর্যবেক্ষণ;<br>▪ নির্মাণ কাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর (ইট, পাথর, বালু, সিমেন্ট, রেইনফোর্সমেন্ট ইত্যাদি) গুণগতমান যাচাই করা এবং নির্মিত স্থাপনার গুণগত মান পর্যবেক্ষণ এবং<br>▪ ঠিকাদার কর্তৃক কংক্রিট এর বিভিন্ন টেস্ট রিপোর্ট (সয়েল টেস্ট, রেইনফোর্সমেন্ট টেস্ট, স্লাম্প/সিলিন্ডার টেস্ট ইত্যাদি) পর্যালোচনা ও পর্যবেক্ষণ। |

*উপরে বর্ণিত পরিবীক্ষণীয় বিষয়/নির্দেশক সংক্রান্ত তথ্য ও উপাত্ত সংগ্রহপূর্বক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা করে প্রতিবেদনে সন্নিবেশন করা হয়েছে।

## ২.৫ সমীক্ষার কর্ম-পদ্ধতি (Methodology)

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার তথ্য-উপাত্ত সংগ্রহের জন্যে সংখ্যাগত (Quantitative) ও গুণগত (Qualitative) সমীক্ষা এবং secondary source হতে তথ্য সংগ্রহ করা হয়েছে। নিম্নে এ বিষয়ে আলোচনা করা হলো।

**সংখ্যাগত সমীক্ষা জরিপ:** যেকোন সুপরিকল্পিত ও সুসমন্বিত নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার ক্ষেত্রে সংখ্যাগত জরিপের মাধ্যমে অভিষ্ট তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়েছে।

**সংখ্যাগত জরিপের নমুনার আকার (Sample Size) :** প্রকল্পের সুবিধাভোগী (Beneficiary) নির্বাচনের জন্যে একটি বহু-পর্যায়ী স্তরিত নমুনায়ন (Multi-Stage Stratified Sampling) পদ্ধতি অনুসরণ করে সুবিধাভোগীদের নমুনার আকার নিম্ন বর্ণিত ফরমূলাটি ব্যবহার করে নির্ধারণ করা হয়েছেঃ-

$$n = \frac{z^2pq}{e^2}$$

যেখানে,

n = সংগৃহীতব্য নমুনার সংখ্যা;

z = নরম্যাল ভারিয়েট, ৫% সিগনিফিকেন্ট লেভেল এবং কনফিডেন্স ইন্টারভেলেন্স এ- ১.৯৬;

p = অনুমিত অনুপাত লক্ষ্যমাত্রা। প্রকল্পটি বাস্তবায়নের ফলে অনুমান করা যেতে পারে প্রকল্প এলাকার ৫০% সুফলভোগী প্রকল্পের সুবিধা পেয়েছেন অর্থাৎ এ ক্ষেত্রে p = ০.৫০;

q = ১ – p = ০.৫০।

e = ভুলের সীমা রেখা (margin of error), যার মান ৫% ধরা হয়েছে অর্থাৎ e =০.০৫;

$d^{eff}$ = Design effect সমীক্ষার প্রয়োজনে ক্লাস্টার/স্তর ভিত্তিক র‌্যানডম নমুনা সংগ্রহের মিশ্র পদ্ধতি ব্যবহারে ভুলের সম্ভাবনা থাকায় ডিজাইন এফেক্ট এর মান ৫% ধরা হয়েছে।

সুতরাং

$$n = \frac{1.96^2 \times 0.5 \times 0.5}{0.05^2}$$

=৪০৩

### ২.৫.১ সমীক্ষার নমুনা নির্ধারণ বিস্তার

"৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়ে ২২ জেলা) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার বিভাগ ভিত্তিক বন্টন নিচের সারণি-৩.১ এ প্রদান করা হয়েছে। মোট ৮টি বিভাগের মধ্য থেকে প্রকল্পভুক্ত ২২ টি জেলা অর্থাৎ শতভাগ (১০০%) জেলা নির্বাচন করা হয়েছে। নমুনা সংগ্রহের জন্য বিভাগ অনুযায়ী নমুনার সংখ্যা নিম্নের সারণি-৩.১ এ প্রদান করা হয়েছে। সুবিধাভোগীদের জরিপের প্রশ্নপত্র **সংযুক্তি ১ এবং ২** এ প্রদান করা হয়েছে।

### ২.৫.২ নমুনার বিস্তার

ঢাকা ও চট্টগ্রাম বিভাগ থেকে ৪টি করে জেলা এবং রাজশাহী, রংপুর ও সিলেট থেকে ৩টি জেলা, ময়মনসিংহ ও বরিশাল বিভাগ থেকে ২টি করে এবং খুলনা বিভাগ থেকে ১টি জেলা প্রকল্পের অন্তর্ভুক্ত আছে। যা (সারণি-৩.১) দেয়া হয়েছে। প্রকল্পের অন্তর্ভুক্ত জেলা সমাজসেবা অফিস থেকে সেবা গ্রহণ করে এমন ৬ ক্যাটাগরির প্রতি ক্যাটাগরি থেকে ২জন করে এবং জেলা সমাজ সেবা অফিসের ৬-৭ জন কর্মকর্তাদের থেকে সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে। প্রকল্পের আওতায় ২২ জেলা থেকে জেলা সমাজসেবা কর্মকর্তা ১৩৯ জন এবং সেবা গ্রহীতা ২৬৪ জন মোট ৪০৩ জন সুবিধাভোগীর তথ্য সংগ্রহ করা হয়েছে। নিম্নের সারিণ ২.৫.২ এ নমুনার শ্রেণিবিন্যাস বিস্তারিত দেয়া হলো।

সারণি-২.৫.২: নমুনা সংগ্রহের বিভাগ, জেলা ও বিভিন্ন শ্রেণির উত্তরদাতার শ্রেণিবিন্যাস

| **বিভাগের নাম** | **জেলার নাম** | **সুবিধাভোগী জেলা সমাজ সেবা অফিসর কর্মকর্তা** | **সুবিধাভোগী (সেবা গ্রহীতা)** | | | | | | **মোট** |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | **দুস্থ ও অসচ্ছল মহিলা ভাতা** | **বয়স্ক ভাতা** | **প্রতিবন্ধী ভাতা** | **হিজলা ভাতা** | **মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা** | **মহিলা ট্রেড কোর্স** | |
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** | **৭** | **৮** | **৯** | **১০** |
| **ঢাকা** | ১. ঢাকা | ৭ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১৯ |
| | ২. ফরিদপুর | ৬ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১৮ |
| | ৩. গোপালগঞ্জ | ৬ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১৮ |
| | ৪. কিশোরগঞ্জ | ৬ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১৮ |
| **ময়মনসিংহ** | ১. ময়মনসিংহ | ৭ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১৯ |
| | ২. নেত্রকোণা | ৬ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১৮ |
| **চট্টগ্রাম** | ১. কুমিল্লা | ৭ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১৯ |
| | ২. ব্রাহ্মণবাড়ীয়া | ৬ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১৮ |
| | ৩. চট্টগ্রাম | ৬ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১৮ |
| | ৪ নোয়াখালী | ৬ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১৮ |
| **খুলনা** | ১. খুলনা | ৬ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১৮ |
| **রাজশাহী** | ১. চাপা.নবাবগঞ্জ | ৭ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১৯ |
| | ২. সিরাজগঞ্জ | ৬ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১৮ |
| | ৩. রাজশাহী | ৬ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১৮ |
| **রংপুর** | ১. রংপুর | ৭ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১৯ |
| | ২. লালমনিরহাট | ৬ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১৮ |
| | ৩. দিনাজপুর | ৬ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১৮ |
| **সিলেট** | ১. সুনামগঞ্জ | ৬ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১৮ |
| | ২. সিলেট | ৭ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১৯ |
| | ৩. হবিগঞ্জ | ৬ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১৮ |
| **বরিশাল** | ১. বরিশাল | ৭ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১৯ |
| | ২. ঝালকাঠী | ৬ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১৮ |
| **৮** | **২২** | **১৩৯** | **৪৪** | **৪৪** | **৪৪** | **৪৪** | **৪৪** | **৪৪** | **৪০৩** |

### ২.৫.৩ জরিপ কার্যক্রম পরিচালনা

ক) **নিবিড় আলোচনা (Key Informant Interview)**

প্রকল্পের কার্যকারিতা, প্রকল্প বাস্তবায়নে অসুবিধা, বছরভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন, পণ্য ও পূর্ত কাজ ক্রয় পরিকল্পনা, অডিট (ইন্টানাল, এক্সটারনাল) সংক্রান্ত, প্রকল্পের বর্তমান অবস্থা, নির্মাণ কাজের গুণগতমান, সমস্যা, ঝুঁকি, দুর্বলতা, সম্ভাবনা ইত্যাদি তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়. সমাজসেবা অধিদফতর, আইএমইডি, প্রকল্প পরিচালক এবং প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সাথে ৫টি নিবিড় আলোচনা (Key Informant Interview) KII করা হয়েছে। এ ছাড়াও প্রকল্পের আওতায় ২২ জেলায় নির্মাণ কাজে নিয়োজিত গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তাদের থেকে ২২টি এবং ঠিকাদারী প্রতিষ্ঠানের ব্যক্তিদের সাথে ২২টি করে সর্বমোট ৫০টি কেআইআই করা হয়েছে। নিবিড় আলোচনার জন্য নির্বাচিত ব্যক্তিবর্গ এবং কেআইআই এর চেকলিষ্ট **সংযোজনী-৩-৫** এ প্রদান করা হয়েছে।

খ) **এফজিডি আলোচনা (Focus Group Discussion)**

চলমান প্রকল্প বাস্তবায়নের ফলে সুফলভোগীরা কতটুকু উপকৃত হবে, জেলা সমাজসেবা কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের অফিস/বাসস্থানের সমস্যা সমাধান কতটুকু হবে, জেলা সমাজসেবা অধিদফতরের সকল প্রোগ্রামসমূহ কতটুকু সুনিপুনভাবে সেবা দিতে সক্ষম হবে, নির্মাণ কাজের গুণগত মান এবং স্থানীয় উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি কতটুকু হয়েছে বা হবে তা নিরুপণ করার জন্য প্রকল্পের আওতায় ৮টি বিভাগের প্রতিটি বিভাগে ১টি করে সর্বমোট ৮টি FGD পরিচালনা করা হয়েছে। এফজিডিতে সেবা গ্রহণকারী ছাড়াও প্রকল্প সংশ্লিষ্ট প্রতিনিধি, ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি এবং অন্যান্য ব্যক্তিবর্গক উপস্থিত ছিলেন। প্রতিটি এফজিডি ১০-১২ জন সদস্য ছিলেন। এফজিডি'র চেকলিষ্ট **সংযোজনী-৬ এ** প্রদান করা হয়েছে।

**গ) সরেজমিনে মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ**

প্রকল্পের উপাদানসমূহের মাঠ পর্যায়ে ২২টি জেলার (ঢাকা, ফরিদপুর, গোপালগঞ্জ,কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোণা, চট্রগ্রাম, কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া, নোয়াখালী, সিলেট, হবিগঞ্জ, সুনামগঞ্জ, রংপুর, লালমনিরহাট, দিনাজপুর, রাজশাহী, সিরাজগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, খুলনা, বরিশাল এবং ঝালকাঠি জেলা) যে সমস্ত জায়গায় অবকাঠামো/উন্নয়ন কাজ চলমান রয়েছে সে সমস্ত জায়গায় অবকাঠামো/উন্নয়ন কাজ পর্যবেক্ষণ/যাচাইকরণ/পরিবীক্ষণসহ সংশ্লিষ্ট কাজের প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হয়েছে। চলমান নির্মাণ কাজের গুণগত মান বজায় থাকছে কিনা তা পর্যবেক্ষণ/যাচাই পূর্বক সুপারিশ প্রণয়ন করা হয়েছে।

**ঘ) স্থানীয় পর্যায়ে কর্মশালা**

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষাকালীন স্থানীয় পর্যায়ের কর্মশালা বরিশাল সমাজসেবা কমপ্লেক্সের অফিস রুমে স্থানীয় কর্মকর্তা/কর্মচারী ও সুবিধাভোগী (মুক্তিযোদ্ধা, হিজড়া, দুস্থ মহিলা, প্রতিবন্ধী) উপস্থীতিতে এবং "zoom" ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠিত হয়েছে। স্থানীয় পর্যায়ে কর্মশালার ফলাফল প্রতিবেদনের ৩.২৩ অনুচ্ছেদে অন্তর্ভুক্ত করা হয়েছে।

**সারণি-২.৫.৩: তথ্যদাতার প্রকার অনুসারে তথ্যদাতার সংখ্যা, স্থান ও তথ্য সংগ্রহ উপকরণ**

**ক) পরিমাণগত তথ্যসংগ্রহের উৎস এবং আকার**

| **ক্রঃ নং** | **তথ্য সংগ্রহ উপকরণ** | **তথ্যসংগ্রহের স্থান** | **তথ্যদাতা** | **তথ্যদাতার** সংখ্যা |
|---|---|---|---|---|
| **০১** | সমীক্ষা প্রশ্নপত্র | প্রকল্প এলাকা | প্রকল্পের সুবিধাভোগী সেবা গ্রহীতা | ২৬৪জন |
| **০২** | সমীক্ষা প্রশ্নপত্র | প্রকল্প এলাকা | জেলা সমাজ সেবা অফিসের কর্মকর্তাগণ | ১৩৯ জন |
| **মোট সুবিধাভোগী** | | | | **৪০৩ জন** |
| **(খ) গুণগত তথ্যসংগ্রহের উৎস এবং আকার** | | | | |
| **ক্রঃ নং** | **চেকলিষ্ট/** কাঠামোগত | **তথ্যদাতা** | | **তথ্যদাতার সংখ্যা** |

| | | | |
|---|---|---|---|
| | প্রশ্নপত্র | | |
| ০২ | KII চেকলিষ্ট | • প্রকল্প পরিচালক-১টি<br>• সমাজসেবা অধিদফতর, আইএমইডি ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়-৪টি<br>• ২২ জেলায় গণপূর্ত অধিদপ্তর এর কর্মকর্তাবৃন্দ-২২টি<br>• ঠিকাদার প্রতিষ্ঠানের ব্যক্তিবর্গ-২২টি | ৫০ জন |
| ০৩ | এফজিডি চেকলিষ্ট/ গাইড লাইন | প্রকল্পের উপকারভোগি, প্রকল্প সংশ্লিষ্ট প্রতিনিধি, ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, স্থানীয় পরিষদের সদস্য, ব্যবসায়ীদের নিয়ে ৮বিভাগে ৮টি এফজিডি করা হয়েছে, প্রতিটি এফজিডিতে ১০/১২ জন অংশগ্রহণকারী ছিলেন। | ৮টি এফজিডি প্রতি এফজিডিতে ১০/১২ জন তথ্যদাতা উপস্থিত ছিলেন |
| ০৪ | সরেজমিনে পরিদর্শন | প্রকল্প এলাকা | ২২টি জেলা |
| ০৫ | স্থানীয় পর্যায়ে সমীক্ষার বিষয়বস্তু উপস্থাপনাসহ কর্মশালা | বরিশাল সমাজসেবা কমপ্লেক্সের অফিস রুমে স্থানীয় কর্মকর্তা/কর্মচারী ও সুবিধাভোগী (মুক্তিযোদ্ধা, হিজড়া, দুস্থ মহিলা, প্রতিবন্ধী) উপস্থীতিতে এবং “zoom” ভিডিও কনফারেন্সের মাধ্যমে সেক্টর-০৮, আইএমইডির প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করেছেন। | ১টি (৪০ জন) |
| ০৬ | জাতীয় সেমিনারে সমীক্ষার চূড়ান্ত খসড়া প্রতিবেদন উপস্থাপন ও মতামত গ্রহণ | আইএমইডি, পরিকল্পনা কমিশন, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং জাতীয় পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে। | ১টি (৮০ জন) |

## ২.৬ সেকেন্ডারী তথ্য /উপাত্ত সংগ্রহ

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার জন্য প্রয়োজনীয় প্রশ্নাবলি বা চেকলিষ্ট প্রণয়েনর মাধ্যমে সেকেন্ডারী তথ্য ও উপাত্ত সংগ্রহ করা হয়েছে। এছাড়াও প্রকল্প পরিদর্শন প্রতিবেদন, অগ্রগতি প্রতিবেদন ও পরিবীক্ষণ প্রতিবেদন ইত্যাদি প্রকল্প অফিস থেকে তথ্য সংগ্রহপূর্বক বিশ্লেষণ ও পর্যালোচনা করে প্রতিবেদনে সন্নিবেশন করা হয়েছে।

## ২.৭ প্রকল্প বাস্তবায়ন ব্যবস্থাপনা (Project Management Issue) পর্যালোচনা

প্রকল্পটি প্রণয়নের পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, বৎসরভিত্তিক বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় ইত্যাদি কার্যক্রমের তথ্যাদি প্রকল্প পরিচালকদের সাথে আলোচনা এবং সংশ্লিষ্ট নথিপত্রাদি পর্যালোচনা করে নির্ণয় করা হয়েছে। একই সাথে প্রকল্প বাস্তবায়নের জন্য অর্থায়ন, পণ্য ক্রয়ে বিলম্ব এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় হ্রাস/বৃদ্ধিসহ বিভিন্ন দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনাপূর্বক প্রতিবেদনে প্রতিফলিত করা হয়েছে।

## ২.৮ প্রকল্পের সবল ও দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ

প্রকল্প মূল্যায়ন কর্মপরিকল্পনায় যে সকল তথ্য উপাত্ত সংগ্রহ এবং বিশ্লেষণের প্রস্তাব করা হয়েছে সে সকল তথ্য উপাত্ত সংগ্রহ এবং SWOT Matrix অনুসরণপূর্বক বিশ্লেষণ করে প্রকল্পটির সবল ও দূর্বলদিক, সুযোগ ও ঝুঁকিসমূহ সনাক্তকরন এবং ভবিষ্যতে একই ধরনের প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য যথোপযুক্ত সুপারিশ প্রদান করা হয়েছে।

## ২.৯ তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা ও তথ্য বিশ্লেষণ

পরামর্শকদের সরাসরি তত্বাবধান ও নির্দেশনা অনুসারে সকল তথ্য সংগ্রহ করা হয়েছে।

**তথ্য-সংগ্রহকারীদের নিয়োগ ও প্রশিক্ষণ এবং তথ্য-উপাত্ত সংগ্রহ কাজ পরিবীক্ষণ:** সংখ্যাগত এবং গুণগত সমীক্ষা পরিচালনার জন্য প্রণীত প্রশ্নমালা/নির্দেশনা/চেকলিস্ট স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদনের পর স্নাতক ডিগ্রী এবং তথ্য সংগ্রহে কমপক্ষে ৫ বছর অভিজ্ঞতা সম্পন্ন ৪জন তথ্য সংগ্রহকারী ও ২ জন সুপারভাইজার নিয়োগ করে ২ দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অতঃপর তাদেরকে নির্বাচিত নমুনা সংগ্রহের এলাকায় প্রেরণ করা হয় এবং তারা নির্দিষ্ট এলাকায় তথ্য-

উপাত্ত সংগ্রহ করেন। টীম লিডার ও পরামর্শকবৃন্দ সমীক্ষা এলাকা পরিদর্শন করে নির্বিঘ্নে ও সুষ্ঠুভাবে উপাত্ত সংগ্রহের কাজ সম্পন্ন করতে সহায়তা করেন এবং সংগৃহীত উপাত্তের কাঙ্খিত মান অর্জন নিশ্চিত করেন। সারণি-২.৯.১-এ উপাত্ত সংগ্রহ ও মান নিয়ন্ত্রণের জন্যে যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা দেখানো হলো।

সারণি-২.৯.১: উপাত্ত সংগ্রহ ও মান নিয়ন্ত্রণের কার্যক্রমসমূহ

| | |
|---|---|
| ১. নিয়োগ ও প্রশিক্ষণ পর্যায় | • অভিজ্ঞ ও দক্ষ তথ্য-সংগ্রহকারী নিয়োগ প্রদান ;<br>• তথ্য-সংগ্রহকারীগণকে প্রশিক্ষণ প্রদান;<br>• মাঠ পর্যায়ে অনুশীলন। |
| ২. তথ্য সংগ্রহ পর্যায় | • সমীক্ষা টীমের উপস্থিতি মনিটর করা ;<br>• সাক্ষাৎকার গ্রহণ সরাসরি পর্যবেক্ষণ;<br>• সাক্ষাৎকার চলাকালীন বা পরবর্তী যাচাইকরণ (৫% নমুনা দৈব-চয়নের মাধ্যমে পরীক্ষা করা);<br>• 'জানিনা' উত্তরসমূহ (non-responsive) দৈব-চয়নের মাধ্যমে মাঠ-পর্যায়ে পরীক্ষা করা;<br>• সংগৃহীত অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ তথ্য পুনঃসংগ্রহের ব্যবস্থা করা; এবং<br>• তথ্য বাদ যাওয়া (missing) নিয়ন্ত্রণ করা। |
| ৩. উপাত্ত প্রক্রিয়াকরণ পর্যায় | • অশোধিত তথ্য-উপাত্ত (raw data) পরবর্তীতে সম্পাদনা (editing) করা;<br>• উপাত্ত পরিমার্জন ও সংশোধন; এবং<br>• কম্পিউটারে উপাত্ত প্রক্রিয়াকরণের পূর্বে ক্রস-চেকিং করা। |

## ২.১০ তথ্য সম্পাদনা ও কোডিং

পূরণকৃত প্রশ্নমালা পরামর্শক কর্তৃক সম্পাদনা করে ফক্সপ্রো প্রোগ্রামে ডাটা এন্ট্রি করা হয়েছে।

## তথ্য বিশ্লেষণ এবং প্রতিবেদন প্রণয়ন

তথ্য বিশ্লেষণ এবং প্রতিবেদন তৈরির জন্য প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করে সংগৃহীত তথ্য এসপিএসএস সফটওয়্যারের মাধ্যমে বিশ্লেষণ করে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

### ২.১০.১ তথ্য-উপাত্ত প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ

কম্পিউটারের মাধ্যমে উপাত্ত প্রক্রিয়াকরণ সম্পন্ন করা হয়েছে। মাঠ হতে সংগৃহীত তথ্য-উপাত্ত পরিশুদ্ধ করা হয়েছে এবং সেগুলো কম্পিউটারে এন্ট্রির মাধ্যমে রেকর্ড করা হয়েছে। উপাত্ত প্রক্রিয়ার জন্য প্রধানত SPSS version এবং ক্ষেত্র বিশেষে Microsoft Access ও Microsoft Excel ব্যবহার করা হয়েছে। যথাযথ Tabulation-এর সাহায্যে প্রক্রিয়াকৃত উপাত্ত ও ফলাফল সারণি, গ্রাফ ও চার্ট আকারে উপস্থাপন করা হয়েছে এবং সেগুলো সমীক্ষার বিশ্লেষণ ও ব্যাখ্যার জন্য প্রতিবেদনের যথাস্থানে ব্যবহার করা হয়েছে।

## ২.১১ সমীক্ষার কর্ম-পরিকল্পনা

গত ২৪/০১/২০২১ তারিখে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ণ বিভাগ, সেক্টর-০৮ এর মহাপরিচালক মহোদয়ের সাথে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী আগামি ১৮/০৬/২০২১ তারিখের মধ্যে নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা কার্যক্রম সমাপ্তের লক্ষ্যে একটি সময়ভিত্তিক কর্ম-পরিকল্পনা নিম্নে দেওয়া হলো-

সারণি-২.১১.১: সময় ভিত্তিক কর্ম-পরিকল্পনা

| ক্রমিক নং | কার্যাবলী | সময় |
|---|---|---|
| ১) | চুক্তি স্বাক্ষর | ২৪/০১/২০২১ |
| ২) | খসড়া প্রারম্ভিক প্রতিবেদন প্রণয়ন ও দাখিল এবং খসড়া প্রারম্ভিক প্রতিবেদনের ওপর টেকনিক্যাল কমিটি সভার আলোচনা ও সিদ্ধান্ত | ১৭-০২-২০২১ |
| ৩) | স্টিয়ারিং কমিটির সভার জন্য খসড়া প্রারম্ভিক প্রতিবেদন প্রণয়ন ও দাখিল | ১৮/০২/২০২১-১০/০৩/২০২১ |
| ৪) | প্রারম্ভিক প্রতিবেদন অনুমোদনের জন্য দাখিল | ১১/০৩/২০২১- ১৫/০৩/২০২১ |
| ৫) | তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ/তথ্য সংগ্রহ ও কার্যক্রম পরিদর্শন | ১৬/০৩/২০২১- ১১/০৪/২০২১ |

| | | |
|---|---|---|
| ৬) | ডাটা এন্ট্রি, ভেরিফিকেশন, ডাটা প্রসেসিং ও ডাটা এনালাইসিস | ১২/০৪/২০২১- ২৪/০৫/২০২১ |
| ৭) | ১ম খসড়া প্রতিবেদন দাখিল ও টেকনিক্যাল কমিটি সভা কর্তৃক ১ম খসড়া প্রতিবেদন পর্যালোচনা | ২৫/০৫/২০২১- ২৮/০৫/২০২১ |
| ৮) | স্টিয়ারিং কমিটি কর্তৃক ১ম খসড়া প্রতিবেদন পর্যালোচনা ও সংশোধন | ২৯/০৫/২০২১- ১০/০৬/২০২১ |
| ৯) | ২য় খসড়া প্রতিবেদন দাখিল ও ২য় খসড়া প্রতিবেদন জাতীয় কর্মশালায় উপস্থাপন | ১১/০৬/২০২১- ১৩/০৬/২০২১ |
| ১০) | কর্মশালার মতামতের ভিত্তিতে খসড়া প্রতিবেদন চূড়ান্তকরণ | ১৪/০৬/২০২১- ১৮/০৬/২০২১ |
| ১১) | চূড়ান্ত প্রতিবেদন প্রিন্ট ও দাখিল | ১৯/০৬/২০২১-৩০/০৬/২০২১ |

# তৃতীয় অধ্যায়

## ফলাফল পর্যালোচনা

### ৩.০ প্রকল্প বাস্তবায়নে সংক্ষিপ্ত বিবরণ

৬৪ জেলার মধ্যে প্রথম পর্যায়ে ২২টি জেলায় ৬ তলা ফাউন্ডেশন বিশিষ্ট ৬ তলা সমাজসেবা কমপ্লেক্স ভবন নির্মাণের কাজ চলমান রয়েছে। প্রতিটি ভবনের আয়তন প্রায় ৩৬০০০ বর্গফুট। সমস্ত জেলার জন্য একই টাইপের নকশা প্রণয়ন করা হয়েছে। তবে জমির সাইজের কারণে নকশা সামান্য পরিবর্তন করা হয়েছে (লালমনিরহাট ও রংপুর)। জমির স্বল্পতার কারণে খুলনায় একই আয়তনের ৭ তলা বিশিষ্ট ভবন নির্মাণ করা হয়েছে। প্রতি ভবনের জন্য আদর্শ জমির পরিমাণ ৫৪ শতাংশ। কোন কোন স্থানে জমির সাইজের কারণে মিরর ইমেজ এ ভবন নির্মাণ করতে বা ভবনের দিক পরিবর্তন করতে হয়েছে। মোট ৯টি জেলায় পাইল ফাউন্ডেশন এবং ০১টি জেলায় ম্যাট ফাউন্ডেশন করা হয়েছে। বর্তমানে ১৭টি জেলায় কাজ কম/বেশী শেষ পর্যায়ে আছে। ৪টি জেলার ভবনের নির্মাণ কাজ ১/২/৩ তলার পর্যায় আছে। ১টি জেলা (কুমিল্লা) এর দরপত্র চূড়ান্ত করণের কাজ চলছে, নির্মাণ কাজ শুরু হয় নাই। প্রতিটি ভবনে দুইটি লিফটের ব্যবস্থা আছে। এখনও কোন লিফটের দরপত্র আহবান করা হয় নাই। প্রতিটি ভবনে PABX, INTERNET, WIFI, COMPUTER NETWORKING, 22TON A/C ব্যবস্থা রাখা হয়েছে। বর্তমানে কর্তৃপক্ষ CCTV এর জন্য চাহিদা দিয়েছেন। কোন ভবনেই পার্কিং-এর ব্যবস্থা নেই বা গাড়ীর গ্যারেজ নেই। বাউন্ডারী ওয়াল, আন্ডার গ্রাউন্ড পানির ট্যাংক, ডিপটিউব ওয়েল ও পাম্প হাউজের ব্যবস্থা আছে। সাবস্টেশন, জেনারেটর এর সংস্থান রাখা হয়েছে। স্থাপত্য নকশা পর্যালোচনা করে দেখা যায় যে, ৫ম তলায় রেস্ট হাউজ/রুম আছে যেখানে ভাড়ার বিনিময়ে থাকার ব্যবস্থা থাকবে। ৬ তলায় মিটিং রুম বা কনফারেন্স রুম ভাড়া দেয়ার ব্যবস্থা আছে। জেলা পর্যায়ের কর্মরত মা ও শিশুদের উপযুক্ত পরিবেশ সৃষ্টির কথা উল্লেখ থাকলেও তাদের জন্য ভবনে কোন বিশেষ ব্যবস্থা রাখা হয়নি যা প্রকল্পের অন্যতম উদ্দেশ্য । এছাড়াও প্রতিবন্ধীদের জন্য বাথরুমে রেলিং বা হ্যান্ডেল দেয়া হয়নি।

### ৩.১ ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা

Establishment of District Social Services Complex and Day-Care Center (64 Unit) নামে প্রকল্পটি সর্বপ্রথম ২০১০ সালে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের যাচাই বাছাই কমিটি কর্তৃক অনুমোদন পায়। পরবর্তীতে জানুয়ারি ২০১৪ সালে Establishment of District Social Services Complex in 64 Disctricts ( 1st phase 22 District) নামে প্রকল্পটি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের সুপারিশ করা হয়। গত ২৯.০৮.২০১৭ তারিখে একনেক সভা কর্তৃক প্রকল্পের ডিপিপি অনুমোদন হয় কিন্তু অনুমোদনের জিও ১৫.০২.২০১৮ তারিখে ইস্যু করা হয়। দেখা যায় যে, প্রকল্প অনুমোদনের ৬ মাস পরে জিও টি জারি করা হয়। ২০১০ সালে প্রকল্পটি প্রাথমিকভাবে শুরু হওয়ার পর ২০১৭ সালে বাস্তবে রূপ নেয়ার জন্য প্রায় ৭ বৎসর সময় নেয়।

প্রকল্পের জেলা নির্বাচনের ক্ষেত্রে যে জেলায় বাড়ি ভাড়া বেশি এবং সহজে নিজস্ব জমি পাওয়া যাবে সেই সকল জেলাকে অগ্রাধিকার দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।

- মূল ডিপিপি থেকে আরডিপিপিতে ১১.২৭% ব্যয় এবং ৩৩.৩৩% সময় বৃদ্ধি পেয়েছে যার থেকে প্রতীয়মান হয় যে, মূল ডিপিপি'তে মেয়াদ ও প্রাক্কলন যথার্থ ছিল না।
- প্রকল্প গ্রহণের পূর্বে বেজলাইন সার্ভে ও ফিজিবিলিটি স্টাডি/নীড এসেসমেন্ট করা হয়নি। এর ফলে প্রকল্প গ্রহণকালীন প্রকল্পের চাহিদা সম্পর্কিত কোন তথ্য পাওয়া যায়নি। এছাড়াও বেজলাইন সার্ভে ও ফিজিবিলিটি স্টাডি/নীড এসেসমেন্ট করা হলে ভূমি সক্রান্ত সমস্যাগুলি পূর্বেই জানা যেত এবং প্রকল্পের সময় নির্ধারণ করা যুক্তিসঙ্গত হতো।
- আরডিপিপিতে উল্লিখিত বছরভিত্তিক যে ভৌত ও আর্থিক টার্গেট/ লক্ষ্যমাত্রা দেয়া আছে তা বাস্তব সম্মত মনে হয়নি। কারণ ২০১৭-২০১৮-২০১৯ পর্যন্ত ৩ অর্থ-বছরের প্রকল্পের আর্থিক লক্ষ্যমাত্রা ৮,৮১২.৭৮ লক্ষ টাকা নির্ধারণ করা হয়েছে যা মোট প্রকল্প ব্যয়ের মাত্র ২৪.৫৬% যা খুবই কম। কিন্তু প্রকল্প মেয়াদের শেষ অর্থ-বছর ২০২০-২০২১ এ প্রকল্পের

আওতায় ২৭,৮২১.৭৩ লক্ষ টাকা নির্ধারণ করা হয়েছে যা মোট প্রকল্প ব্যয়ের ৭৫.৪৪% যা পূর্বের বছরভিত্তিক ব্যয় হিসেবে অনেক বেশি এবং বিগত বছরের আর্থিক লক্ষ্যমাত্রার সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।

- ডিপিপি প্রণয়নকালীন প্রকল্পের নির্মাণ কাজের লে-আউট ড্রয়িং এর পাশাপাশি বিস্তারিত স্থাপত্য নকশাসহ (Working Drawing) ডিপিপি প্রণয়ন করা উচিত। কারণ, স্থাপত্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর কর্তৃক অনেক পরে বিস্তারিত নকশা পাওয়ার পর, প্রকল্পের মূল্য পরিবর্তনসহ নানা ধরনের জটিলতা সৃষ্টি হয়, যা এ প্রকল্পেও দৃশ্যমান। সঠিক সময়ে, দু'টি বিভাগের মধ্যে সমন্বয়ের মাধ্যমে, স্ট্রাকচারাল, আর্কিটেকচারাল ও E/M ড্রইংসহ ডিপিপি প্রণয়ন করা হলে এ সমস্যার একটি স্থায়ী সমাধান হওয়া সম্ভব এবং সময় সম্পর্কে সম্যক ধারণা পাওয়া যাবে।
- ডিপিপি/আরডিপিপি আরও বাস্তবসম্মত হওয়া দরকার ছিল। প্রকল্পের সময় নির্ধারণ, ডিপিপি/আরডিপিপিতে ক্রয় পরিকল্পনার প্যাকেজ সঠিকভাবে নির্ধারণ করা হয়নি।

## ৩.২ অর্থবছর ভিত্তিক এডিপি/আরএডিপি'তে অর্থ বরাদ্দ, অর্থছাড় ও প্রকৃত ব্যয় পর্যালোচনা

"৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায় ২২ জেলা)" শীর্ষক প্রকল্পের অর্থবছর ভিত্তিক ডিপিপি/আরডিপিপির সংস্থান, এডিপি তে অর্থ বরাদ্দ, অর্থছাড় ও প্রকৃত ব্যয় পর্যালোচনা ও বিশ্লেষণ করা হয়েছে। দেখা যায় যে, ডিপিপির সংস্থান অনুযায়ী এডিপিতে ২০১৭-১৮-১৯ অর্থবছরের অনেক কম বরাদ্ধ দেয়া হয়েছে যা সম্পূর্ণ খরচ হয়নি। প্রকল্পের শুরুতে ২০১৭-১৮ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ও অর্থছাড় হলেও মোট প্রকল্প ব্যয়ের মাত্র ০.৪৭% অর্থ ব্যয় হয়েছে যা খুবই নগণ্য। এছাড়া ২০১৮-১৯ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ও অর্থছাড় হলেও মোট প্রকল্প ব্যয়ের মাত্র ৭.০৮% অর্থ ব্যয় হয়েছে। অর্থাৎ প্রকল্প মেয়াদের ২/৩ ভাগ সময় শেষ হওয়ার পর মাত্র ৭.৫৫% অর্থ ব্যয় হয়েছে। যা অত্যন্ত অস্বাভাবিক বলে প্রতীয়মান হয়।

পরবর্তীতে ২০১৯-২০ অর্থবছরে বাস্তবতার কারণে ডিপিপি সংশোধন করে আরডিপিপি অনুমোদন করা হয়। সে অনুযায়ী ২০১৯-২০ অর্থবছরে এডিপিতে ৬৫৩৫.০০ লক্ষ টাকা সংস্থান রাখা হয় ও ৬৪১৫.৪৫ লক্ষ টাকা ব্যয় হয়। অর্থাৎ বরাদ্দ, অর্থছাড় ও ব্যয় যথা সময়ে হয়েছে। চলতি ২০২০-২০২১ অর্থ-বছরের এডিপি/আরএডিপি বরাদ্দ ছিল ৯৫৮০.০০ লক্ষ টাকা এবং ৯৫৮০.০০ লক্ষ টাকাই অর্থ-ছাড় হয়েছে কিন্তু প্রকৃত ব্যয় করা হয়েছে ৭৭১০.৪৮ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ২১.০৪ %। মে-২০২১ পর্যন্ত প্রকল্পের মোট প্রকৃত ব্যয় ৪৬.১০ % যা সন্তোষজনক নয়। কিন্তু লক্ষণীয় যে আরডিপিপিতে ২০২০-২১ অর্থ বছরের সংস্থান রাখা হয়েছিল ২৭৮২১.৭৩ লক্ষ টাকা। আশা করা হয়েছিল জুন ২০২১ এর মধ্যে প্রকল্পটি শেষ হবে যা বাস্তবে একেবারেই প্রতিফলিত হয়নি। বিস্তারিত নিম্নের সারণি ৩.২.১ এ দেয়া হলো।

সারণি. ৩.২.১ এডিপি/আরএডিপি'তে অর্থ বরাদ্দ, অর্থছাড় ও প্রকৃত ব্যয় লক্ষ টাকা

| অর্থবছর | ডিপিপি/টিপিপি/ আরডিপিপি সংস্থান | এডিপি/আরএডিপি বরাদ্দ | অর্থ ছাড় | প্রকৃত ব্যয় | মে-২০২১ পর্যন্ত প্রকৃত ব্যয় (মোট প্রকল্প ব্যয়ের %) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ২০১৭-২০১৮ | ১৭৩.৩২ | ২০০.০০ | ২০০.০০ | ১৭৩.৩১ | ০.৪৭ |
| ২০১৮-২০১৯ | ২৫৯২.৪৬ | ২৮৬৩.৭৫ | ২৮৬৩.৪৬ | ২৫৯২.৪৬ | ৭.০৮ |
| ২০১৯-২০২০ | ৬০৪৭.০০ | ৬৫৩৫.০০ | ৬৫৩৫.০০ | ৬৪১৫.৪৫ | ১৭.৫১ |
| ২০২০-২০২১ | ২৭৮২১.৭৩ | ৯৫৮০.০০ | ৯৫৮০.০০ | ৭৭১০.৪৮ | ২১.০৪ |
| **মোট=** | **৩৬৬৩৪.৫১** | **১৯১৭৮.৭৫** | **১৯১৭৮.৪৬** | **১৬,৮৯১.৭০** | **৪৬.১০** |

উৎসঃ প্রকল্প অফিস

## ৩.৩ প্রকল্প ব্যবস্থাপনা পর্যালোচনা ও মতামত

এ প্রকল্পের ব্যবস্থপনায় বেশ কিছু ত্রুটি/বিচ্যুতি পরিলক্ষীত হয়েছে যার কারণে প্রকল্পটি নির্ধারিত সময়ে বাস্তবায়নে বাধাগ্রস্থ হচ্ছে বলে প্রতিয়মান হয়। দেখা যায় যে, এ প্রকল্পে বাস্তবায়ন পর্যায়ে সঠিক ব্যবস্থাপনা ও মনিটরিং এর অনেক অভাব রয়েছে। প্রকল্পের ১ম বছরের শেষের দিকে অর্থাৎ মে ২০১৮ তে মাত্র ১টি জেলায় (ফরিদপুর) দরপত্র আহবান করা হয়। প্রকল্প মেয়াদের অর্ধেক সময় অতিবাহিত হওয়ার পর মাত্র ১১টি জেলায় দরপত্র আহবান এবং ৯টি জেলার দরপত্র জুন

২০১৯ এর মধ্যে আহবান করা হয়। অর্থাৎ মোট ২০টি জেলায় দরপত্র আহবান শেষ করতে প্রকল্প মেয়াদের ২/৩ ভাগ সময় চলে যায়। এছাড়াও জমি জটিলতার জন্য সুনামগঞ্জ জেলায় ২০২০ ও কুমিল্লা জেলায় ২০২১ সালে দরপত্র আহবান করা হয়।

জেলা পরিবর্তন করে সুনামগঞ্জে জমি অধিগ্রহণের মত দীর্ঘ প্রক্রিয়ায় যাওয়া এবং কুমিল্লা জেলাতে নিজস্ব জমি না পাওয়ায় জমি অধিগ্রহণে দীর্ঘ সময় অতিবাহিত হওয়ার পরেও প্রকল্প অন্তর্ভুক্তি থেকে পরিবর্তন না করা যা ছিল প্রকল্প ব্যবস্থাপনার দুর্বলতা। এছাড়াও বিভিন্ন জায়গায় জমি দিতে সমাজসেবার কর্মকর্তারা গড়িমসি করেছেন বা অপারগতা দেখিয়েছেন যা সঠিকভাবে তদারকির দরকার ছিল।

নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে কর্ম-পরিকল্পনায় বার চার্ট বা গ্যান্ট চার্ট সঠিকভাবে অনুসরণ করা এবং সময়মত আপডেট করা দরকার ছিল কিন্তু দেখা যায় যে, বাস্তবে কর্ম-পরিকল্পনা আপডেট করা হয়নি। ফিনিশিং সিডিউল, লিফট্ ক্রয়, বাউন্ডারী ওয়াল, মেইনগেইট, ইন্টারনেট, পিবিএক্স,ওয়াইফাই ও ভেরিয়েশন ইত্যাদি বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব হওয়া এ প্রকল্পের ব্যবস্থাপনার দুর্বলতা হিসেবে গণ্য হয়। সঠিক ব্যবস্থাপনার জন্য প্রকল্পের আওতায় আরডিপিপি অনুযায়ী সমস্ত জনবল নিয়োগ দেয়া বিশেষ করে কারিগরি জনবল ও প্রজেক্ট কো-অর্ডিনেটর নিয়োগ দেয়া অত্যন্ত জরুরী ছিল। এছাড়াও গণপূর্ত অধিদপ্তর ও স্থাপত্য অধিদপ্তরের সাথে প্রকল্প অফিসের সমন্বয় ঘাটতি রয়েছে।

## ৩.৪ প্রকল্পের ১ম সংশোধনের কারণসমূহ পর্যালোচনা

১) ডিপিপি ২০১৪ সালে রেট-সিডিউলে প্রণীত হয়েছে। ইতোমধ্যে PWD-২০১৮ সালের রেট-সিডিউল ঘোষণা করায় DPP ২০১৮ সালের সিডিউলের সাথে সমন্বয়ের প্রস্তাব করা হয়েছে। উল্লেখ্য নির্মাণ খাতে যে সব আইটেমের কার্যাদেশ প্রদান করা হয়নি যথা (মূল ভবনের বাহিরের কাজ-সীমানা প্রাচীর, পানি সরবরাহ লাইন, অভ্যন্তরীণ রাস্তা, ভূমি উন্নয়ন ইত্যাদি) আইটেমের ব্যয় বৃদ্ধি পাওয়ার কারণে;

২) ভূমি সংক্রান্ত জটিলতার কারণে কক্সবাজার কেন্দ্রের স্থান পরিবর্তন করে নোয়াখালী এবং বাগেরহাট কেন্দ্রের স্থান পরিবর্তন করে সুনামগঞ্জ এ স্থানান্তরের প্রস্তাব করার কারণে;

৩) বন বিভাগের রেট-সিডিউল অনুযায়ী আসবাবপত্রের মূল্য বৃদ্ধি; এবং

৪) উপরোক্ত কারণে প্রকল্পের মেয়াদ ০১ (এক ) বৎসর অর্থাৎ জুন, ২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

## ৩.৫ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা

প্রকল্পের আওতায় প্রধান কাজ হচ্ছে ২২ জেলায় ২২টি জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ কিন্তু কোন জেলার নির্মাণ কাজ এখনও শেষ হয়নি। নির্মাণ ও পূর্ত কাজের ভৌত অগ্রগতি গড়ে ৬০% যা খুবই কম এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন হবে না বলেই প্রতিয়মান হয়। পরামর্শক দলের প্রকল্প এলাকা পরিদর্শনের ভিত্তিতে প্রকল্পের আওতায় প্রধান প্রধান কার্যক্রমের অগ্রগতি নিম্নের সারণি ৩.৫.১ এ দেয়া হলো-

সারণি ৩.৫.১ প্রধান প্রধান কাজের অগ্রগতি

| ক্রমিক নং | জেলা সমাজসেবা কমপ্লেক্সের নাম | নির্মাণ ও পূর্ত কাজের বিবরণ | ভৌত কাজের অগ্রগতি (%) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০১ | কুমিল্লা | দরপত্র চূড়ান্তকরণ চলমান | ০% | নিজস্ব জমি না পাওয়ায় জমি অধিগ্রহণে সময় বিলম্ব। এছাড়াও গণপূর্ত অধিদপ্তরের প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের থেকে জানা যায়, দরপত্র চূড়ান্তকরণ প্রক্রিয়াধীন থাকলেও বর্তমানে সরকার কর্তৃক নতুন কাজের NOA/কার্যাদেশ প্রদানে নিষেধাজ্ঞা থাকায় কাজ শুরু করতে আরও বিলম্ব হবে। |
| ০২ | সুনামগঞ্জ | ফাইন্ডেশন এর কাজ চলমান | ০৫% | সুনামগঞ্জ জেলা পরবর্তীতে অন্তর্ভুক্তি এবং জমি অধিগ্রহনে সময় বিলম্ব। |
| ০৩ | নোয়াখালী | ২য় তলায় ছাদের কাজ চলমান | ২৫% | নোয়াখালী জেলা পরবর্তীতে অন্তর্ভুক্তি ও গাছ অপসারণে নির্মাণ কাজ শুরু করতে দেরি হওয়া। |
| ০৪ | হবিগঞ্জ | ১ম তলার কলামের কাজ চলমান | ২০% | ফাউন্ডেশনের নকশা পরিবর্তন করে পাইলিং করা হয়েছে, জমিতে ডোবা থাকায় মাটি ভরাটে সময় |

| ক্রমিক নং | জেলা সমাজসেবা কমপ্লেক্সের নাম | নির্মাণ ও পূর্ত কাজের বিবরণ | ভৌত কাজের অগ্রগতি (%) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | | বিলম্ব। |
| ০৫ | সিলেট | ১ম তলার কলামের কাজ চলমান | ২০% | ভবনের দিক পরিবর্তন সংক্রান্ত জটিলতার কারণে সময় বিলম্ব। |
| ০৬ | লালমনিরহাট | ৫ম তলার ব্রিক ওয়াল গাঁথুনী এবং প্লাস্টারের অন্যান্য কাজ চলমান | ৫৫% | গাছ ও পুরাতন স্থাপনা অপসারণে নির্মাণ কাজ শুরু করতে ৪-৫ মাস সময় বিলম্ব। এছাড়াও জমির সাইজের কারণে টাইপ নকশা পরিবর্তন করা হয়েছে। |
| ০৭ | খুলনা | ৬ষ্ঠ তলায় ছাদের ও অন্যান্য তলায় প্লাস্টারের কাজ চলমান | ৬৫% | জমির সাইজের কারণে টাইপ নকশা পরিবর্তনে সময় বিলম্ব। |
| ০৮ | ময়মনসিংহ | ফিনিশিং কাজ চলমান | ৭০% | ম্যাট ফাউন্ডেশন করার সময় ফাউন্ডেশন এর পাশে ড্রেন থেকে ম্যাট ফাউন্ডেশনে পানি প্রবেশ করে এবং পার্শ্ববর্তী ভবন থাকায় উক্ত ভবনের বাউন্ডারী ওয়াল হুমকিস্বরুপ মনে করে উক্ত ভবনের মালিক আইনের সহায়তা নেয়। এ নিয়ে ভবনের মালিক, ঠিকাদার প্রতিষ্ঠান এবং গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তাদের সাথে সমস্যা সৃষ্টি হয়। উক্ত সমস্যা মিটাতে এবং পুরাতন ভবন অপসারণ করতে প্রায় ৩-৪ মাস মাস সময় অতিবাহিত হয়। |
| ০৯ | বরিশাল | ফিনিশিং কাজ চলমান | ৭০% | বরিশালে শিশুদের খেলার মাঠের জন্য আন্দোলন ও পাইল ড্রাইভে কম্পোনের সময় জনগণের বাধার কারণে ৩-৪ মাস বিলম্ব। |
| ১০ | দিনাজপুর | ফিনিশিং কাজ চলমান | ৭০% | পুরাতন স্থাপনা অপসারণে নির্মাণ কাজ শুরু করতে ২-৩ মাস সময় বিলম্ব। |
| ১১ | ঢাকা | ফিনিশিং কাজ চলমান | ৭০% | কাজ শুরুর পূর্বে জমি পাওয়াতে ২-৩ মাস সময় বিলম্ব এবং পুরাতন গাড়ি অপসারণে নির্মাণ কাজে বিঘ্ন ঘটা। |
| ১২ | কিশোরগঞ্জ | ফিনিশিং কাজ চলমান | ৭৫% | অতিবৃষ্টি প্রবণ এলাকা হওয়ায় জলাবদ্ধতা সৃষ্টি হয় যার কারণে নির্মাণ কাজে ধীরগতি। |
| ১৩ | ঝালকাঠি | ফিনিশিং কাজ চলমান | ৭০% | গাছ ও পুরাতন স্থাপনা অপসারণ এবং পাইল ড্রাইভের সময় বিকট শব্দের জন্য স্থানীয় জনগণের বাধার কারণে নির্মাণ কাজ শুরু করতে ৩-৪ মাস সময় বিলম্ব। |
| ১৪ | গোপালগঞ্জ | ফিনিশিং কাজ চলমান | ৭০% | গাছ অপসারণে নির্মাণ কাজ শুরু করতে ২-৩ মাস সময় বিলম্ব। |
| ১৫ | চাঁপাইনবাবগঞ্জ | ফিনিশিং কাজ চলমান | ৭৫% | প্রথমে জমি অধিগ্রহণের প্রস্তাব ছিল। কিন্তু পরবর্তীতে সরকারি শিশু পরিবারের জমি প্রাপ্তি এবং গাছ অপসারণে নির্মাণ কাজ শুরু করতে দেরি। |
| ১৬ | চট্রগ্রাম | ফিনিশিং কাজ চলমান | ৭৮% | নির্মিত ভবনের পাশে পুরাতন প্রতিবন্ধী স্কুল থাকায় তা ভেঙ্গে অন্য স্থানে স্থানান্তর করতে নির্মাণ কাজ শুরু করতে সময় বিলম্ব, স্থানীয় প্রভাব এবং অতি বৃষ্টির কারণেও কিছু সময় বিলম্ব হয়েছে। |
| ১৭ | ব্রাহ্মণবাড়ীয়া | ফিনিশিং কাজ চলমান | ৮০% | গাছ কাটার অনুমোদনের জন্য নির্মাণ কাজ শুরু করতে প্রায় ১০ মাস সময় বিলম্ব। |
| ১৮ | রাজশাহী | ফিনিশিং কাজ চলমান | ৮০% | গাছ ও পুরাতন স্থাপনা অপসারণ এবং সীমানা নির্ধারণ জটিলতায় নির্মাণ কাজ শুরু করতে ৭-৮ মাস সময় বিলম্ব। |
| ১৯ | নেত্রকোণা | ফিনিশিং কাজ চলমান | ৮০% | গাছ অপসারণ এবং ম্যাট ফাউন্ডেশন করার সময় ফাউন্ডেশনে মাটি ভেঙ্গে পরায় উক্ত কারণে নির্মাণ |

| ক্রমিক নং | জেলা সমাজসেবা কমপ্লেক্সের নাম | নির্মাণ ও পূর্ত কাজের বিবরণ | ভৌত কাজের অগ্রগতি (%) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | | কাজ শুরু করতে ৩-৪ মাস সময় বিলম্ব। |
| ২০ | সিরাজগঞ্জ | ফিনিশিং কাজ চলমান | ৮০% | বর্তমানে টাইলস এর সিদ্ধান্তহীনতায় সময় বিলম্ব। |
| ২১ | রংপুর | ফিনিশিং কাজ চলমান | ৯২% | গাছ অপসারণে নির্মাণ কাজ শুরু করতে ৫-৬ মাস সময় বিলম্ব। এছাড়াও জমির সাইজের কারণে টাইপ নকশা পরিবর্তনে সময় বিলম্ব। |
| ২২ | ফরিদপুর | ফিনিশিং কাজ চলমান | ৯৫% | গাছ ও পুরাতন স্থাপনা অপসারণে নির্মাণ কাজ শুরু করতে ৩-৪ মাস সময় বিলম্ব। |

## ৩.৬ প্রকল্প বাস্তবায়নে বিলম্ব ও নির্মাণ কাজের ধীরগতির কারণসমূহ পর্যালোচনা

*উপরিউক্ত ৩.৫ সারণিতে উল্লিখিত কাজ শুরুকালীন বিলম্বের বিভিন্ন কারণ ছাড়াও চলমান নির্মাণ কাজ সম্পন্ন করতে যে সমস্ত বিষয়ে সমস্যা হয়েছে বা হচ্ছে তা নিম্নরূপ-*

১. ভূমি সংক্রান্ত জটিলতার কারণে কক্সবাজার কেন্দ্রের স্থান পরিবর্তন করে নোয়াখালী এবং বাগেরহাট কেন্দ্রের স্থান পরিবর্তন করে সুনামগঞ্জ এ স্থানান্তরে সময় বিলম্ব;
২. কুমিল্লা এবং সুনামগঞ্জ জেলায় যথাসময়ে ভূমি ক্রয় কাজ সম্পন্ন করতে না পারায় কাজ শুরু করতে সময় বিলম্ব;
৩. টাইলস্ এর ব্যাপারে সঠিক সিদ্ধান্তে উপনিত না হওয়ায় ফিনিশিং কাজে সময় বিলম্ব হচ্ছে;
৪. মূল ডিপিপিতে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউলে পরিবর্তন এবং ডিপিপি সংশোধনে সময় বিলম্ব;
৫. করোনা মহামারি (Covid-19) কারণে চলমান কাজ প্রায় ৫-৬ মাস বন্ধ ছিল;
৬. ০৭টি জেলায় ভেরিয়েশন এর অনুমোদনে বিলম্বের ফলে নির্মাণ কাজে ধীরগতি; এবং
৭. স্থাপত্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর কর্তৃক যথাসময়ে ড্রইং/ডিজাইন প্রাপ্তিতে সময় বিলম্ব।

## ৩.৭ প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যালোচনা

"৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়ে ২২ জেলা) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় অনুমোদিত আরডিপিপি অনুযায়ী ক্রয় পরিকল্পনায় পূর্ত কাজ ক্রয়ের ২২টি সমাজসেবা জেলা কমপ্লেক্স নির্মাণ এর প্রতিটি ভবনের অনুকূলে ৩টি করে পূর্ত ক্রয় কাজের মোট ৬৬টি প্যাকেজ রয়েছে। পণ্য ক্রয় এর ০৭টি প্যাকেজ রয়েছে। আরডিপিপি-তে প্রকল্পের ক্রয় পরিকল্পনা প্রণয়নপূর্বক বাস্তবায়নের সময় নির্ধারণ করা হয়েছে। দেখা যায় যে, বছরভিত্তিক ক্রয় পরিকল্পনার ভিত্তিতে সকল প্রকার ক্রয় কার্যক্রম পরিচালনা করা হয়নি। ক্রয় কার্যক্রম ৩.৭.১ ও ৩.৭.২ এ দেয়া হলো-

### ৩.৭.১ পূর্ত ক্রয় কাজ পর্যালোচনা

**দরপত্র আহবান, ক্রয় পদ্ধতি, পত্রিকায় প্রকাশ এবং চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ**

প্রকল্পের আওতায় পূর্ত ক্রয় কাজ গণপূর্ত অধিদপ্তর কর্তৃক সম্পন্ন করা হয়েছে। প্রতিটি দরপত্রই ই-জিপিতে করা হয়েছে এবং আরডিপিপিতে ক্রয় পদ্ধতি ছিল OTM (NCT) এবং বাস্তবেও ক্রয় পদ্ধতি ছিল OTM (NCT)। প্রতিটি দরপত্র বাংলা ও ইংরিজী জাতীয় পত্রিকা ছাড়াও CPTU এবং গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। তবে পিপিআর-২০০৮ অনুযায়ী ঢাকার বাইরের কাজের দরপত্রের জন্য একটি স্থানীয় পত্রিকায় বিজ্ঞপ্তির নিয়ম থাকলেও বেশিরভাগ স্থানেই তা অনুসরণ করা হয়নি। আরডিপিপিতে চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ According to PPA -2006, PPR-2008 and delegation of financial power PWD উল্লেখ করা হয়েছে এ ক্ষেত্রে বাস্তবে প্রতিটি দরপত্র গণপূর্ত অধিদপ্তর কর্তৃক অনুমোদন করা হয়েছে অর্থাৎ চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষে কোন পরিবর্তন হয়নি।

**ক্রয় কার্যক্রমে আরডিপিপি এবং পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ এর নির্দেশনা অনুসরণ সংক্রান্ত**

পূর্ত ক্রয় কাজ পর্যালোচনায় দেখা যায় যে, আরডিপিপিতে উল্লিখিত ২২ জেলায় পূর্ত কাজের প্রতিটি ভবনের অনুকূলে ০২টি করে প্যাকেজ থাকলেও (প্যাকেজ- WD-০১-অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ ভবনের অভ্যন্তরীণ কাজ ও প্যাকেজ-WD ০২-অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ-ভবনের বাহিরে কাজ) বাস্তবে শুধুমাত্র কুমিল্লা জেলা ব্যতিত সকল জেলায় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন ব্যতিত ০২টি প্যাকেজ একত্র করে ০১টি প্যাকেজে দরপত্র আহবান করা হয়েছে যা ডিপিপি এবং পিপিআর-২০০৮ এর বিধি-১৭ ব্যত্যয় ঘটেছে। ঢাকা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ক্ষেত্রে WD-০২ প্যাকেজে E/M কাজের জন্য প্যাকেজ ভেঙ্গে আলাদা আলাদা লটে বিভক্ত করে দরপত্র আহবান করা হয়েছে। এছাড়াও ফরিদপুর জেলায় অতিরিক্ত Construction of Garage Building আরিডিপিপিতে প্যাকেজ না থাকলেও প্রকল্পের আওতায় Construction of Garage Building এর জন্য দরপত্র আহবান করা হয়েছে যেখানে আরডিপিপির ব্যত্যয় ঘটেছে। এছাড়াও আরডিপিপিতে উল্লিখিত দরপত্র আহবানের তারিখ অনুযায়ী বাস্তবে দরপত্র আহবান করা হয়নি।

**চুক্তি স্বাক্ষর ও ঠিকাদার প্রতিষ্ঠানের কার্য সম্পাদনের পরিকল্পনা**

প্রকল্পের আওতায় প্রতিটি ঠিকাদার প্রতিষ্ঠানকে NOA প্রদানের পর যথাসময়ে চুক্তি সম্পাদন হয়েছে। প্রতিটি ঠিকাদার প্রতিষ্ঠানের থেকে যথাযথ জামানত গ্রহণ করা হয়েছে। প্রতিটি দরপত্রের শর্ত অনুযায়ী চুক্তিপত্র স্বাক্ষরের সময় ঠিকাদারের কার্য সম্পাদন পরিকল্পনা (Work Plan) চুক্তিপত্রের সাথে সংযুক্ত করা হয়েছে। চুক্তির শর্ত অনুযায়ী সময়ে সময়ে ঠিকাদার কর্তৃক কার্য সম্পাদন পরিকল্পনা আপডেট করা হয়, যা গণপূর্ত অধিদপ্তর কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পের পূর্ত কাজের প্রতিটি কার্য সম্পাদনের জন্য সময় নির্দিষ্ট করে দেয়া হলেও নির্ধারতি সময়ে কোন ঠিকাদার প্রতিষ্ঠান নির্মাণ কাজ সম্পন্ন করতে পারেনি। আরডিপিপি ও চুক্তি অনুযায়ী ক্রয় কাজের বিস্তারিত তথ্য নিম্নের সারণি ৩.৭.১ এ দেয়া হয়েছে-

## সারণি: ৩.৭.১ পূর্ত ক্রয় সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্লেষণ

| ক্রমিক নং | প্যাকেজ / চুক্তি নং | ক্রয় পদ্ধতি | দরপত্র আহবানের তারিখ | দরপত্র প্রকাশিত পত্রিকার নাম | দরপত্র বিক্রির সংখ্যা | প্রাপ্ত দরপত্র সংখ্যা | দরপত্র খোলার তারিখ | মূল্যায়ন কমিটির উপস্থিত সদস্য সংখ্যা | মূল্যায়ন প্রতিবেদন অনুমোদ নের তারিখ | Responsive দরপত্রের সংখ্যা | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | চুক্তি মূল্য (লক্ষ টাকা) | চুক্তি সম্পাদ নের তারিখ | ডিপিপি অনুযায়ী কাজ সম্পন্ন হওয়ার তারিখ | চুক্তি অনুযায়ী কাজ শেষ করার তারিখ | ডিপিপি থেকে চুক্তি অনুযায়ী কাজের দিন কম/বেশি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ১০ | ১১ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |
| ১ | Est. of **Chapainawabganj** District Social Service Complex including 6-storied main building,2.50 KVA substation, 40 KVA Generatior and sanitary electric works.-233270 | OTM (NCT) | ১৭/১০/২০১৮ | ১. কালের কণ্ঠ<br>২. The Financial Express | ০৯ | ০৮ | ১৬/১১/২০১৮ | ০৩ | ১৮/০২/২০১৯ | ০৬ | ১২,৩০,৭৯,০০০.০০ | ১০,৮৭,৫৯,৬৫৭.০৮৭ | ১৮/০৩/২০১৯ | ২৪/০৮/২০২০ | ২৫/১০/২০২০ | ৫২ দিন বেশি কিন্তু কাজ এখনো শেষ হয়নি। |
| ২ | Est. of District Social Service Complex in 64 district 1st phase one at **Rangpur** (Sub-head-Const. of 6-strㅤoried office with 6 storid foundation including civil, internal sanitary and water supply and internral electrification) Lot No:1 | OTM (NCT) | ০১/০২/২০১৯ | ১. দৈনিক আমার বার্তা<br>. The Daily Bangladesh Toda<br>৩. দৈনিক যুগের আলো | ০৫ | ০৩ | ০৪/০৩/২০১৯ | ০৩ | ২৫/০৩/২০১৯ | ০৩ | ১৪৬১.৪৬ | ১১১৪.৪০৯ | ২৫/০৪/২০১৯ | ২৪/১০/২০২০ | ২৫/০৭/২০২০ | ডিপিপি থেকে ৩ মাস সময় কম দেয়া হয়েছে কিন্তু কাজ শেষ হয়নি |
| ৩ | Est. of **Sirajganj** District Social Service Complex-e-GP-04(u)/OTM/Siraj/18-19 | OTM (NCT) | ০৫/১১/২০১৮ | ১. দৈনিক জনকণ্ঠ<br>Daily News Today | ০৮ | ০৮ | ০৫/১২/২০১৮ | ০৩ | ১৮/০২/২০১৯ | ০৪ | ৩২৯.২১৮০ (কোটি) | ১১,১৪,৬১,৬০৫.১২ | ০১/০৪/২০১৯ | ৩০/০৬/২০২০ | ০১/১০/২০২০ | ৯০ দিন বেশি কিন্তু কাজ এখনো শেষ হয়নি। |

| ক্রমিক নং | প্যাকেজ / চুক্তি নং | ক্রয় পদ্ধতি | দরপত্র আহবানের তারিখ | দরপত্র প্রকাশিত পত্রিকার নাম | দরপত্র বিক্রির সংখ্যা | প্রাপ্ত দরপত্র সংখ্যা | দরপত্র খোলার তারিখ | মূল্যায়ন কমিটির উপস্থিত সদস্য সংখ্যা | মূল্যায়ন প্রতিবেদন অনুমোদ নের তারিখ | Responsive দরপত্রের সংখ্যা | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | চুক্তি মূল্য (লক্ষ টাকা) | চুক্তি সম্পাদ নের তারিখ | ডিপিপি অনুযায়ী কাজ সম্পন্ন হওয়ার তারিখ | চুক্তি অনুযায়ী কাজ শেষ করার তারিখ | ডিপিপি থেকে চুক্তি অনুযায়ী কাজের দিন কম/বেশি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ১০ | ১১ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |
| ৪ | Construction of 6 storied building with 6 storied foundation of **Lalmonirhat** district social service complex under the PWD Division Lalmonirhat. Under the project of Establishment of Social Service Complex in 64 Districts at 1st phase-22 District | OTM (NCT) | ০৫/০৫/২০১৯ | ১. দৈনিক ভোরের কাগজ<br>২. The Daily Evening News | ০২ | ০২ | ২০/০৫/২০১৯ | ০৩ | -- | ০২ | ১৪৬১.৪৬ | ১২২৩.৬৯ | ০৫/০৮/২০১৯ | ১৪/১০/২০২০ | ০৪/০১/২০২১ | ৫০ দিন বেশি কিন্তু কাজ এখনো শেষ হয়নি। |
| ৫ | Est. of District Social Service Complex in 64 district 1st phase one at **Dinajpur** (Sub-head-Const. of 6-storied office with 6 storid foundation including civil, internal sanitary and water supply and internral electrification) | OTM (NCT) | ১৮/১০/২০১৮ | ১. আমাদের অর্থনীতি<br>২. The New Today<br>৩. দৈনিক পত্রালাপ | ০৫ | ০৪ | ১৮/১১/২০১৮ | ০৩ | ৩০/০১/২০১৯ | ০৪ | ১২,২০,৩৮,০০০.০০ | ১১,৪৮,৬৪,১৬০.১২ | ১৮/০২/২০১৯ | ৩০/০৬/২০২০ | ১৭/০৫/২০২০ | ডিপিপি থেকে ৪৩ দিন কম দেয়া হয়েছে কিন্তু কাজ শেষ হয়নি |
| ৬ | Est. of **Rajshahi** District Social Service Complex in 6-stroried main building, 2.50 KVA substation, 40 KVA Generator and sanitary electric works.-232617 | OTM (NCT) | ১১/১০/২০১৮ | ১.দৈনিক ভোরের কাগজ<br>২. The daily Industry | ০৭ | ০৭ | ০৮/১১/২০১৮ | ০৩ | -- | ০৪ | ১২৭৭.৪০ | ১১১৬.৮০ | ১৪/০২/২০১৯ | ৩০/০৮/২০২০ | ১৩/১০/২০২০ | ৪৩ দিন বেশি কিন্তু কাজ এখনো শেষ হয়নি। |

| ক্রমিক নং | প্যাকেজ / চুক্তি নং | ক্রয় পদ্ধতি | দরপত্র আহবানের তারিখ | দরপত্র প্রকাশিত পত্রিকার নাম | দরপত্র বিক্রির সংখ্যা | প্রাপ্ত দরপত্র সংখ্যা | দরপত্র খোলার তারিখ | মূল্যায়ন কমিটির উপস্থিত সদস্য সংখ্যা | মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের তারিখ | Responsive দরপত্রের সংখ্যা | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | চুক্তি মূল্য (লক্ষ টাকা) | চুক্তি সম্পাদনের তারিখ | ডিপিপি অনুযায়ী কাজ সম্পন্ন হওয়ার তারিখ | চুক্তি অনুযায়ী কাজ শেষ করার তারিখ | ডিপিপি থেকে চুক্তি অনুযায়ী কাজের দিন কম/বেশি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ১০ | ১১ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |
| ৭ | Establishment of 64 District Social Service Complex (22 District in 1st phase) **one at Mymenshing**, PWD-Ken-18, | OTM | ০৭/১১/২০১৮ | ১. দৈনিক ভোরের কাগজ<br>২. The Daily Sun | ০১ | ০১ | ০৫/১২/২০১৮ | ০৩ | ৩০/০১/২০১৯ | ০১ | ১২৫৮.০৭ | ১১,৬২,৭৪,১৯৫.২৪৪ | ২৪/০২/২০১৯ | ৩০/০৫/২০২০ | ২৩/০৬/২০২০ | ২৩ দিন বেশি কিন্তু কাজ এখনো শেষ হয়নি। |
| ৮ | Establishment of 64 District Social Service Complex (22 District in 1st phase) **one at Netrokona,** (Sub-head- Const. of 6-storied office with 6 storid foundation including civil, internal sanitary and water supply and internal electrification) | OTM | ০৮/১১/২০১৮ | ১. দৈনিক বণিক বার্তা<br>২. The Bangladesh Today | ০১ | ০১ | ০৫/১২/২০১৮ | ০৩ | ০৬/০২/২০১৯ | ০১ | ১৩,১৯,৬৩,৬১১.৭৩ | ১৩,০৮,৮৭,৭৮২.৫৬৬ | ১৮/০২/২০১৯ | ৩০/০৮/২০২০ | ১৮/০২/২০২০ | ডিপিপি থেকে ৬ মাস সময় কম দেয়া হয়েছে কিন্তু কাজ শেষ হয়নি |
| ৯ | Establishment of 64 District Social Service Complex (22 District in 1st phase) **one at Khulna,** (Sub-head- Const. of 6-storied office with 6 storied foundation including civil, internal sanitary and water supply and internal electrification) | OTM | ১/.০৪/২০১৯ | ১. আমাদের সময়<br>২. The New Age | ০২ | ০২ | ১৬/০৫/২০১৯ | ০৩ | ২৮/০৫/২০১৯ | ০২ | ১৪৫৮.০১ | ১২,০৩,১৬,৩০৩.৮৯ | ২৬/০৬/২০১৯ | ১০/১২/২০২০ | ৩০/০৫/২০২১ | ১৭০ দিন বেশি কিন্তু কাজ এখনো শেষ হয়নি। |

| ক্রমিক নং | প্যাকেজ / চুক্তি নং | ক্রয় পদ্ধতি | দরপত্র আহবানের তারিখ | দরপত্র প্রকাশিত পত্রিকার নাম | দরপত্র বিক্রির সংখ্যা | প্রাপ্ত দরপত্র সংখ্যা | দরপত্র খোলার তারিখ | মূল্যায়ন কমিটির উপস্থিত সদস্য সংখ্যা | মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের তারিখ | Responsive দরপত্রের সংখ্যা | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | চুক্তি মূল্য (লক্ষ টাকা) | চুক্তি সম্পাদনের তারিখ | ডিপিপি অনুযায়ী কাজ সম্পন্ন হওয়ার তারিখ | চুক্তি অনুযায়ী কাজ শেষ করার তারিখ | ডিপিপি থেকে চুক্তি অনুযায়ী কাজের দিন কম/বেশি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ১০ | ১১ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |
| ১০ | Const. of **Kishorganj** District Social Service Complex in 6-storied building with 6 storied foundation including civil, internal sanitary and water supply and internal electrification works-2018-2019 | OTM | ২২/০১/২০১৯ | ১. দৈনিক মানবজমিন<br>২. The Bangladesh Today | ০৯ | ০৭ | ২৫/০২/২০১৯ | ০৩ | ২৬/০৪/২০১৯ | ০৭ | ১২৬.৪২ | ১০,৯৪,৯২,২০৯.৪৮৪ | ০৬/০৫/২০১৯ | ২০/১১/২০২০ | ০৫/১১/২০২০ | ৪৫ দিন বেশি কিন্তু কাজ এখনো শেষ হয়নি। |
| ১১ | Const. of **Noakhali** District Social Service Complex in 6-stroried building with 6 storied foundation including civil, internal sanitary and water supply and internal electrification works | OTM | ০৫/০৫/২০১৯ | ১. দৈনিক খবরপত্র<br>২. The Daily Observer | ০১ | ০১ | ০৩/০৬/২০১৯ | ৫ | ১৬/০৮/২০১৯ | ০১ | ৭০৮.৭২ | ১৩,৬৩,৪২,১৪৫.৮০৯ | ১১/০৯/২০১৯ | ৩০/০৯/২০২০ | ১১/০৩/২০২১ | ডিপিপি থেকে প্রায় ৬ মাস সময় বেশি দেয়া হয়েছে কিন্তু কাজ শেষ হয়নি |
| ১২ | Const. of District Social Service Complex in 64 District Social Service Complex (22 District in 1st phase) **one at Chittagong,** (Sub-head- Const. of 6-storied office with 6 storied foundation including civil, internal sanitary and water supply and internal electrification) | OTM | ১৭/০১/২০১৯ | ১. দৈনিক সমকাল<br>২. The New Nation | ০৫ | ০৫ | ১৭/০২/২০১৯ | ৫ | ২৮/০৩/২০১৯ | ০৪ | ১৩২০.৬৩ | ৯৮১.৯৪ | ০৭/০৪/২০১৯ | ৩০/০৮/২০২০ | ০৮/১০/২০২০ | ৩৮ দিন বেশি কিন্তু কাজ এখনো শেষ হয়নি। |

| ক্রমিক নং | প্যাকেজ / চুক্তি নং | ক্রয় পদ্ধতি | দরপত্র আহবানের তারিখ | দরপত্র প্রকাশিত পত্রিকার নাম | দরপত্র বিক্রির সংখ্যা | প্রাপ্ত দরপত্র সংখ্যা | দরপত্র খোলার তারিখ | মূল্যায়ন কমিটির উপস্থিত সদস্য সংখ্যা | মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের তারিখ | Responsive দরপত্রের সংখ্যা | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | চুক্তি মূল্য (লক্ষ টাকা) | চুক্তি সম্পাদনের তারিখ | ডিপিপি অনুযায়ী কাজ সম্পন্ন হওয়ার তারিখ | চুক্তি অনুযায়ী কাজ শেষ করার তারিখ | ডিপিপি থেকে চুক্তি অনুযায়ী কাজের দিন কম/বেশি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ১০ | ১১ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |
| ১৩ | Est. of District Social Service Complex in 64 District Social Service Complex (22 District in 1st phase) **one at Faridpur** | OTM | ০৫/০৪/২০১৮ | ১. দৈনিক সমকাল ২. The New Natior | -- | -- | ০৫/০৫/২০১৮ | -- | -- | -- | ১৬০৮.৭২ | ১০,৬২,৯৮,৩৩৯.৫১৬ | ১৭/০৭/২০১৮ | ৩০/০৬/২০২০ | ৩১/১২/২০১৯ | ডিপিপি থেকে প্রায় ৬ মাস সময় কম কিন্তু কাজ শেষ হয়নি |
| ১৪ | Est. of District Social Service Complex **in Dhaka** District during the year 2018-2019 | OTM | ২৭/১২/২০১৮ | -- | ০৬ | ০৬ | ২৭/০১/২০১৯ | ০৩ | -- | ০৫ | ১০৩৯.৯১ | ৯,৩৫,৬৭,৪২৭/৪১১ | ০১/০৪/২০১৯ | ৩০/০৫/২০২০ | ১০/০৬/২০২০ | ডিপিপি থেকে প্রায় ৩১ দিন সময় বেশি দেয়া হয়েছে কিন্তু কাজ শেষ হয়নি |
| ১৫ | Est. of District Social Service Complex in 64 District Social Service Complex (22 District in 1st phase) **one at Jhalokathi** | OTM | ২৭/১০/২০১৮ | ১. দৈনিক যুগান্তর . The Daily New Sta | ০৩ | ০২ | ২৬/১১/২০১৮ | ০২ | ০১/০১/২০১৯ | ০২ | ১৩৮০/৮৫ | ১০,৮০,০২,৩২৯/৯৭৬ | ২০/০২/২০১৯ | ৩০/০৮/২০২০ | **২০/০৮/২০২০** | ডিপিপি থেকে প্রায় ১০ দিন সময় কম দেয়া হয়েছে কিন্তু কাজ শেষ হয়নি |
| ১৬ | Const. of District Social Service at **Barishal** 6-storied office with 6 storied foundation under the project, Establishment of District Social Services Complex in 64 District, ID-243194 | OTM | ০৭/১১/২০১৮ | ১. দৈনিক কালেরকণ্ঠ ২. The Daily Sun | ০২ | ০১ | ০৪/১২/২০১৮ | ০৩ | ০৬/০১/২০১৯ | ০১ | ১২,২৭,৪৪,৩৮০.৪৮৭ | ১১,০৪,৬৯,৯৪২.৪৩৯ | ১৭/০১/২০১৯ | ২৫/০৫/২০২১ | ১৭/০৭/২০২০ | ডিপিপি থেকে প্রায় ৫২ দিন সময় বেশি দেয়া হয়েছে কিন্তু কাজ শেষ হয়নি |

| ক্রমিক নং | প্যাকেজ / চুক্তি নং | ক্রয় পদ্ধতি | দরপত্র আহবানের তারিখ | দরপত্র প্রকাশিত পত্রিকার নাম | দরপত্র বিক্রির সংখ্যা | প্রাপ্ত দরপত্র সংখ্যা | দরপত্র খোলার তারিখ | মূল্যায়ন কমিটির উপস্থিত সদস্য সংখ্যা | মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের তারিখ | Responsive দরপত্রের সংখ্যা | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | চুক্তি মূল্য (লক্ষ টাকা) | চুক্তি সম্পাদনের তারিখ | ডিপিপি অনুযায়ী কাজ সম্পন্ন হওয়ার তারিখ | চুক্তি অনুযায়ী কাজ শেষ করার তারিখ | ডিপিপি থেকে চুক্তি অনুযায়ী কাজের দিন কম/বেশি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ১০ | ১১ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |
| ১৭ | Est. of District Social Service Complex (6-storied including civil, Sanitary, Boundary wall, Sub-Station, Internal Road) Internal Electrification work etc. **in Gopalganj** District. | OTM | ২১/০৩/২০১৬ | ১. দৈনিক আবেদন সময় ২. The Daily Independent | ০৭ | ০৭ | ২৬/০৪/২০১৬ | ০৩ | ১৬/০৬/২০১৬ | ০৩ | ১২৯৩.৯০ | ১২,১০,৮৭,১৬৬ ৫.০০ | ২০/০৬/২০১৬ | ২৪/০৪/২০২১ | ২০/০৬/২০২১ | ডিপিপি থেকে প্রায় ৫মাস সময় বেশি দেয়া হয়েছে কিন্তু কাজ শেষ হয়নি |
| ১৮ | Est. of District Social Service Complex (6-storied including civil, Sanitary, Boundary wall, Sub-Station, Internal Road) Internal Electrification work etc. **in Comilla** District. | OTM | ০৮/০৪/২০২১ | ১. দৈনিক ইত্তেফাক ২. The New Nation | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | ২০.০৫.২০২১ | -- | দরপত্র প্রক্রিয়াধীন |
| ১৯ | Est. of District Social Service Complex (6-storied including civil, Sanitary, Boundary wall, Sub-Station, Internal Road) Internal Electrification work etc. **in Sylhet** District. | OTM | ০৪/০৩/২০১৬ | ১. দৈনিক কালের কণ্ঠ ২. The Daily Observer | ০৪ | ০৪ | ০১/০৪/২০১৬ | ০৩ | ০৬/০৫/২০১৬ | ০৪ | -- | ১১৮৩১৬৫৪২/ ৯০০ | ১৮/০৬/২০১৬ | ৩০/০৬/২০২০ | ০৩/০৭/২০২১ | ডিপিপি থেকে প্রায় ১০মাস সময় বেশি দেয়া হয়েছে কিন্তু কাজ শেষ হয়নি |
| ২০ | Est. of District Social Service Complex (6-storied including civil, Sanitary, Boundary wall, Sub-Station, Internal Road) Internal Electrification work etc. **in Brahmanbaria** District. | OTM | ১৭/১২/২০১৮ | ১. দৈনিক যুগান্তর | ০৪ | ০৩ | ১৭/০১/২০১৯ | ০৩ | ২৪/০৩/২০১৯ | ০৩ | | ১১,৮৭,৭৭,৯৩৪/ ৪৭০ | ০১/০৪/২০১৯ | ৩০/০৬/২০২০ | ৩০/০৬/২০২০ | কম/বেশি করা হয়নি। |

| ক্রমিক নং | প্যাকেজ / চুক্তি নং | ক্রয় পদ্ধতি | দরপত্র আহবানের তারিখ | দরপত্র প্রকাশিত পত্রিকার নাম | দরপত্র বিক্রির সংখ্যা | প্রাপ্ত দরপত্র সংখ্যা | দরপত্র খোলার তারিখ | মূল্যায়ন কমিটির উপস্থিত সদস্য সংখ্যা | মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের তারিখ | Responsive দরপত্রের সংখ্যা | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | চুক্তি মূল্য (লক্ষ টাকা) | চুক্তি সম্পাদনের তারিখ | ডিপিপি অনুযায়ী কাজ সম্পন্ন হওয়ার তারিখ | চুক্তি অনুযায়ী কাজ শেষ করার তারিখ | ডিপিপি থেকে চুক্তি অনুযায়ী কাজের দিন কম/বেশি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ১০ | ১১ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |
| ২১ | Est. of District Social Service Complex (6-storied including civil, Sanitary, Boundary wall, Sub-Station, Internal Road) Internal Electrification work etc. **in Sunamganj** District. | OTM | ১৫/০৯/২০২০ | ১. দৈনিক কালের কণ্ঠ<br>২. The Daily Sun | ০৬ | ০৬ | ১৪/১০/২০২০ | ০৩ | ২৩/১২/২০২০ | ০৩ | ৯৮,১৬,৫৯৭১.৯১ | ৮৮,৩৪,৯৩৭৪.৭২৪ | ১৭/০১/২০২১ | ৩০/০৬/২০২১ | ১৭/০৬/২০২২ | |
| ২২ | Est. of District Social Service Complex (6-storied including civil, Sanitary, Boundary wall, Sub-Station, Internal Road) Internal Electrification work etc. **in Habiganj** District. | OTM | ১১/০৩/২০১৯ | ১. দৈনিক আলোকিত বাংলাদেশ<br>২. Daily New Nation | ০৩ | ০৩ | ১০/০৪/২০১৯ | | ২০/০৫/২০১৯ | ০৩ | | | ৩০/০৬/২০১৯ | ৩০/০৬/২০২০ | ৩০/০৫/২০২০ | ১ মাস সময় কম দেয়া হয়েছে। |

## ৩.৭.২ পণ্য ক্রয় সংক্রান্ত পর্যালোচনা

প্রকল্পের আওতায় অনুমোদিত আরডিপিপিতে পণ্য ক্রয়ের ০৭টি প্যাকেজ ছিল তন্মধ্য মাত্র ০১টি প্যাকেজ (জিডি-০৭) এর দরপত্র আহবান এবং ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। দেখা যায় যে, জিডি-০৭ প্যাকেজের আওতায় ১টি জীপ ও ১টি মাইক্রো বাবদ ১২৫.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে এবং সরকারি ক্রয় সংস্থা প্রগতি ইন্ডাস্ট্রিজ লিঃ থেকে যথাযথ কোটেশন মেনে ১১০.৬৩ লক্ষ টাকায় ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বিস্তারিত নিম্নের সারণি ৩.৭.২ এ দেয়া হলো-

সারণি: ৩.৭.২ পণ্য ক্রয় সংক্রান্ত

| প্যাকেজ নম্বর ও বিবরণ | পরিমাণ | ক্রয় পদ্ধতি ও নমুনা | চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | চুক্তি মূল্য (লক্ষ টাকা) | প্রাক্কলিত ব্যয় থেকে চুক্তি মূল্য (কম/বেশি %) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| জিডি-০৭- গাড়ি (১টি জীপ ও ১টি মাইক্রো) | ০২টি | DPM | সমাজসেবা অধিদফতর | ১২৫.০০ | ১১০.৬৩ | ১১.৫০% কম |

## ৩.৮ অডিট পর্যালোচনা

প্রকল্প পরিচালকের কার্যালয়ে মে/২০২১ পর্যন্ত একবার অডিট সম্পাদিত হয়েছে। উক্ত অডিটে ০২টি অডিট আপত্তি ছিল যার সংশ্লিষ্ট টাকার পরিমাণ ৭,৯৭,২৫০.০০ টাকা। অডিট আপত্তি এখনও নিষ্পন্ন হয়নি, আপত্তির জবাব অডিট অধিদপ্তরে করা হয়েছে। প্রকল্পের প্রধান অঙ্গ ভবন নির্মাণ কাজের বিষয়ে কয়েকটি জেলায় (ময়মনসিংহ, ফরিদপুর, চাঁপাইনবাবগঞ্জ, ঢাকা, লালমনিরহাট) পূর্ত অডিট সম্পাদিত হয়েছে। চাঁপাইনবাবগঞ্জ, লালমনিরহাট ও ঢাকায় পূর্ত অডিটে আপত্তি নেই। ময়মনসিংহ জেলায় ০২টি (টাকার পরিমাণ ৭৫৭,৪৩১/-) ও ফরিদপুর জেলায় ০২টি (টাকার পরিমাণ ১২,৪৭৯,১২৯/-) করে পূর্ত অডিট আপত্তি রয়েছে এবং অডিট আপত্তির জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে, এখনও নিষ্পন্ন হয়নি। নিম্নের সারণি ৩.৭.১ ও ৩.৭.২ এ ফরিদপুর এবং ময়মনসিংহ জেলার পূর্ত অডিট আপত্তির বিস্তারিত বিবরণ দেয়া হলো-

৩.৮.১ প্রকল্প পরিচালকের দপ্তরের অডিট সংক্রান্ত তথ্যাদি

| ক্রঃ নং | অর্থ বছর | আপত্তির বিবরণ | জড়িত টাকার পরিমাণ | প্রকল্প অফিসের জবাব | ত্রি-পক্ষীয় অডিট সভার সিদ্ধান্ত | অডিট নিষ্পত্তির পর্যায় |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৪ | | ৫ | ৬ | ৭ |
| ১ | ২০১৯-২০২০ | ব্যাংক হিসাবের টাকা ৩০ শে জুনের মধ্যে উত্তোলন করে পরিশোধ করা হয় নাই। জড়িত টাকার পরিমাণ | ৪২,৭৬৫/- | করোনা মহামারির কারনে পাওনাদারের সাথে যোগাযোগ না হবার কারনে সেই সময়ে উক্ত টাকা পরিশোধ করা হয় নাই । পরবর্তীতে পাওনাদারের সাথে যোগাযোগ করে উক্ত অর্থ ব্যাংক হতে উত্তোলন করে পরিশোধ করা হয়। | সভা অনুষ্ঠিত হয়নি | নিষ্পত্তি হয়নি |
| ২ | ২০১৯-২০২০ | ডিপিপি বহির্ভূতভাবে দুই(২) জন প্রকৌশলীদের নিয়োগ প্রদানের মাধ্যমে আর্থিক অপচয় করা হয়েছে। | ৭,৫৭,৪৮৫/- | সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ,সমাজসেবা অধিদফতরে আওতাধীন “৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়ে ২২ জেলা) শীর্ষক প্রকল্পের উপসহকারী প্রকৌশলীকে প্রেষণে পদায়নের নিমিত্তে পত্র প্রেরণ করা হলেও উপসহকারী প্রকৌশলীকে পদায়ন করা হয়নি । | সভা অনুষ্ঠিত হয়নি | নিষ্পত্তি হয়নি |

**সারণি: ৩.৮.২ ফরিদপুর জেলার পূর্ত অডিট সংক্রান্ত বিস্তারিত তথ্য**

| ক্রঃ নং | অর্থ বছর | অডিট আপত্তির শিরোনাম | আপত্তির বিবরণ | স্থানীয় অফিস/নির্বাহী প্রকৌশলীর জবাব | ত্রি-পক্ষীয় অডিট সভার সিদ্ধান্ত | অডিট নিষ্পত্তির পর্যায় |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | ২০২০-২১ | বীমা কভারেজ না করে ঠিকাদারকে ৫,৮৪,৬৪১/- টাকা আর্থিক সুবিধা প্রদান করা হয়েছে,ফলে ভ্যাট | সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনাধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়নাধীন নির্বাহী প্রকৌশলী ফরিদপুর গণপূর্ত বিভাগ,ফরিদপুর কর্তৃক ফরিদপুর জেলা সমাজ সেবা কমপ্লেক্স(সিভিল,স্যানিটারী ও বৈদ্যুতিক যন্ত্রপাতি স্থাপনসহ) ৬- | আপত্তিকৃত বীমা প্রিমিয়ামের ভ্যাটের টাকা সংশ্লিষ্ট ঠিকাদারের ৬ষ্ঠ চলতি বিল থেকে কর্তন করা হয়েছে।প্রমানক স্বরূপ এমবি বহির ফটোকপি সংযুক্ত | ত্রি-পক্ষীয় অডিট সভা হয়নি | অডিট নিষ্পত্তি হয়নি |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | বাবদ রাজস্ব প্রাপ্তি থেকে সরকার বঞ্চিত হয়েছে। | তলা ভিত সম্পন্ন ৬-তলা ভবন নির্মাণ কাজের ২০১৯-২০ আর্থিক বছরের নিরীক্ষা কাজ নির্বাহী প্রকৌশলী কার্যালয়,ফরিদপুর গণপূর্ত বিভাগ, ফরিদপুর সম্পন্ন করা হয়।নিরীক্ষাকালে টেন্ডার ডকুমেন্ট এবং সংশ্লিষ্ট নথি যাচাইকালে দেখা যায়, বীমা কভারেজ না করে ঠিকাদারকে ৫,৮৪,৬৪১/ টাকা আর্থিক সুবিধা প্রদান করা হয়েছে এর ফলে ভ্যাট বাবদ ৮৭,৬৯৬/ টাকা রাজস্ব প্রাপ্তি থেকে সরকার বঞ্চিত হয়েছে। | করে দেওয়া হলো।এমতাবস্থায় আপত্তিটি নিস্পত্তি করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। | | |
| ২ | ২০২০-২১ | ভবন নির্মাণ ঠিকাদারের বিল হতে নিরীক্ষাধীণ সময় পর্যন্ত Liquidated Damage(এলডি) ১,৭২,৭৯০/- টাকা কর্তনযোগ্য। | সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনাধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়নাধীন নির্বাহী প্রকৌশলী ফরিদপুর গণপূর্ত বিভাগ,ফরিদপুর কর্তৃক ফরিদপুর জেলা সমাজ সেবা কমপ্লেক্স (সিভিল,স্যানিটারী ও বৈদ্যুতিক যন্ত্রপাতি স্থাপনসহ) ৬ তলা ভিত সম্পন্ন ৬-তলা ভবন নির্মাণ কাজের ২০১৯-২০ আর্থিক বছরের নিরীক্ষা কাজ নির্বাহী প্রকৌশলী কার্যালয়,ফরিদপুর গণপূর্ত বিভাগ, ফরিদপুর সম্পন্ন করা হয়। নিরীক্ষাকালে টেন্ডার ডকুমেন্ট, অগ্রগতি প্রতিবেদন, এমবি এবং সংশ্লিষ্ট নথি যাচাইকালে দেখা যায়,ভবন নির্মাণ ঠিকাদারের বিল হতে নিরীক্ষাধীন সময় পর্যন্ত Liquidated Damage (এলডি) ১,৭২,৭৯০/- কর্তনযোগ্য। | আপত্তিকৃত কাজটি সঠিক সময় সমাপ্ত করতে না পারার প্রধান কারন ছিল প্রকৃতিক দুর্যোগ কভিড-১৯ এর মহামারির সময় লক ডাউনের কারনে শ্রমিক না পাওয়া, ভেরিয়েশন অনুমোদন না হওয়া এবং লিফট এর দরপত্র আহবানের সিদ্ধান্ত না পাওয়া ইত্যাদি। এছাড়া সময় সীমা বর্ধিত করনের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে। | ত্রি-পক্ষীয় অডিট সভা হয়নি | অডিট নিস্পত্তি হয়নি |

উৎসঃ পূর্ত ভবন, ফরিদপুর

**সারণি: ৩.৮.৩ ময়মনসিংহ জেলার পূর্ত অডিট সংক্রান্ত বিস্তারিত তথ্য**

| ক্রঃ নং | অর্থ বছর | অডিট আপত্তির শিরোনাম | আপত্তির বিবরণ | স্থানীয় অফিস/নির্বাহী প্রকৌশলীর জবাব | ত্রি-পক্ষীয় অডিট সভার সিদ্ধান্ত | অডিট নিস্পত্তির পর্যায় |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | ২০২০-২১ | বীমা কভারেজ না করে ঠিকাদারকে ৬,৩৯,৫০৮/- টাকা আর্থিক সুবিধা প্রদান করা হয়েছে, ফলে ভ্যাট বাবদ রাজস্ব প্রাপ্তি থেকে সরকার বঞ্চিত হয়েছে। জড়িত টাকা ৯৫,৯২৭/- টাকা। | ৬-তলা ভবন নির্মাণ কাজের ২০১৯-২০ আর্থিক বছরের নিরীক্ষা কাজ নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ময়মনসিং গণপূর্ত বিভাগ, ময়মনসিংহ সম্পন্ন করা হয়। নিরীক্ষাকালে টেন্ডার ডকুমেন্ট এবং সংশ্লিষ্ট নথি যাচাইকালে দেখা যায়, বীমা কভারেজ না করে ঠিকাদারকে ৬,৩৯,৫০৮/- টাকা আর্থিক সুবিধা প্রদান করা হয়েছে এর ফলে ভ্যাট বাবদ ৯৫,৯২৭/ টাকা রাজস্ব প্রাপ্তি থেকে সরকার বঞ্চিত হয়েছে। জিসিসি এবং পিসিসি ক্লোজ ৩৭ মোতাবেক ঠিকাদা এবং ক্রয়কারী যৌথ নামে কাজ শুরুর তারিখ | অডিট আপত্তি জবাবে জানানো যাচ্ছে যে, পরিশিষ্টে দরপত্রের জিসিসি এবং পিসিসি ৩৭ নং শর্তানুযায়ী উল্লেখিত কাজের বীমা না করায় সরকারের ৯৫,৯২৭/-টাকা রাজস্ব ক্ষতি হয়েছে বলে উল্লেখ করেছেন। সংশ্লিষ্ট কাজের ঠিকাদারকে বীমা করার জন্য পত্র দেয়া হয়েছে। ঠিকাদার কর্তৃক বীমা কভারেজ করা হলেই অডিট অফিসকে অবহিত | ত্রি-পক্ষীয় অডিট সভা হয়নি | অডিট নিস্পত্তি হয়নি |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | থেকে ত্রুটির দায়বদ্ধতার সময়কাল (Defects Liability Period) পর্যন্ত বীমা কভারেজ গ্রহণ করার শর্ত রয়েছে। কিন্তু জিসিসি এবং পিপিসি ক্লোজ ৩৭ মোতাবেক বীমা কভারেজ গ্রহণ করা হয়নি। ফলে ঠিকাদারকে ৬,৩৯,৫০৮/- টাকা, ভ্যাট বাবদ ৯৫,৯২৭/- রাজস্ব প্রাপ্তি থেকে সরকার বঞ্চিত হয়েছে। | করা হবে। সুতরাং আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হল। | | |
| ২ | ২০২০-২১ | ভবন নির্মাণ ঠিকাদারের বিল হতে নিরীক্ষাধীন সময় পর্যন্ত Liquidated Damage (এলডি) কর্তনযোগ্য। জড়িত টাকা ১,২৩,৮৩,২০২/- টাকা মাত্র। | ৬-তলা ভবন নির্মাণ কাজের ২০১৯-২০ আর্থিক বছরের নিরীক্ষা কাজ নির্বাহী প্রকৌশলী কার্যালয়, ময়মনসিংহ গণপূর্ত বিভাগ, ময়মনসিংহ সম্পন্ন করা হয়।নিরীক্ষাকালে টেন্ডার ডকুমেন্ট, এবং সংশ্লিষ্ট নথি যাচাইকালে দেখা যায়,ভবন নির্মাণ ঠিকাদারের বিল হতে নিরীক্ষাধীন সময় পর্যন্ত Liquidated Damage(এলডি) বাবদ ১২৩৮৩২০২/-টাকা কর্তনযোগ্য। উল্লেখ্য যে ঠিকাদার সময় বাড়ানোর জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করেছেন বা কর্তৃপক্ষ কর্তৃক সময় বাড়ানোর অনুমোদন দেয়া হয়েছে এমন কোন প্রমাণক নিরীক্ষার নিকট উপস্থাপন করা হয়নি। ফলে সরকার ১,২৩,৮৩,২০২/-টাকা রাজস্ব প্রাপ্তি থেকে বঞ্চিত হয়েছে। | অডিট আপত্তির জবাবে জানানো যাচ্ছে যে পরিশিষ্টে উল্লেখিত কাজের কোন Liquidated Damage (এলডি) হয়নি বাস্তবে কাজের অগ্রগতি ছিল ৫৩% নিরীক্ষাধীন সময় পর্যন্ত সংশ্লিষ্ট ঠিকাদারকে ৫০% টাকা পরিশোধ করা হয়। ফলে সরকার রাজস্ব প্রাপ্তি থেকে বঞ্চিত হয়নি। | ত্রি-পক্ষীয় অডিট সভা হয়নি | অডিট নিষ্পত্তি হয়নি |

উৎসঃ পূর্ত ভবন, ময়মনসিংহ

**নোট:** ১. দরপত্র দলিলের PCC ও GCC Clause-37 অনুযায়ী ঠিকাদারের বিধান রয়েছে।

২. দরপত্র দলিলের GCC Clause-73 অনুযায়ী নির্ধারিত সময়ে কাজ শেষ না হলে অতিরিক্ত সময়ের জন্য দৈনিক ০.১০% জরিমানার বিধান রয়েছে।

### ৩.৮.৩ ভেরিয়েশন সংক্রান্ত তথ্যাদি

নির্মাণ কাজে কোন আইটেমের পরিমাণ প্রাক্কলন থেকে বেশি হলে এবং ননটেন্ডার আইটেম যুক্ত হলে মূলত ভেরিয়েশন দরকার হয়। এক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন সাপেক্ষে ভেরিয়েশনভুক্ত কাজ করার নিয়ম রয়েছে। প্রকল্পের আওতায় হবিগঞ্জ জেলায় ১১.৫৪% ভেরিয়েশন অনুমোদন দেয়া হয়েছে। কিন্তু প্রকল্পের আওতাভুক্ত ০৭টি জেলায় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন ব্যতিত ভেরিয়েশন করা হয়েছে। উল্লেখ্য যে, নেত্রকোণায় আরডিপিপির প্রাক্কলিত মূল্য থেকে ৬.২১% বেশি ভেরিয়েশন করা হয়েছে। ০৭টি জেলার ভেরিয়েশনের অনুমোদনের জন্য প্রকল্প দপ্তরে প্রাক্কলন প্রেরণ করা হয়েছে। গত ২৭.০৫.২০২১ তারিখে পিআইসি সভায় ০৭টি জেলার ভেরিয়েশন অনুমোদনের জন্য পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্তে সিদ্ধান্ত গৃহীত হয়। নিম্নে ০৭টি জেলার ভেরিয়েশন এর বিস্তারিত তথ্য দেয়া হলো-

| ক্রমিক নং | জেলার নাম | আরডিপিপিতে বরাদ্দ (লক্ষ টাকা) | চুক্তিমূল্য (লক্ষ টাকা) | ভেরিয়েশন (লক্ষ টাকা) | ভেরিয়েশনসহ চুক্তিমূল্য (লক্ষ টাকা) | চুক্তিমূল্যর সাথে ভেরিয়েশনের শতকরা হার (বেশি) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | ফরিদপুর | ১৬০৮.৭২ | ১০৬২.৯৬ | ১২৮.৭৮ | ১১৯১.৭৪ | ১২.১২% |
| ০২ | চট্রগ্রাম | ১৫৭৫.৭১ | ৯৮১.৯৪ | ১৬৯.৩২ | ১১৫১.২৬ | ১৭.২৪% |
| ০৩ | দিনাজপুর | ১৪৬৯.৮৫ | ১১৪৮.৬৪ | ৫১.৪৯ | ১২০০.১৩ | ৪.৪৮% |
| ০৪ | নেত্রকোণা | ১৪৮৩.০৬ | ১৩০৮.৮৮ | ২৭৬.৩৭ | ১৫৮৫.২৫ | ২১.২১% |
| ০৫ | ময়মনসিংহ | ১৪৬৯.৮৫ | ১১৬২.৭৪ | ১৬৯.০৫ | ১৩৩১.৮০ | ১৪.৫৪% |
| ০৬ | রংপুর | ১৪৬১.৪৬ | ১১১৪.৪০ | ৭২.০৮ | ১১৮৬.৪৮ | ৬.৪৭% |
| ০৭ | কিশোরগঞ্জ | ১৪৯৬.৩৯ | ১০৯৪.৯২ | ১০২.৮৩ | ১১৯৭.৭৫ | ৯.৩৯% |

তথ্য সূত্রঃ প্রকল্প অফিস

## ৩.৯ লগ-ফ্রেমের আলোকে উদ্দেশ্য ও outputপর্যালোচনা ও বিশ্লেষণ

প্রকল্প বাস্তবায়নে আরডিপিপিতে উল্লিখিত লগ-ফ্রেম অনুযায়ী প্রকল্পের উদ্দেশ্য ও Output এ পর্যন্ত কতটুকু অর্জন করতে পেরেছে তা সারণি ৩.৯.১ এ দেওয়া হলো-

সারণি ৩.৯.১ প্রকল্পের উদ্দেশ্য ও আউটপুট অর্জন অর্জনের অবস্থাসমূহ

| লগ-ফ্রেম অনুযায়ী প্রকল্পের উদ্দেশ্য ও Output | প্রকল্পের অর্জন |
|---|---|
| **উদ্দেশ্য-**<br>২২টি জেলায় সকল সুবিধা সমন্বিত একটি সম্পূর্ণ সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ। | লগ-ফ্রেম অনুযায়ী ২০২১ সালের জুন মাসে জেলা পর্যায়ের কর্মচারীগণ ভালো সেবা প্রদান ও উন্নত অফিসস্থান সুবিধা পাওয়ার জন্য ব্যবস্থা থাকবে উল্লেখ করা রয়েছে। কিন্তু নির্মাণ কাজের অগ্রগতি বিবেচনায় আগামি জুন ২০২১ তারিখের মধ্যে প্রকল্পের সমস্ত কাজ শেষ হবেনা বলেই ধারণা করা যায় এবং প্রকল্পের উদ্দেশ্য জেলা পর্যায়ের কর্মচারীগণ ভালো সেবা প্রদানের জন্য উন্নত অফিসস্থানের সুবিধা উক্ত সময়ের মধ্যে পাবে না বলেই গণ্য হয়। |
| **আউটপুট-**<br>➢ ২২ টি জেলায় ৬ তলা বিশিষ্ট জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ | প্রকল্পের লগ-ফ্রেম অনুযায়ী প্রকল্পের আওতায় ২২টি জেলায় ৬ তলা বিশিষ্ট জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের কাজ চলমান রয়েছে কিন্তু বর্তমান সময় পর্যন্ত কোন ভবনের কাজ সম্পূর্ণভাবে সম্পন্ন হয়নি। অর্থাৎ আউটপুট অর্জন খুবই কম। |
| ➢ জুলাই ২০১৭ মধ্যে সকল ধরনের জনবল নিয়োগ করা হবে | আরডিপিপি'র সংস্থান অনুযায়ী ১২ জন জনবল নিয়োগ করার কথা থাকলেও বাস্তবে ০৫ জন জনবল নিয়োগ করা হয়েছে এবং ০৩ জন সংযুক্ত রয়েছেন। তবে গুরুত্বপূর্ণ ০৩টি পদে জনবল নিয়োগ না করায় প্রকল্পের কাজে ক্ষতিগ্রস্থ হচ্ছে। |
| ➢ জুন ২০২১ সালের মধ্যে সকল ধরনের নির্মাণ কাজ সম্পন্ন করা হবে | এ পর্যন্ত প্রকল্পের ২২ জেলার পূর্ত ও নির্মাণ কাজের ভৌত অগ্রগতি গড়ে ৫০%। তাছাড়া সুনামগঞ্জ জেলায় ফাউন্ডেশন কাজ এবং কুমিল্লা জেলায় দরপত্র কার্যক্রম চলমান রয়েছে। অর্থাৎ জুন ২০২১ তারিখের মধ্যে প্রকল্পের সমস্ত কাজ শেষ হবেনা। |

| | |
|---|---|
| ➢ সেপ্টেম্বর ২০১৭ মধ্যে মোটরযান (১টা জিপ, ১ টি ডাবল কেবিন পিকআপ/মাইক্রো) সংগ্রহ করা হবে | সেপ্টেম্বর ২০১৭ মধ্যে মোটরযান (১টা জিপ, ১ টি ডাবল কেবিন পিকআপ/মাইক্রো) ১১০.৬৩ লক্ষ টাকা ব্যয়ে ক্রয় করা হয়েছে। |
| ➢ জুন ২০২১ সালের মধ্যে সকল প্রকার যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হবে | এখন পর্যন্ত যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয়ের জন্য দরপত্র আহবান করা হয়নি। অর্থাৎ জুন ২০২১ তারিখের মধ্যে যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয় সম্পন্ন হবেনা। |
| ➢ জুন ২০২১ সালের মধ্যে সকল প্রকার আসবাবপত্র ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হবে | জুন ২০২১ সালের মধ্যে সকল প্রকার আসবাবপত্র ক্রয় কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্য বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনকে DPM মাধ্যমে আদেশ দেয়া হয়েছে। তবে জুন ২০২১ তারিখের মধ্যে আসবাবপত্র ক্রয় সম্পন্ন হবেনা। |

## ৩.১০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত)

প্রকল্পের আওতায় এ পর্যন্ত ৩ জন প্রকল্প পরিচালক প্রকল্প পরিচালনার দায়িত্ব গ্রহণ করেছেন। সারণি ৩.৯.১ এ দেখা যায় যে, পূর্বের ২জন প্রকল্প পরিচালক একাধিক প্রকল্পের সাথে প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। তন্মধ্য ১ম প্রকল্প পরিচালক নিয়মিত দায়িত্ব পালন করেছেন এবং ২য় জন অতিরিক্ত দায়িত্ব হিসেবে প্রকল্প পরিচালনা করেছেন। বর্তমান প্রকল্প পরিচালক গত ২০/০৯/২০২০ থেকে নিয়মিত হিসেবে প্রকল্প পরিচালনা করছেন এবং অন্য কোন প্রকল্পের সাথে জড়িত নয় যা প্রকল্প কাজের গতি ত্বরান্বিত করবে বলে আশা করা যায়। বিস্তারিত সারণি ৩.১০.১ এ দেয়া হলো-

সারণি ৩.১০.১ প্রকল্প পরিচালক সম্পর্কিত

| প্রকল্প পরিচালক-এর আইডি নং | মূল দপ্তর ও পদবি | দায়িত্বকাল | দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত) | একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা | |
|---|---|---|---|---|---|
| | | | | হ্যাঁ/না | প্রকল্প সংখ্যা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। জনাব মোঃ জাহাঙ্গীর আলম<br>আইডি নং-৭৪০৪ | সমাজকল্যাণ মন্ত্রণালয় (যুগ্ম-সচিব) | ২৬-১০-২০১৭ তারিখ হতে ১৩-০১-২০২০ পর্যন্ত | নিয়মিত | হ্যাঁ | ৪টি |
| ২। জনাব মোঃ আবু মাসুদ<br>আইডি নং-৫৫২৯ | সমাজসেবা অধিদফতর (উপ-সচিব) | ০৮/০৩/২০২০ তারিখ হতে ২১/০৯/২০২০ পর্যন্ত | অতিরিক্ত | হ্যাঁ | ২টি |
| ৩। ড.অঞ্জন কুমার দেব রায়<br>আইডি নং-২০৩০৩ | সমাজকল্যাণ মন্ত্রণালয় (যুগ্ম-সচিব) | ২০-০৯-২০২০ থেকে চলমান | নিয়মিত | না | ১টি |

উৎসঃ প্রকল্প অফিস ও আইএমইডি প্রতিবেদন

## ৩.১১ প্রকল্পের আওতায় জনবল নিয়োগ পর্যালোচনা

ডিপিপিতে ১১ জন এবং আরডিপিপি অনুযায়ী ১২ জন জনবল নিয়োগ করার কথা থাকলেও বাস্তবে ০৫জন জনবল নিয়োগ দেয়া হয়েছে। গুরুত্বপূর্ণ ০৩টি পদে (প্রজেক্ট কো-অর্ডিনেটর, নির্বাহী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী) জনবল নিয়োগ দেয়া হয়নি। এ ধরনের নির্মাণ প্রকল্পে টেকনিক্যাল পদগুলো অত্যান্ত গুরুত্বপূর্ণ। তাই দ্রুত ও সুষ্ঠুভাবে নির্ধারিত সময়ে নির্মাণ কাজ শেষ করার লক্ষ্য টেকনিক্যাল পদগুলোতে আউটসোর্সিং বা প্রকল্পের আওতায় সরাসরি জনবল নিয়োগ দেয়া অতিব প্রয়োজন। উল্লেখ্য যে, উপ-সহকারী প্রকৌশলী পদে বর্তমানে ০১জন ভাউচারে কাজ করছেন যা পূর্ণাঙ্গভাবে নিয়োগ দেয়া দরকার ছিল।

## ৩.১২ পিআইসি এবং প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা পর্যালোচনা

### ৩.১২.১ প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC)

কার্যপরিধি অনুযায়ী প্রতি ৩ মাস অন্তর অন্তর কমপক্ষে একবার করে সভা করার কথা থাকলেও এ প্রকল্পের শুরু থেকে এখন পর্যন্ত মোট ৭টি পিআইসি সভা অনুষ্ঠিত হয়েছে। গত ২৭/০৫/২০২১ তারিখে সর্বশেষ সভা অনুষ্ঠিত হয়েছে। পিআইসি সভার সিদ্ধান্তসমূহ ও সিদ্ধান্তের আলোকে গৃহিত ব্যবস্থাসমূহ নিম্নে সারণি ৩.১২.১ এ দেয়া হলো-

সারণি: ৩.১২.১ পিআইসি কমিটি সভার সিদ্ধান্তসমূহ ও গৃহীত ব্যবস্থাসমূহ

| ক্রমিক নং | সভার তারিখ | পিআইসি কমিটি সভার সুপারিশ | সমাজসেবা অধিদফতর কর্তৃক গৃহীত ব্যবস্থা |
|---|---|---|---|
| ০১ | ২৭/০৫/২০২১ | ০৭টি (ময়মনসিংহ, নেত্রকোণা, ফরিদপুর, চট্রগ্রাম, দিনাজপুর, রংপুর ও কিশোরগঞ্জ) জেলায় ভেরিয়েশন এর অনুমোদনের জন্য পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |
| ০২ | ১৮/১১/২০২০ | হবিগঞ্জ কেন্দ্রের ব্যয় বৃদ্ধির বিষয়টি সমাধানকল্পে ৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | হবিগঞ্জ কেন্দ্রের ব্যয় বৃদ্ধির বিষয়টি সমাধানকল্পে ৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। |
| ০৩ | ১৬/০৮/২০২০ | উপ-পরিচালক মহোদয়ের কক্ষটি বড়/পরিবর্তন এবং সহকারী পরিচালকদের কক্ষে প্রবেশ পথের পাশেই বাথরুম থাকায় বাথরুমের দেয়াল/গ্লাস উঁচু করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপ-পরিচালক মহোদয়ের কক্ষটি বড়/পরিবর্তন এবং সহকারী পরিচালকদের কক্ষে প্রবেশ পথের পাশেই বাথরুম থাকায় বাথরুমের দেয়াল/গ্লাস উঁচু করা হয়েছে। |
| ০৪ | ০২/১০/২০১৯ | কুমিল্লা কেন্দ্রের জন্য পরিকল্পনা শাখা জমি দ্রুত অধিগ্রহণ/ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কুমিল্লা কেন্দ্রের জন্য জমি অধিগ্রহণ/ক্রয়ের ব্যবস্থা করা হয়েছে। |
| ০৫ | ০৮/০১/২০১৯ | বাগেরহাট কেন্দ্রটি জমি সংক্রান্ত জটিলতা/অপর্যপ্ততার কারণে প্রকল্পের ২য় পর্যায়ে স্থানান্তর করে উক্ত কেন্দ্রটি সুনামগঞ্জ জেলায় প্রকল্পের ১ম পর্যায়ে অন্তর্ভুক্তির সুপারিশ করা হলো। | বাগেরহাট কেন্দ্রটি জমি সংক্রান্ত জটিলতা/অপর্যপ্ততার কারণে প্রকল্পের ২য় পর্যায়ে স্থানান্তর করে উক্ত কেন্দ্রটি সুনামগঞ্জ জেলায় প্রকল্পের ১ম পর্যায়ে অন্তর্ভুক্তি করা হয়েছে। |
| | | পিপিআর ২০০৮ বিধি-১২ (৪) অনুসারে নির্মাণ কার্যক্রমের সকল বিষয়/পর্যায়ে প্রকল্প অফিসকে অবহিত করণের প্রয়োজনীয়তা ছিল। কিন্তু উল্লেখিত কেন্দ্রসমূহে তা অনুসরণ না করার কারণ সুস্পষ্ট নয়। এ বিষয়ে গণপূর্ত অধিদপ্তরকে বিস্তারিত ব্যাখ্যা স্টিয়ারিং কমিটিতে অবহিত করণের সুপারিশ করা হলো। | এ বিষয়ে গণপূর্ত অধিদপ্তরকে বিস্তারিত ব্যাখ্যা স্টিয়ারিং কমিটিতে অবহিত করেছে। |
| ০৬ | ৩১/০৭/২০১৮ | খুলনা কেন্দ্রের জন্য অনুমোদিত ডিপিপি'র মোট বর্গফুট ঠিক রেখে স্থাপত্য অধিদপ্তর কর্তৃক উর্দ্ধমূখী সম্প্রসারণ করে সি-টাইপ নকশা প্রণয়ন করার সুপারিশ করা হলো। | সি-টাইপ নকশা প্রণয়ন করার করা হয়েছে। |
| ০৭ | ০৬/০৫/২০১৮ | কক্সবাজার কেন্দ্রের নির্মাণ কাজের জন্য অধিকতর উপযুক্ত স্থান নির্বাচনের বিষয়ে স্টিয়ারিং কমিটির অনুমতিক্রমে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | কক্সবাজার কেন্দ্রের স্থান পরিবর্তন করে নোয়াখালী করা হয়েছে। |

উৎসঃ প্রকল্প অফিস

### ৩.১২.২ প্রকল্প স্টিয়ারিং কমিটি (PSC) সভা পর্যালোচনা

ডিপিপি/আরডিপিপিতে পিএসসি সভা প্রকল্পের প্রয়োজন অনুযায়ী করার কথা থাকলেও এ পর্যন্ত ৯টি সভা অনুষ্ঠিত হয়েছে। গত ১৭/১২/২০২০ তারিখে মন্ত্রণালয়ের সভা কক্ষে মাননীয় সচিব মহোদয়ের সভাপতিত্বে কমিটির সর্বশেষ সভা অনুষ্ঠিত হয়। পিএসসি কমিটি সভার সিদ্ধান্তসমূহ ও সিদ্ধান্তের আলোকে গৃহিত ব্যবস্থাসমূহ নিম্নে দেয়া হলো-

সারণি: ৩.১২.২ পিএসসি কমিটি সভার সিদ্ধান্তসমূহ ও গৃহীত ব্যবস্থাসমূহ

| ক্রমিক নং | সভার তারিখ | পিএসসি কমিটি সভার সুপারিশ | সমাজসেবা অধিদফতর কর্তৃক গৃহীত ব্যবস্থা |
|---|---|---|---|
| ০১ | ১৭/১২/২০২০ | প্রকল্পের আওতায় কম্পিউটার ও আনুসঙ্গিক যন্ত্রপাতি সরবরাহের দরপত্র আহবানের কার্যক্রম গণপূর্ত অধিদপ্তর দিয়ে বাস্তবায়ন করতে হবে। | সে অনুযায়ী করা হবে। |

| | | | |
|---|---|---|---|
| | | কুমিল্লা কেন্দ্রের নির্মাণ ও পূর্ত কাজে ভবন এবং ভবনের বাহিরে আনুষাঙ্গিক দুইটি কাজ বাস্তবায়নের সুবিধার্থে ০২টি প্যাকেজকে ০১টি প্যাকেজে পরিবর্তন করে বাস্তবায়নপূর্বক বিষয়টি আরডিপিপির সংশোধনের সময় প্রতিফলন করতে হবে। | ০১টি প্যাকেজে পরিবর্তন করে বাস্তবায়নপূর্বক বিষয়টি আরডিপিপির সংশোধনের সময় প্রতিফলন করা হবে। |
| | | প্রকল্পের মেয়াদ ০২ বছর বৃদ্ধি করার প্রস্তাব যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সে অনুযায়ী প্রস্তুত করা হচ্ছে। |
| ০২ | ১৫/০৯/২০২০ | সার্বিক অগ্রগতি বিবেচনায় যথাসময়ে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে। | সে অনুযায়ী করা হবে। |
| ০৩ | ২৯/০১/২০১৯ | অনুমোদিত ডিপিপিতে সংস্থানকৃত সমাজসেবা অধিদপ্তরের নিজস্ব জমিতে সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ কাজ অব্যাহত রাখতে হবে। | সমাজসেবা অফিদফতরের নিজস্ব জমিতেই নির্মাণ কাজ হচ্ছে। |
| ০৪ | ০৭/০৮/২০১৮ | PWD ২০১৮ রেট শিডিউল অনুসারে টেন্ডারসহ কার্যক্রম সেপ্টেম্বর, ২০১৮ এর শুরু করতে হবে। যে সকল কেন্দ্রের চুক্তিমূল্য ডিপিপি অনুমোদিত প্রক্কলিত মূল্যের মধ্যে সীমাবদ্ধ থাকবে, সে সকল কেন্দ্রে নির্মাণ কাজ শুরু করতে হবে এবং যে সকল কেন্দ্রে চুক্তিমূল্য ডিপিপি অনুমোদিত প্রাক্কলিত মূল্যের অধিক হবে সে সকল কেন্দ্রে প্রয়োজনীয় ক্ষেত্র/অংগের প্রাক্কলন পূণর্গঠনপূর্বক ডিপিপি সংশোধনের ব্যবস্থা গ্রহন করতে হবে। | PWD ২০১৮ রেট শিডিউল অনুসারে টেন্ডার করা হয়েছে। |
| | | সমাজসেবা অধিদফতর কর্তৃক ৩টি (কুমিল্লা, বাগেরহাট ও কক্সবাজার) কেন্দ্রের উপযুক্ত স্থান অক্টোবর,২০১৮ এর মধ্যে নির্বাচন করে জমি অধিগ্রহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | বাগেরহাট ও কক্সবাজার জমি না পাওয়ার বাদ দেয়া হয়েছে। |
| ০৫ | ২৯/৫/২০১৮ | লালমনিরহাট,রংপুর ও খুলনা জেলায় সমাজসেবা কার্যালয়ের Plainth Area ঠিক রেখে স্থাপত্য অধিদপ্তর কর্তৃক নতুন নকশায় (বি টাইপ)ভবন নির্মাণ করতে হবে। | স্থাপত্য অধিদপ্তর কর্তৃক নতুন নকশায় (বি টাইপ) ভবন নির্মাণ করা হয়েছে। |
| | | জেলা সমাজসেবা কার্যালয় কিশোরগঞ্জ কেন্দ্রটি সরকারী শিশু পরিবার,কিশোরগঞ্জে স্থানান্তর করা যেতে পারে। | স্থানান্তর করা হয়েছে। |

উৎসঃ প্রকল্প অফিস

## ৩.১২.৩ প্রকল্পের আওতায় ডিপিইসি সভা ও সভার সিদ্ধান্তসমূহ পর্যালোচনা

অনুমোদিত আরডিপিপিতে উল্লিখিত ডিপিইসি সভা ও সভার সিদ্ধান্তসমূহ নিম্নের সারণি ৩.১২.৩ এ দেয়া হলো-

**সারণি: ৩.১২.৩ ডিপিইসি সভা ও সভার সিদ্ধান্তসমূহ**

| ক্রমিক নং | বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি(ডিপিইসি)সভার সুপারিশ | সমাজসেবা অধিদপ্তর কর্তৃক গৃহীত ব্যবস্থা |
|---|---|---|
| ১ | মূল অনুমোদিত প্রকল্পের ২২ জেলার মধ্যে ২টি জেলা কক্সবাজার ও বাগেরহাট এর পরিবর্তে যথাক্রমে নোয়াখালী ও সনামগঞ্জ জেলায় সমাজসেবা কমপ্লেক্স অন্তর্ভুক্ত করে ডিপিপি সংশোধন করতে হবে। | সংশোধিত ডিপিপিতে নোয়াখালী ও সুনামগঞ্জ জেলায় সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ অন্তর্ভুক্ত হয়েছে (পৃষ্ঠা নং-০৩) |
| ২ | মূল অনুমোদিত ডিপিপি এর তুলনায় ২০১৮ সালের রেট সিডিউল এর কারণে অনাবাসিক ভবন নির্মাণে কত ব্যয় বৃদ্ধি পাবে তার তুলনামূলক বিবরণী আরডিপিপিতে প্রেরণ করতে হবে। | মূল অনুমোদিত ডিপিপি এর তুলনায় ২০১৮ সালের রেট সিডিউল এর কারণে অনাবাসিক ভবন নির্মাণে ব্যয় বৃদ্ধির তুলনামূলক বিবরণী গণপূর্ত অধিদপ্তর হতে সংগ্রহ করে সংশোধিত ডিপিপিতে অন্তর্ভুক্ত করা হয়েছে(পৃষ্ঠা নং-৩৬) |

উৎসঃ আরডিপিপি

## ৩.১৩ আইএমইডির পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা

প্রকল্পটি বাস্তবায়ন পরিবীক্ষণ মূল্যায়ন বিভাগ (আইএমইডি), সেক্টর-০৮ কর্তৃক গত ০৯/১০/২০২০ তারিখে সর্বশেষ সরজমিনে পরিদর্শন করা হয়। প্রকল্পটির সকল কার্যক্রম সাবলীল ও সঠিকভাবে বাস্তবায়নের নিমিত্তে প্রতিবেদনটিতে মোট ৬টি অতি গুরুত্বপূর্ণ সুপারিশ প্রদান করা হয়েছিল। উক্ত সুপারিশের উপর ভিত্তি করে সময়মতো সঠিক পদক্ষেপ গ্রহণ করা হতো, তবে প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম সম্পন্নের মাধ্যমে উদ্দেশ্য অর্জনের দিকে ধাবিত হতো। নিম্নে পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশের প্রেক্ষিতে গৃহীত পদক্ষেপ সম্পর্কে আলোচনা করা হলো।

- পরিকল্পিত লক্ষ্যমাত্রার চেয়ে বাস্তবায়ন অগ্রগতি কম। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সকল কাজ সম্পন্ন করার বিষয়ে প্রকল্প পরিচালক, বাস্তবায়নকারী সংস্থা/মন্ত্রণালয় হতে মনিটরিং কার্যক্রম জোরদার করার জন্য সুপারিশ করা হয়েছে;
- আলোচ্য প্রকল্পের আর্থিক অগ্রগতি সমাজকল্যাণ মন্ত্রণালয়ের এডিপি বাস্তবায়ন হারকে ব্যাহত করছে। কাঙ্খিত অগ্রগতি অর্জনে প্রকল্প কর্তৃপক্ষকে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার জন্য সুপারিশ করা হয়েছে;
- আলোচ্য প্রকল্পে যাবতীয় কাজ পরিকল্পনা মাফিক বাস্তবায়ন করার বিষয়ে কাজের অগ্রাধিকার বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ, কাজের তালিকা (Work/Activity list) প্রণয়ন, এবং সে মোতাবেক জুন/২০২১ এর মধ্যে যাবতীয় কাজ শেষ করার জন্য বলা হয়েছে;
- প্রকল্পের কাজ নির্বিঘ্ন ও ফলপ্রসূ করতে হলে ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তনের ধারা পরিহার করতে হবে; এ বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা/মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সুপারিশ প্রণয়ন করা হয়েছে।


## ৩.১৪ প্রকল্পের আওতায় বার্ষিক কর্ম-পরিকল্পনা পর্যালোচনা

প্রকল্পের আওতায় অনুমোদিত অঙ্গগুলোর বছর-ভিত্তিক কর্মপরিকল্পনা ডিপিপি/আরডিপিপি'তে থাকলেও, বিগত অর্থ-বছরগুলোতে সে অনুযায়ী বাস্তব কর্ম-পরিকল্পনা তৈরি করা হয়নি। যেহেতু প্রকল্পের মূল কাজ হচ্ছে ২২ জেলায় ৬ তলা বিশিষ্ট ২২টি জেলা সমাজসবো কমপ্লেক্স ভবন নির্মাণ তাই চলতি ২০২০-২০২১ অর্থ-বছরের কর্ম-পরিকল্পনায় অনাবাসিক ভবন (নির্মাণ ও পূর্ত) কাজের ২৮.৩১% লক্ষ্যমাত্রা কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়াও মোটরযান রক্ষণাবেক্ষণ, যন্ত্রপাতি ও সরঞ্জাম মেরামত ও রক্ষণাবেক্ষণ, আউটসোর্সিং, পেট্রোল অয়েল ও লুব্রিকেন্ট ইত্যাদি অঙ্গের কাজ কর্ম-পরিকল্পনায় রয়েছে। বাস্তব সম্মত কর্ম-পরিকল্পনা প্রণয়ন পূর্বক প্রতি অর্থ-বছেরর শুরুতে অনুমোদন নিয়ে কাজ সম্পাদন করা দরকার।

## ৩.১৫ নির্মাণ কাজে ব্যবহৃত মালামালের ল্যাব টেস্টের রিপোর্ট পর্যালোচনা

নির্মাণ কাজে ব্যবহৃত মালামালের সকল ক্ষেত্রেই ল্যাব টেস্টগুলো বুয়েট (বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়) থেকে করা হয়েছে কিন্তু ময়নসিংহ ও নেত্রকোণায় কিছু ল্যাব টেস্ট (যেমন-Testing of Cement, Testing of Cpmressive Strength for C.C Cylinder, Test of Aggregate Crushing Value of stone chips, Test of Deformed M.S. BARS ইত্যাদি) Department of Farm Structure and Environmental Engineering under **Bangladesh Agricultreal University, Mymenshingh** থেকে করা হয়েছে। তবে ল্যাব টেস্টের প্রাপ্ত ফলাফলগুলো সন্তোষজনক পাওয়া গিয়েছে।

- এছাড়াও দেখা যায় যে, Testing of Compressive Strength for C.C Cylinder টেস্ট করা হয়েছে এবং ল্যাব টেস্টের প্রাপ্ত ফলাফল কোথাও কোথাও Avg. Crushing Strength (psi) 4141, 4035, 4321, 4106 পাওয়া গিয়েছে, এ ক্ষেত্রে Avg. Crushing Strengthকিছুটা কম তবে গ্রহণযোগ্য।
- সরজমিনে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক ময়মনসিংহে কংক্রিটের Compressive Strength সম্পর্কে ধারণা নেয়ার জন্য রিবাউন্ড হ্যামার টেস্ট করা হয়েছে এবং হ্যামার টেস্টের প্রাপ্ত ফলাফল সন্তোষজনক পাওয়া গিয়েছে।



DEPARTMENT OF FARM STRUCTURE AND ENVIRONMENTAL ENGINEERING
BANGLADESH AGRICULTURAL UNIVERSITY, MYMENSINGH
phone: (091)67401-6 Ext.6810, mobile: 01757-202787
Fax: (091) 61510, E-mail: fsee@bau.edu.bd

20832

CONCRETE AND MATERIALS TESTING LABORATORY

Ref. No. 10086 (3e)/FS — Date: 16.02.202[illegible]

Specimen sent by: উপ-বিভাগীয় প্রকৌশলী, নেত্রকোনা গণপূর্ত উপ-বিভাগ-২, নেত্রকোনা।

Vide letter No: [illegible] — Date: 10.02.2020

Subject: Testing ofCement (Fresh OPC cement)

Name of work: [illegible]

Package No: ---

Contractor Name: M/S Md. Fazlul Hoque Hazan

TEST RESULTS

A) INITIAL SETING TIME:


| Obs. No. | Starting Time | Finishing Time | Time Taken |
|---|---|---|---|
| 01 | 10:00 AM | 11:41 AM | 01 hr. 41 minutes |

B) FINAL SETING TIME:

| Obs. No. | Starting Time | Finishing Time | Time Taken |
|---|---|---|---|
| 01 | 10:00 AM | 4:20 PM | 06 hr. 20 minutes |

Counter signed by — 16.02.2020

Test performed by — 16/02/2020



BUILD RAW

Rebound Number of Hardened Concrete (Schmidt Hammer Test)

ASTM C 805

| | | | |
|---|---|---|---|
| Client | TECHNOCONSULT INTERNATIONAL LTD. | Lab. Ref. No. | BUILD RAW/TECHNOCONSULT/01 |
| Tested By: | BUILD RAW | Req. No. | BUILD RAW/TECHNOCONSULT/01 |
| Project | SOCIAL SERVICE COMPLEX BUILDING IN MYMENSINGH | Date | 20-May-2021 |
| Part of Structure | Ground Floor Column | Testing Date | 31-Mar-2021 |

| No Reading | Structure | Position of Hammer | Reading | Avg. of Corrected Reading (MPA) | Compressive Strength (PSI) |
|---|---|---|---|---|---|
| | (Test No. 01) | Casting Days: | | | |
| 1 | Ground Floor Column-C4 (16" X 26") Grid # B-4 | Horizontal | 42 | 30.87 | 4475 PSI |
| 2 | | Horizontal | 43 | | |
| 3 | | Horizontal | 37 | | |
| 4 | | Horizontal | 40 | | |
| 5 | | Horizontal | 40 | | |
| 6 | | Horizontal | 40 | | |
| 7 | | Horizontal | 37 | | |
| 8 | | Horizontal | 46 | | |

Note:

* Cylinder compressive strength mentioned in the table based on the conversion curved of Fig.2.9 of the concrete test hammer N-34 Manual ( SL-168086) Proceq Equipment .

These are indicative values. A competent interpretation is required to judge the results.

BUILD RAW DHAKA, BANGLADESH

| Test Performed by | Tested & Checked by |
|---|---|
| Md Monir Hossain Dip. In Civil | Md Saddam Hossain B.Sc. in Civil MIEB-39257 |

H- 42/A, Road- 9/A, Dhanmondi Dhaka- 1209
+88 01798432901 +88 01672495398
buildrawbd@gmail.com
www.facebook.com/buildrawbd

**চিত্রঃ ল্যাব টেস্টের রিপোর্টসমূহ**

## ৩.১৬ মাঠ পর্যায়ে পরিদর্শন এবং চলমান কাজের গুণগত মান পর্যবেক্ষণ

সমাজকল্যাণ মন্ত্রণালয় এর আওতাধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়নাধীন "৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়ে ২২ জেলা) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সমীক্ষাকালীন সরজমিনে চলমান কাজের ভৌত পরিবীক্ষণের মাধ্যমে নির্মাণ উপকরণের মান এবং নির্মাণ কাজের গুণগত মান পর্যবেক্ষণ করা হয়েছে। সরজমিনে দেখা যায় যে, নির্মাণ কাজ বিএনবিসি এবং অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী কাজ চলমান রয়েছে। তবে যে সমস্যাটি লক্ষণীয় ছিল, কিছু ক্ষেত্রে স্ট্রাকচারাল ডিজাইনের ওপর ভিত্তি করে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করার পর স্থাপত্য অধিদপ্তর কর্তৃক মাঝামাঝি সময়ে আর্কিটেকচারাল ডিজাইনে পরিবর্তন ঘটেছে। উদাহরণস্বরূপ, বারান্দার রেলিং ইটের পরিবর্তে আর.সি.সি ঢালাই এবং ঢাকায় ভবনের বৃত্তাকার অংশে কাচের জানালা পরিবর্তে কাচের কার্টেন ওয়াল ইত্যাদি। এতে করে পরিবর্তীত ব্যয় পরিকল্পনা সমেত পুনরায় আরডিপিপি প্রস্তুত না করা পর্যন্ত কাজ ধীরগতি হচ্ছে। নির্মাণ কাজের গুণগত মানের পর্যবেক্ষণের ফলাফলসমহূহ নিম্নে দেয়া হলো-

**ইট ও বালির গুণগত মান পর্যবেক্ষণ:**

"৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়ে ২২ জেলা) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় ২২ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ পরিদর্শনে দেখা যায় যে, কিছু ক্ষেত্রে নির্মাণ কাজে ব্যবহৃত ইটের মান সন্তোষজনক নয় (রাজশাহী, নেত্রকোণা, ময়মনসিংহ, রংপুর, খুলনা, সিরাজগঞ্জ, লালমনিরহাট, চাঁপাইনবাবগঞ্জ)। যে সমস্ত জায়গায় এখনো বেশিরভাগ কাজ অসম্পন্ন রয়েছে (সিলেট, নোয়াখালী, হবিগঞ্জ, দিনাজপুর) সে সমস্ত জায়গায় ভাল মানের ইটের নিশ্চয়তা প্রদান করা প্রয়োজন। এছাড়াও দেখা যায় যে, অনেক জায়গাতেই (নেত্রকোণা, চট্রগ্রাম, ব্রাক্ষ্মণবাড়ীয়া, খুলনা, রাজশাহী) ৬ তলা বিশিষ্ট ভবনের দেয়াল জুড়ে প্লাস্টার পরবর্তীতে অনেক জায়গায় সাদা সাদা লোনা ভেসে উঠেছে। প্লাস্টার করার সময় ভাল মানের বালি ব্যবহার নিশ্চিত করতে হবে যেন লবণাক্ততা না থাকে।





চিত্রঃ  ইট ও বালি সম্পর্কিত

**নির্মাণ কাজে ব্যবহৃত পাথরের গুণগত মান পর্যবেক্ষণ**

জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ পরিদর্শনে দেখা যায় যে, কোথাও কোথাও –LC মাধ্যমে ইন্ডিয়ান পাথর ব্যবহার করা হচ্ছে আবার কোথাও বুড়িমারি, সোনামসজিদ, পঞ্চগড় থেকে সংগ্রহ করা হচ্ছে। যে সমস্ত জায়গায় মূল স্ট্রাকচারের কাজ সম্পন্ন হয়েছে (রাজশাহী, নেত্রকোণা, ময়মনসিংহ, রংপুর, খুলনা, সিরাজগঞ্জ, লালমনিরহাট, চাঁপাইনবাবগঞ্জ) এখন লিন্টেলসহ অন্যান্য কাজ বাকি রয়েছে সে সমস্ত জায়গায় ব্যবহৃত পাথরের মান মোটামুটি ভাল। তবে নোয়াখালী, হবিগঞ্জ, সিলেটে মূল স্ট্রাকচারের ঢালাই কাজে যে পাথর ব্যবহার করা হচ্ছে তা সন্তোষজন নয়। পাথরে অনেক ধরনের ময়লা/আবর্জনা দেখা যায়।

**রড ও সিমেন্ট এর মান পর্যবেক্ষণ**

২২ জেলায় নির্মাণ কাজে সাধারণত-রেইনফোর্সমেন্ট হিসেবে- SS, CSRM ও BSI ইত্যাদি ব্র্যান্ডের রড ব্যবহার করা হচ্ছে। সিমেন্ট- ফ্রেশ সিমেন্ট, মীর সিমেন্ট, টাইগার সিমেন্ট CM-1সহ অন্যান্য ব্র্যান্ডের সিমেন্ট ব্যবহার করা হচ্ছে তবে প্রতিটির ল্যাব টেস্ট করা হয়েছে এবং ল্যাব টেস্টের ফলাফল সন্তোষজনক পাওয়া গিয়েছে।

**কর্ম-পরিবেশ ও চলমান কাজে শ্রমিকদের নিরাপত্তা**

সরজমিন পরিদর্শনে দেখা যায় যে, শ্রমিকগণ বাঁশের সাঁটারিং এর ওপর ঝুলন্ত অবস্থায় প্লাস্টার/ফিনিশিং কাজ করছে কিন্তু কোন ধরনের সেফটি বেল্ট ব্যবহার করেনি। এছাড়াও হ্যান্ড গ্লাবস্, গাম্বুট, হ্যালমেট ইত্যাদি সুরুক্ষা সরঞ্জাম ব্যবহার করা হয়নি যা যে কোন অবস্থায় বড় ধরনের দুর্ঘটনা হওয়ার সম্ভাবনা রয়েছে। এ সম্পর্কে ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তারা জানান যে, তাদেরকে সুরুক্ষা প্রদানের জন্য হেলমেট, গ্লাবস, গাম্বুট ইত্যাদি সরবরাহ করা হয়েছিল কিন্তু তাঁরা তা ব্যবহার করেন না। এছাড়াও দেখা যায় যে, ৬ তলা বিশিষ্ট ভবনের অনেক ক্ষেত্রেই স্টিলের সাঁটার যথাযথভাবে খোলা হয়নি কিছু স্টিল সাঁটার ঝুলে রয়েছে প্রায় খুলে যায় যায় অবস্থা এমতাবস্থায় যে কোন সময় খুলে নিচে পড়লে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। তাছাড়া ৬ তলা বিশিষ্ট ভবনের সিড়িতে অস্থায়ী কোন রেলিং ব্যবহার করা হয়নি। একটি চলমান কাজে উপরিউক্ত বিষয়গুলো যথাযথভাবে পালন করা বাঞ্ছনীয় বলে গণ্য হয়।

### ৩.১৭ সরেজমিনে নির্মাণ কাজের গুণগত মান পর্যবেক্ষণের ফলাফল













**মাঠ পর্যায়ে পরিদর্শনের ফলাফলসমূহ:**

সরেজমিনে দেখা যায় যে, কুমিল্লায় এখনো নির্মাণ কাজ শুরু করা হয়নি এবং সুনামগঞ্জে পাইলিং এর লোড টেস্ট করা হচ্ছে এবং হবিগঞ্জ, নোয়াখালী, সিলেট এর নির্মাণ কাজের অগ্রগতি খুবই কম। এছাড়া বাকি অন্যান্য জেলার মূল অবকাঠামোর কাজ সম্পন্ন হয়েছে এবং ফিনিশিং কাজ চলমান রয়েছে। সরজমিনে উক্ত ভবনগুলোর গ্রাউন্ড ফ্লোর, মেঝে, বারান্দা, বাউন্ডারীওয়াল ইত্যাদির পরিমাপসহ চলমান কাজে ব্যবহৃত ইট, পাথর, রড, সিমেন্ট ইত্যাদি মালামালের গুণগত মান যাচাই করা হয়েছে। প্লাস্টার এবং ফিনিশিং কাজ, বাউন্ডারী ওয়ালসহ ইত্যাদি বিষয়ে বেশ কিছু ব্যত্যয় পরিলক্ষিত হয়েছে। উল্লেখ্য যে, Covid-19 এর কারণে নির্মাণ কাজ ৫-৬ মাস বন্ধ ছিল। অবকাঠামো পরিদর্শনের ফলাফল  নিম্নে দেয়া হলো।

**অবকাঠামোর নাম:** Establishment of 64 District Social Service Complex (22 District in 1st phase) **one at Netrokona**

- সরজমিনে ড্রইং ও ডিজাইন অনুযায়ী বীম, কলাম,রুম এবং বাউন্ডারী ওয়ালের পরিমাপ সঠিক পাওয়া গিয়েছে। তবে ভবনের সামনের বারান্দার রেলিং পরিমাপ করে দেখা যায় যে, এক পাশ থেকে অন্য পাশে ১ ইঞ্চি বাকা রয়েছে অর্থাৎ রেলিং এর কাজ ঠিকভাবে করা হয়নি। রুম, কলাম, বীম বাউন্ডারী ওয়াল ছাড়াও ছাদের রেলিং এর পরিমাপ করে ড্রইং অনুযায়ী সঠিক পাওয়া গিয়েছে। এছাড়াও কলাম ও বীমের ঢালাই ভাল দেখা গিয়েছে। তবে, বীম ও কলামে ২ বারে প্লাস্টার করা হচ্ছে কিন্তু ২ বার গিয়ে প্লাস্টার এর জয়েন্টে ফিনিশিং ভাল হয়নি যেখানে উঁচু/নিচু দেখা গিয়েছে এবং কোন কোন কলামে ১ ইঞ্চির উপরে প্লাস্টার করা হয়েছে। কলাম ও বীমে চিপিং সঠিকভাবে করা হয়নি।
- ভবনে সিঁড়ির পাশে  কলামের ২ পাশ কেটে ইলেক্ট্রিক্যাল ক্যাবল লাইন নেয়া হয়েছে যা মোটেও গ্রহণযোগ্য নয়। অধিকাংশ লিন্টেলের ঢালাই ঠিকভাবে করা হয়নি এবং ভাইব্রেটর সঠিকভাবে ব্যবহার করা হয়নি যার কারণে অধিকাংশ লিন্টেলেই ঢালাই পরবর্তীতে ফাঁকা দেখা গিয়েছে এবং অনেক বেশি হানিকম্ব দেখা দিয়েছে।
- ভবনের জানালার গ্রীলের বার ড্রইং অনুযায়ী স্পেস ৪ ইঞ্চি থাকলেও পরিমাপ করে দেখা যায় যে, ৪ ইঞ্চিরি ওপরে আছে।  এছাড়াও দরজার জন্য ব্যবহৃত চৌকাঠের গুণগত মান সন্তোষজনক নয় কিছু কিছু চৌকাঠে চিড়ল/ফাঁটল দেখা যায় এবং চৌকাঠের সাইটে ওয়ালের সংযোগ স্থলে অনেকটুকুই ফাঁকা যা মসলা দ্বারা পূরণ করা হয়নি। ভবনের দেয়ালে ব্যবহৃত এসডিবি (Subdistriution Board) ইলেক্ট্রিক্যাল বক্সে প্লাস্টার লেভেলিং সঠিকভাবে করা হয়নি যার জন্য এসডিবি (Subdistriution Board) বক্স কোথাও ভিতরে এবং কোথাও বাহিরে দেখা যায়।
- এছাড়াও দেখা যায় যে, সেপটিক ট্যাংক এবং সোকওয়েল এর মাঝে ঢালাই করার সময় কোন সংযোগ দেয়া হয়নি অথবা কোন লাইনও না রেখে নেট ফিনিশিং দিয়ে কাজ সম্পন্ন করা হয়েছে। যখন ভবন থেকে পাইপ লাইনের সংযোগ সেপটিক ট্যাংক এবং সোকওয়েলে দেয়া হবে তখন ঢালাই ভেঙ্গে নতুনভাবে সংযোগ দিতে হবে এবং উক্ত ঢালাই ভাঙ্গার সময় মূল স্ট্রাকচার/কাঠামো নষ্ট হতে পারে এবং সংযোগ স্থলে লিকেজ থাকার সম্ভাবনা থাকবে।

**অবকাঠামোর নাম:** Establishment of 64 District Social Service Complex (22 District in 1st phase) **one at Mymenshing**

- ৬ তলা বিশিষ্ঠ ভবনের মূল অবকাঠামোর কাজ সম্পন্ন হয়েছে বর্তমানে ভবনে প্লাস্টার এবং ফিনিশিং কাজ চলমান রয়েছে। ড্রইং ও ডিজাইন অনুযায়ী বীম, কলাম,রুম এবং বাউন্ডারী ওওয়ালের পরিমাপ সঠিক পাওয়া গিয়েছে।  দেখা যায় যে, বীম ও কলামে চিপিং কম করে প্লাস্টার করা হচ্ছে। ৬ তলার উপরে ছাদে ওভার হেড ট্যাংকিতে ঢালাই পরবর্তীতে হানিকম্ব অনেক বেশি পরিলক্ষীত হয়েছে। এছাড়াও ঢালাই কাজে যে পলিথীন ব্যবহার করা হয়েছে তা অপসারণ করা হয়নি এমতাবস্থায় চিপিং ব্যতিত প্লাস্টার করলে তা হবে হুমকিস্বরূপ।
- গ্রাউন্ড ফ্লোর থেকে ৩ তলা পর্যন্ত বারান্দায় রেলিং হিসেবে যে ইটের গাঁথুনী করা হয়েছে তাতে কোন প্রকার সাপোর্ট দেয়া হয়নি যা অনেক ঝুঁকিপূর্ণ। এছাড়াও বরান্দার রেলিংটি পরিমাপ করে দেখা যায় যে, এক পাশ থেকে অন্য পাশে ১-২ ইঞ্চি বাকা হয়েছে।

- একটি বীমের এ্যালাইনমেন্ট সঠিকভাবে করা হয়নি এবং বীম/কলামের জয়েন্টে ঠিকভাবে এ্যালাইনমেন্ট চেক করা হয়নি যার কারণে কলাম থেকে বীম বাহিরের দিকে বেশি দেখা গিয়েছে।
- দরজার জন্য ব্যবহৃত কিছু চৌকাঠের গুণগত মান সন্তোষজনক নয় এছাড়াও কিছু চৌকাঠে চিড়ল/ফাঁটল দেখা যায় এবং চৌকাঠের সাইটে ওয়ালের সংযোগ স্থলে অনেকটুকুই ফাঁকা যা মসলা দ্বারা পূরণ করা হয়নি এবং মসলা দ্বারা পূরণ করা হলেও তা যথাযথ হবে বলে মনে হয়নি। ভবনের দেয়ালে ইলেক্ট্রিক্যাল এমকে বক্সগুলো সঠিকভাবে স্থাপন করা হয়নি যার কারণে উক্ত বক্সে যখন বৈদ্যুতিক সুইচ বোর্ড স্থাপন করা হবে তখন যথাযথ হবে না।

**অবকাঠামোর নাম:** Establishment of 64 District Social Service Complex (22 District in 1st phase) **one at Dhaka**

সরজমিনে দেখা যায় যে, পুরো স্ট্রাকচার কাজ শেষ বর্তমানে ফিনিশিং কাজ চলমান রয়েছে। কিন্তু ভবনের প্রতি ফ্লোরের নিচ দেয় ইন্টারনেট ক্যাবল, PABX লাইন, সিসিটিভি ইত্যাদি ক্যাবল লাইনের কাজ সম্পন্ন না হওয়ার কারণে টাইলস্ বসানোর কাজ করা যাচ্ছে না। কিছু সিঁড়িতে রড কাটিং কাজ সম্পন্ন করা হয়নি এবং সিড়িতে অস্থায়ী বেস্টনী দেয়া হয়নি। এছাড়া কিছু কিছু আইটেমের পরিমাণ বেড়েছে এবং কিছু আইটেম কমার কারণে দ্রুত ভেরিয়েশন এর অনুমোদনের প্রয়োজন হবে। বাহ্যিক দৃষ্টিতে গাঁথুনীর কাজে ইটের মান ভাল দেখা গিয়েছে।

**অবকাঠামোর নাম:** Establishment of 64 District Social Service Complex (22 District in 1st phase) **one at Noakhali**

সরজমিনে দেখা যায় যে, ২য় তলার স্ল্যাব কাস্টিং এর কাজ চলমান রয়েছে। স্ল্যাব কাস্টিং এর রডের স্পেস কম/বেশি দেখা গিয়েছে। কলামরে সংযোগ স্থলে বীমের স্টিরাপের হুক যথাযথ হয়নি এবং কলামের রডের ল্যাপিং যথাযথ হয়নি অর্থাৎ রড কাটিং এর সময় যথাযথভাবে রড কাটিং করা হয়নি। এছাড়াও গ্রাউন্ড ফ্লোরের কলাম এবং বীমের জয়েন্টে হানিকম্ব দেখা গিয়েছে।

**অবকাঠামোর নাম:** Establishment of 64 District Social Service Complex (22 District in 1st phase) **one at Sylhet**

সরজমিনে দেখা যায় যে, ১ম তলার বীম ও কলাম কাস্টিং এর জন্য সাঁটারিং এর কাজ চলমান রয়েছে। নির্মাণ কাজের অগ্রগতি খুবই কম। এছাড়া দেখা যায় যে, গ্রাউন্ড ফ্লোরের কলামের জয়েন্টগুলো যথাযথ হয়নি।

**অবকাঠামোর নাম:** Establishment of 64 District Social Service Complex (22 District in 1st phase) **one at Habiganj**

সরজমিনে দেখা যায় যে, ১ম তলায় কলাম কাস্টিং এর জন্য সাঁটারিং এর কাজ চলমান রয়েছে। এছাড়াও দেখা যায় যে, গ্রাউন্ড ফ্লোরের কলামের জয়েন্টগুলো যথাযথ হয়নি। নির্মাণ কাজের অগ্রগতি খুবই কম।

**অবকাঠামোর নাম:** Establishment of 64 District Social Service Complex (22 District in 1st phase) **one at Brahmanbaria**

ভবন পরিদর্শনে দেখা যায় যে, মূল অবকাঠামোর কাজ সম্পন্ন হয়েছে। ড্রইং/ডিজাইন অনুযায়ী সিড়ি, বারান্দা, মেঝে ইত্যাদির পরিমাপ সঠিক পাওয়া গিয়েছে। বর্তমানে ফিনিশিং কাজ চলমান রয়েছে। মূল স্ট্রাকচার আপাত দৃষ্টিতে ভাল পরিলক্ষিত হয়েছে তবে প্লাস্টারিং এর পর কিছু কিছু ক্ষেত্রে সাদা লোনা ভেসে উঠেছে।

**অবকাঠামোর নাম:** Establishment of 64 District Social Service Complex (22 District in 1st phase) **one at Chattogram**

সরজমিনে দেখা যায় যে, মুল অবকাঠামোর কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে নেট ফিনিশিং এবং টাইলস্ এর কাজ চলমান রয়েছে। মূল স্ট্রাকচার আপাত দৃষ্টিতে ভাল পরিলক্ষিত হয়েছে তবে গ্রাউন্ড ফ্লোরের গ্রেড বীমের সংযোগ স্থলে ওয়ালে প্লাস্টার পরবর্তীতে ২-৩ মিলি ফাটল দেখা গিয়েছে যা ওয়ালের জন্য হুমকিস্বরুপ।

**অবকাঠামোর নাম:** Establishment of 64 District Social Service Complex (22 District in 1st phase) **one at Sunamganj**

পরিদর্শনকালীন দেখা যায় যে, নির্মাণ কাজের জন্য সয়েল টেস্ট করা হয়েছে বর্তমানে পাইলিং এর লোড টেস্ট করা হচ্ছে। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের থেকে জানা যায় সুনামগঞ্জে জমি পেতে সমস্যা জনিত কারণে নির্মাণ কাজ শুরু করতে বিলম্ব হয়েছে।

**অবকাঠামোর নাম:** Establishment of 64 District Social Service Complex (22 District in 1st phase) **one at Kishorganj**

সরজমিনে দেখা যায় যে, মুল অবকাঠামোর কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে সাব-স্টেশন নির্মাণের কাজ চলমান রয়েছে। নির্মাণ কাজে কাঠের সাঁটারি ব্যবহার কার হচ্ছে। এছাড়াও কলামের রড কাটিং সঠিক হয়নি এবং হানিকম্ব দেখা গিয়েছে।

**অবকাঠামোর নাম:** Establishment of 64 District Social Service Complex (22 District in 1st phase) **one at Rangpur**

মূল অবকাঠামোর কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে গাঁথুনী এবং ফিনিশিং কাজ চলমান রয়েছে। আপাত দৃষ্টিতে স্ট্রাকচারের গুণগত মান ভাল পরিলক্ষিত হয়েছে। ড্রইং/ডিজাইন অনুযায়ী জানালার গ্রীলের পরিমাপ সঠিক পাওয়া গিয়েছে। তাছাড়াও বাহ্যিক দৃষ্টিতে ইটের মান ভাল দেখা গিয়েছে।

**অবকাঠামোর নাম:** Establishment of 64 District Social Service Complex (22 District in 1st phase) **one at Rajshahi**

সরজমিনে দেখা যায় যে, মূল অবকাঠামোর কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে গাঁথুনী এবং ফিনিশিং কাজ চলমান রয়েছে। আপাত দৃষ্টিতে স্ট্রাকচারের গুণগত মান ভাল দেখা গিয়েছে হয়েছে। তবে লবণাক্ততা থাকায় প্লাস্টার পরবর্তীতে দেয়ালের অনেক জায়াগায় সাদা সাদা লোনা ভেসে উঠেছে।

**অবকাঠামোর নাম:** Establishment of 64 District Social Service Complex (22 District in 1st phase) **one at Sirajganj**

মূল অবকাঠামোর কাজ সম্পন্ন হয়েছে। ছাঁদে ওয়ারহেড টেংকির কাজ চলমান রয়েছে এবং গাঁথুনী ও ফিনিশিং কাজ চলমান রয়েছে। দেখা যায় যে, গ্রাউন্ড ফ্লোর থেকে ৬ তলা পর্যন্ত বারান্দায় রেলিং হিসেবে যে ইটের গাঁথুনী করা হয়েছে তাতে কোন প্রকার সাপোর্ট দেয়া হয়নি যা ঝুঁকিপূর্ণ। এছাড়াও নির্মাণ কাজে ব্যবহৃত রডগুলো খোলা জায়গায় রাখা হয়েছে যেখানে রডের গুণাগুণ নষ্ট হওয়ার অনেক সম্ভবাবনা থেকে যায় এবং ৬ তলা ভবনের সম্মুখভাগে স্টিল সাঁটারগুলো যথাযথভাবে অপসারণ করা হয়নি।

**অবকাঠামোর নাম:** Establishment of 64 District Social Service Complex (22 District in 1st phase) **one at Chapainawabganj**

সরজমিনে দেখা যায় যে, মূল অবকাঠামোর কাজ সম্পন্ন হয়েছে। ছাঁদে ওয়ারহেড টেংকির কাজ এবং ফিনিশিং কাজ চলমান রয়েছে। দেখা যায় যে, ঢালাই পরবর্তী বরান্দার স্ল্যাব একদিকে বাকা দেখা গিয়েছে এবং লিন্টেলে বাঁশ ও কাঠের সাঁটারিং ব্যবহার করা হয়েছে তবে সে অনুযায়ী যথাযথ সাপোর্ট দেয়া হয়নি।

**অবকাঠামোর নাম:** Establishment of 64 District Social Service Complex (22 District in 1st phase) **one at Lalmonirhat**

পরিদর্শনকালীন দেখা যায় যে, ৬ষ্ঠ তলার স্ল্যাব ঢালাই করা হয়েছে। তবে স্ল্যাব ঢালাই এ বাঁশ ও কাঠের সাঁটারিং ব্যবহার করা হয়েছে যা গ্রহণযোগ্য নয় । এছাড়াও কোন সেফটি ক্যানোপি কিংবা নেট ব্যবহার করা হয়নি যা বহুতল ভবন নির্মাণে অত্যন্ত গুরুত্বপূর্ণ ।

**অবকাঠামোর নাম:** Establishment of 64 District Social Service Complex (22 District in 1st phase) **one at Gopalganj**

সরজমিনে দেখা যায় যে, মূল অবকাঠামোর কাজ সম্পন্ন হয়েছে। ছাদে ওয়ারহেড টেংকির কাজ এবং ফিনিশিং কাজ চলমান রয়েছে। গাথুনীর কাজে ব্যবহৃত ইটের মান বাহ্যিক দৃষ্টিতে সন্তোজনক দেখা গিয়েছে।

**অবকাঠামোর নাম:** Establishment of 64 District Social Service Complex (22 District in 1st phase) **one at Barishal**

সরজমিনে দেখা যায় যে, মূল অবকাঠামোর কাজ সম্পন্ন হয়েছে। ফিনিশিং কাজ চলমান রয়েছে। গাঁথুনীর কাজে ব্যবহৃত ইটের মান বাহ্যিক দৃষ্টিতে সন্তোজনক দেখা গিয়েছে। এছাড়াও নির্মাণ কাজে নিয়োজিত শ্রমিকদের হেলমেট, গাম্বুট, গ্লাবস ইত্যাদি নিরাপত্তা সরঞ্জাম নিশ্চিত করা হয়নি।

## ৩.১৮ সমীক্ষা থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ ও ফলাফল পর্যালোচনা

"৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়ে ২২ জেলা) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের **নিবিড় পরিবীক্ষণ** সমীক্ষার প্রকল্পের অন্তর্ভুক্ত ২২টি জেলা সমাজসেবা অফিস থেকে সেবা গ্রহণ করে এমন ৬ ক্যাটাগরির প্রতি ক্যাটাগরি থেকে ২জন করে মোট ২৬৪ জন এবং জেলা সমাজ সেবা অফিসে কর্মরত সেবা প্রদানকারী ৬-৭ জন কর্মকর্তা থেকে ২২জেলার ১৩৯ জনসহ সর্বমোট ৪০৩ জন সুবিধাভোগীদের থেকে সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে।

সেবা প্রদানকারী সমাজসেবা অফিসের মোট ১৩৯ জন কর্মকর্তা হতে প্রাপ্ত ফলাফল নিম্নে বর্ণনা করা হলোঃ


### ৩.১৮.১ সেবা সংক্রান্ত তথ্যাদি

জেলা সমাজসেবা অফিসের ধরণ সম্পর্কিত আলোচনায় দেখা যায় যে, শতভাগ উত্তরদাতা বলেছেন যে, দুস্থ ও অসচ্ছল মহিলাদের ভাতা, বয়স্ক লোকদের ভাতা, প্রতিবন্ধীদের ভাতা, হিজড়াদের ভাতা, মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রদান করা হয়। শুধুমাত্র ৭২% জানিয়েছেন যে তারা মহিলাদের ট্রেড কোর্স সেবা প্রদান করে থাকেন (সারণি-৩.১৮.১)।

**সারণি-৩.১৮.১ জেলা সমাজসেবা অফিসে সেবা প্রদান সম্পর্কিত তথ্য**

| সেবাসমূহ | সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| দুস্থ ও অসচ্ছল মহিলাদের ভাতা প্রদান | ১৩৯ | ১০০.০ |
| বয়স্ক লোকদের ভাতা প্রদান | ১৩৯ | ১০০.০ |
| প্রতিবন্ধীদের ভাতা প্রদান | ১৩৯ | ১০০.০ |
| হিজলাদের ভাতা প্রদান | ১৩৯ | ১০০.০ |
| মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রদান | ১৩৯ | ১০০.০ |
| মহিলাদের ট্রেড কোর্স | ১০১ | ৭২.৬ |
| **একাধিক উত্তর** | **১৩৯** | |

সারণি ৩.১৮.২ থেকে দেখা যায় যে, **'সেবা প্রদানের ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখিন হতে হয় কি না' এমন প্রশ্নের জবাবে** প্রায় ৫৯% কর্মকর্তা জানিয়েছেন সমস্যা হয় । অবশিষ্ট ৪১% জানিয়েছেন সেবা প্রদানে সমস্যা হয় না।




চিত্রঃ ৩.১৮.২ সেবা প্রদানে সম্পর্কিত মতামত

### ৩.১৮.৩ সেবা প্রদানে সমস্যা সম্পর্কিত মতামত

সারণি ৩.১৮.৩ এ দেখা যায় যে, সমস্যা হিসেবে ৮১.৭% জানিয়েছেন মিটিং রোম নাই/ওয়েটিং রুম নাই, ৭৪.৩% বলেছেন অল্প জায়গায় বিভিন্ন সেবা ভোগীদের যায়গা দিতে পারা যায় না, প্রায় ৫৫% জানিয়েছেন অফিসের সবাই একই জায়গায় বসতে পারে না, মাঠ পর্যায়ে কিছু সমস্যা হয় জনপ্রতিনিধিদের কারনে, এবং জন বল সমস্যার কথা ও উল্লেখ করেছেন বিস্তারিত সারণি-৩.১৮.৩।

**সারণি-৩.১৮.৩ সেবা প্রদানে সমস্যা সম্পর্কিত মতামত**


| সমস্যার ধরণ | সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| অল্প জায়গায় বিভিন্ন সেবা ভোগীদের জায়গা দিতে পারা যায় না | ৬১ | ৭৪.৩ |
| অফিসের সবাই একই জায়গায় বসতে পারে না | ৪৫ | ৫৪.৯ |
| মিটিং রুম নাই/ওয়েটিং রুম নাই | ৬৭ | ৮১.৭ |
| মাঠ পর্যায়ে কিছু সমস্যা হয় জনপ্রতিনিধিদের কারণে | ২১ | ২৮.০ |
| জনবল সমস্যা | ১৭ | ২২.৭ |
| তালিকা পেতে দেরী হয় | ৫ | ৬.৭ |
| **একাধিক উত্তর সংখ্যা=৮২** | | |

জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে বিভিন্ন সেবা প্রদানে যে সকল সুযোগ-সুবিধা বৃদ্ধি পাবে এ বিষয়ে উপকারভোগী অফিসের কর্মকর্তাগণ জানিয়েছেন যে, ভবন নির্মিত হলে একই ভবনে বিভিন্ন সেবা দেয়া যাবে প্রায় ৮১%, সেবা গ্রহীতাদের জন্য আলাদা বসার রুম থাকবে ৬৭.৬%, সেবা গ্রহিতাদের মাঝে দ্রুত সেবা প্রদান করা যাবে বলেছেন ৫০.৮%, অবকাঠামো উন্নয়ন হবে বলেছেন ৩২.৪%। বিস্তারিত সারণি-৩.১৮.৪ এ দেয়া হলো-

**সারণি-৩.১৮.৪ জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে বিভিন্ন সেবা প্রদানে যে সকল সুযোগ-সুবিধা বৃদ্ধি পাবে**

| সুযোগ-সুবিধাসমূহ | সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| একই ভবনে বিভিন্ন সেবা দেয়া যাবে | ১১৩ | ৮১.৩ |
| সেবা গ্রহিতাদের মাঝে দ্রুত সেবা প্রদান করা যাবে | ৭২ | ৫০.৮ |
| অবকাঠামো উন্নয়ন হবে | ৪৫ | ৩২.৪ |
| প্রতিবন্ধীদের সেবা নিতে সুবিধা হবে | ১৭ | ১২.৯ |
| সেবা গ্রহীতাদের জন্য আলাদা বসার রুম থাকবে | ৯৪ | ৬৭.৬ |
| **একাধিক উত্তর সংখ্যা=১৩৯** | | |

বর্তমান জেলা কমপ্লেক্স অফিস রুম সেবা প্রদানে সহায়ক কি না এমন প্রশ্নে শতভাগ উত্তরদাতা ‘না’ বোধক জবাব দিয়েছেন। সারণি ৩.১৮.৫ এর তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, শতকরা ৯৩ ভাগ উত্তরদাতা ‘পর্যাপ্ত আসবাবপত্র/সরঞ্জামাদি নেই’ বিষয়ে মতামত দিয়েছেন। ‘রুমের স্পেস একদম কম’ বিষয়ে মত দিয়েছেন শতকরা ৭৪ ভাগ উত্তরদাতা। শতকরা প্রায় ৪১ ভাগ তাদের অফিসে পর্যাপ্ত জনবল নেই বলে মন্তব্য করেছেন।




**চিত্রঃ ৩.১৮.৫ বর্তমান জেলা কমপ্লেক্স অফিস রুম সেবা প্রদানে সহায়ক সম্পর্কিত তথ্য**

### ৩.১৮.৬ নতুন কমপ্লেক্স নির্মিত হলে বিরাজমান সমস্যা সমাধান সম্পর্কিত মতামত

নতুন কমপ্লেক্স নির্মিত হলে বিরাজমান সমস্যা সমাধান সম্পর্কিত মতামতে ১০০% উত্তরদাতা 'ভবন নির্মাণ করা হলে রুমের স্পেস বৃদ্ধি পাবে ফলে পর্যাপ্ত আসবাবপত্র/সরঞ্জামাদি বাড়ানো যাবে'; প্রায় ৭৩% 'রুমের স্পেস বড় হবে' বিষয়ে মত দিয়েছেন। সেবা গ্রহিতাদের বসার কক্ষ থাকবে বিষয়ে মত দিয়েছেন শতকরা প্রায় ৬৬ ভাগ উত্তরদাতা। 'মায়েদের জন্য আলাদা কমন রুম থাকবে' এমন মতামত শতকরা প্রায় ৫১ ভাগ উত্তরদাতার। বিস্তারিত সারণি ৩.১৮.৬ দেখা যেতে পারে।

**সারণি-৩.১৮.৬ নতুন কমপ্লেক্স নি**র্মিত হলে বিরাজমান **সমস্যা সমাধান সম্পর্কিত মতামত**

| মতামত | সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| ভবন নির্মাণ করা হলে রুমের স্পেস বৃদ্ধি পাবে ফলে পর্যাপ্ত আসবাবপত্র/সরঞ্জামাদি বাড়ানো যাবে | ১৩৯ | ১০০.০ |
| রুমের স্পেস বড় হবে | ৯৬ | ৭২.৭ |
| সেবা গ্রহিতাদের বসার কক্ষ থাকবে | ৯১ | ৬৫.৫ |
| ভবন নির্মাণ হলে একই ভবনে সকল সেবা প্রদান করা যাবে | ৭৯ | ৫৯.৮ |
| মায়েদের জন্য আলাদা কমন রুম থাকবে | ৭০ | ৫০.৫ |
| মিটিং রুমের ব্যবস্থা থাকবে | ১০২ | ৭৩.৫ |
| **একাধিক উত্তর সংখ্যা= ১৩৯** | | |

### ৩.১৮.৭ জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে জেলা সমাজসেবা অধিদপ্তরের সকল প্রোগ্রামসমূহ সুনিপুনভাবে নির্বাহ করা সম্পর্কিত মতামত

জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে জেলা সমাজসেবা অধিদপ্তরের সকল প্রোগ্রামসমূহ সুনিপুনভাবে নির্বাহ সম্পর্কিত প্রশ্নে শতভাগ উত্তরদাতা 'হ্যাঁ' সূচক উত্তর দিয়েছেন। এদের সকলেই 'ট্রেনিং রুমের ব্যবস্থা থাকবে ফলে অনেক লোক প্রশিক্ষণ নিতে পারবে' এমন মত দিয়েছেন। প্রায় ৮২% অফিসার 'মিটিং রুমের ব্যবস্থা হবে' বিষয়ে মত দিয়েছেন। বিস্তারিত সারণি-৩.১৮.৭ দেখা যেতে পারে।

সারণি-৩.১৮.৭ জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে সকল প্রোগ্রামসমূহ সুনিপূণভাবে নির্বাহ করা সম্পর্কিত মতামত

| **পরিবর্তনসমূহ** | **সংখ্যা** | **শতকরা হার** |
|---|---|---|
| মিটিং রুমের ব্যবস্থা হবে | ১১৪ | ৮২.১ |
| ট্রেনিং রুমের ব্যবস্থা থাকবে ফলে অনেক লোক প্রশিক্ষণ নিতে পারবে | ১৩৯ | ১০০.০ |
| নিজস্ব ভবনে আধুনিক কনফারেন্স রুমসহ সকল সুযোগ সুবিধা থাকবে ফলে প্রোগামে গতিশীলতা বাড়বে | ১০৭ | ৭৭.০ |
| **একাধিক উত্তর=১৩৯** | | |

### ৩.১৮.৮ জেলা সমাজসেবা কমপ্লেক্সের সেবাসমূহ

সারণি-৩.২০.৮-এ জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে সমাজসেবা অধিদপ্তরের আওতাধীন সকল সংস্থা/দলকে সহজভাবে আরও ভাল সেবা প্রদান সম্পর্কিত মতামতে শতভাগ উত্তরদাতা 'ভবনের ফলে এক জায়গা থেকে সকল সুবিধাভোগীদের সেবা দেয়া সম্ভব হবে' বিষয়ে মত দিয়েছেন। 'সুবিধাভোগীদের জন্য আলাদা বসার জায়গা থাকবে' বিষয়ে মন্তব্য করেছেন শতকরা প্রায় ৯২ ভাগ উত্তরদাতা।

**সারণি-৩.১৮.৮ সমাজসেবা অধিদপ্তরের আওতাধীন সকল সংস্থা/ দল**কে **আরও ভাল সেবা প্রদান করা কিভাবে সহজ হবে**

| মতামত | সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| ভবনের ফলে এক জায়গা থেকে সকল সুবিধাভোগীদের সেবা দেয়া সম্ভব হবে | ১৩৯ | ১০০.০ |
| সকল সুবিধাভোগীদের সহজে সেবা প্রদান করা সম্ভব হবে | ৯৯ | ৭১.২ |
| সুবিধাভোগীদের জন্য আলাদা বসার জায়গা থাকবে | ১২৭ | ৯১.৪ |
| **মোট** | | |

### ৩.১৮.৯ জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে জেলা সমাজসেবা কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের অফিস/বাসস্থানের সমস্যা সমাধান সম্পর্কিত মতামত

সারণি-৩.১৮.৯-এ উত্তরদাতাদের নিকট থেকে জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে জেলা সমাজসেবা কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের অফিস/বাসস্থানের সমস্যা সমাধান সম্পর্কিত মতামত জানতে চাওয়া হয়। এ বিষয়ে শতকরা ৮৩ ভাগ উত্তরদাতা কক্ষ সংখ্যা বৃদ্ধির বিষয়ে মত দিয়েছেন। 'উদ্বর্তন কর্তৃপক্ষের থাকার ব্যবস্থা হবে' বিষয়ে মতামত ব্যক্ত করেছেন শতকরা ৭৪ ভাগ উত্তরদাতা।

সারণি-৩১৮.৯ জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে জেলা সমাজসেবা কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের অফিস/বাসস্থানের সমস্যা কিভাবে সমাধান হবে সে সম্পর্কিত মতামত

| মতামত | **সংখ্যা** | **শতকরা হার** |
|---|---|---|
| অফিস কক্ষের জায়গা বৃদ্ধি পাবে | ১০৪ | ৭৪.৪ |
| কক্ষ সংখ্যা বাড়বে | ১১৬ | ৮৩.৪ |
| উদ্বর্তন কর্তৃপক্ষের থাকার ব্যবস্থা হবে | ১০৩ | ৭৪.২ |
| ভাড়া দিতে হবে না ফলে সরকারের রাজস্ব বাড়বে | ৬৮ | ৪৮.৫ |
| **একাধিক উত্তর=১৩৯** | | |

### ৩.১৮.১০ নতুন ভবন নির্মাণ কাজের গুণগত মান সম্পর্কে ধারণা

সারণি-৩.১৮.১০-এ নতুন ভবন নির্মাণ কাজের গুণগতমান ধারণা আছে কিনা সে বিষয়ে সম্পর্কিত মতামতের প্রেক্ষিতে মাত্র ৩৩% উত্তরদাতা বলেছেন তাদের ধারণা আছে। অবশিষ্ট উত্তরদাতা (৬৭%) এ বিষয়ে তাদের কোন ধারণা নাই বলে মন্তব্য করেছেন। 'গুণগত মান ঠিক রেখেই কাজ করছে' এমন মত দিয়েছেন ৭২% উত্তরদাতা। শতকরা ২৮ ভাগ উত্তরদাতা পিডব্লিউডি নিয়মিত তদরকী করছে বিষয়ে মতামত দিয়েছেন।

**সারণি-৩.১৮.১০ ধারণাসমূহ সম্পর্কে মতামত**

| ধারণাসমূহ | **সংখ্যা** | **শতকরা হার** |
|---|---|---|
| গুণগত মান ঠিক রেখেই কাজ করছে | ৩১ | ৭২.১ |
| পিডব্লিউডি নিয়মিত তদরকী করছে | ২০ | ২৭.৯ |
| **একাধিক উত্তর** | ৫১ | ১০০.০ |

## ৩.১৯ উপকারভোগী (সেবা গ্রহীতাদের) হতে প্রাপ্ত ফলাফল

### ৩.১৯.১ উত্তরদাতাদের পুরুষ/মহিলা অনুপাত, শিক্ষাগত যোগ্যতা এবং পেশা

সমাজ সেবা অধিদপ্তরে জেলা অফিসগুলো হতে যে সকল সেবা প্রদান করা হয়, নতুন ভবন নির্মাণের ফলে উপকারভোগীদের কাছে সঠিকভাবে পৌঁছাবে বা পাবে কিনা এ বিষয়ে প্রশ্নপত্রের মাধ্যমে উপস্থাপন করা হয়েছে। এ বিষয়ে ২৬৪ জন উত্তরদাতার মধ্যে ৯৪ (৪১%) পুরুষ এবং ১৫৬ (৫৯%) মহিলা। এদের মধ্যে সর্বোচ্চ ৪০% উত্তরদাতার বয়স ৬১-৭৫ বছরের মধ্যে। ৩১-৫০ বছরের মধ্যে উত্তরদাতার সংখ্যা শতকরা ২৪ ভাগ। বিস্তারিত সারণি ৩.১ এবং ৩.২ এ দেখা যেতে পারে। নমুনায়িত উত্তরদাতাদের শতকরা ৪২ ভাগই নিরক্ষর। এসএসসি বা সমমান পর্যায়ের সংখ্যা শতকরা প্রায় ১৪ ভাগ মাত্রা। উত্তরদাতাদের বেশিরভাগই (৩৫%) গৃহিণী। অকৃষি দিন মজুর প্রায় ১৯% উত্তরদাতা (৪১ জন) (সারণি ৩.৩)। শতকরা প্রায় ৪৫ ভাগ উত্তরদাতার পরিবারের সদস্য সংখ্যা ৪ জনের বেশি। ৩-৪ জন সদস্য সংখ্যা বিশিষ্ট পরিবার শতকরা ৩৩ ভাগ।

**সারণি-৩.১৯.১ উত্তরদাতা পুরুষ/মহিলা**

| মতামত | **সংখ্যা** | **শতকরা হার** |
|---|---|---|
| পুরুষ | ১০৮ | ৪০.৯ |
| মহিলা | ১৫৬ | ৫৯.১ |
| **মোট** | ২৬৪ | ১০০.০ |

**সারণি ৩.১৯.২: উত্তরদাতাদের বয়স শতকরা বন্টন**

| বয়স | সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| ২০ | ১৬ | ৬.০ |
| ২১-৩০ | ২৮ | ১০.৬ |
| ৩১-৫০ | ৬৩ | ২৩.৮ |
| ৫১-৬০ | ৩৫ | ১৩.২ |
| ৬১-৭৫ | ১০৬ | ৪০.১ |
| ৭৫ এর বেশী | ১৬ | ৬.০ |
| **মোট** | **২৬৪** | **১০০.০** |
| **গড় বয়স** | **৪৩.০৩** | |

**সারণি ৩.১৯.৩: উত্তরদাতাদের পেশার বন্টন**

| পেশা | সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| কৃষি মজুর | ৩৪ | ১২.৮ |
| অকৃষি দিন মজুর | ৪৭ | ১৭.৮ |
| গৃহিণী | ৮২ | ৩১.০ |
| গার্মেন্টস কর্মী | ১০ | ৩.৪ |
| টেইলারিং | ১৪ | ৫.৩ |
| ছোট ব্যবসা | ৪১ | ১৫.৫ |
| অন্যান্য | ৩৬ | ১৩.৬ |
| **মোট** | **২৬৪** | **১০০.০** |

**সারণি ৩.১৯.৪: উত্তরদাতাদের শিক্ষাগত যোগ্যতা**

| শিক্ষাগত যোগ্যতা | সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| নিরক্ষর | ৯৭ | ৩৬.৭ |
| ১ম-৫ম শ্রেণী | ৬২ | ২৩.৪ |
| ৬ষ্ঠ-১০ম শ্রেণি | ৪৩ | ২৩.৫ |
| এসএসসি/সমমান | ৩৯ | ১৪.৮ |
| অন্যান্য | ২৩ | ৮.৭ |
| **মোট** | **২৬৪** | **১০০.০** |

**সারণি ৩.১৯.৫: পরিবারের মোট সদস্য সংখ্যা**

| সদস্যসংখ্যা | সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| ১ হতে ২ জন | ৫৮ | ২১.৯ |
| ৩ হতে ৪ জন | ৮৪ | ৩১.৮ |
| ৫ হতে ৬ জন | ৮৭ | ৩২.৯ |
| ৬ জনের বেশী | ৩৫ | ১৩.২ |
| **মোট** | **২৬৪** | **১০০.০** |

## ৩.১৯.৬ পরিবারের বাৎসরিক আয়, ব্যয় ও বসতির ধরণ

উপকারভোগী উত্তরদাতাদের পরিবারের বাৎসরিক আয়-ব্যয়ের বিষয়ে প্রশ্ন করা হয়েছিল। এক লক্ষ টাকার বেশি আয় করে এমন পরিবার শতকরা প্রায় ২৩ ভাগ। ৬০০০০-৯০০০০ টাকা বছরে আয় করেন এমন উত্তরদাতা প্রায় ৩২%। ৬০০০০ টাকার নিচে আয় করে এমন পরিবার শতকরা প্রায় ২৯%। বায়ের ক্ষেত্রেও ২৪% উত্তরদাতার বার্ষিক বায় ১০০০০০ টাকার বেশি। বিশ্লেষণে বসত বাড়ির ধরণের দেখা যায় যেম উত্তরদাতাদের শতকরা প্রায় ৫৫ ভাগ টিনের বাড়িতে বসবাস করেন। মাটির ঘরে বাস করেন শতকরা ৩৬ ভাগ উপকারভোগী।

**সারণি ৩.১৯.৬: পরিবারের বাৎসরিক আয় কত**

| আয় | সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| ৪০০০০ | ৩৮ | ১৪.৪ |
| ৪০০০১-৬০০০০ | ৪০ | ১৫.২ |
| ৬০০০১ - ৯০০০০ | ৮৫ | ৩২.২ |
| ৯০০০১ - ১০০০০০ | ৪১ | ১৫.৫ |
| ১০০০০০ এর বেশী | ৬০ | ২২.৭ |
| **মোট** | **২৬৪** | **১০০.০** |

**সারণি ৩.১৯.৭: পরিবারের বাৎসরিক ব্যয় কত**


| ব্যয় | সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| ৪০০০০ | ৪২ | ১৫.৯ |
| ৪০০০১-৬০০০০ | ৪৪ | ১৬.৬ |
| ৬০০০১ - ৯০০০০ | ৮১ | ৩০.৭ |
| ৯০০০১ - ১০০০০০ | ৪৯ | ১৮.৫ |
| ১০০০০০ এর বেশী | ৪৮ | ১৮.২ |
| **মোট** | **২৬৪** | **১০০.০** |

**সারণি ৩.১৯.৮: বর্তমান বসতির ধরণ**

| ধরণ | সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| মাটির ঘর | ৯৭ | ৩৬.৭ |
| টিনের ঘর | ১৪৪ | ৫৪.৫ |
| আধা-পাকা ঘর | ২৩ | ৮.৭ |
| পাকা ঘর | - | - |
| **মোট** | **২৬৪** | **১০০.০** |

### ৩.১৯.৯ জেলা অফিস থেকে যে ধরনের সেবা পাচ্ছেন

জেলা সমাজসেবা অফিস থেকে কি কি ধরণের সেবা পাচ্ছেন এমন প্রশ্নের জবাবে উত্তরদাতাদের মধ্যে ‘দুস্থ ও অসচ্ছল মহিলা ভাতা’ সেবা, (২৭%), ‘বয়স্ক ভাতা’ (২১.৬%), ‘প্রতিবন্ধী ভাতা’ (১৭.০%), ‘হিজড়া ভাতা’ (৯.৪), ‘মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা’ (১৫.৫%) এবং ‘মহিলা ট্রেড কোর্স’ ৯.৮%) বিষয়ে মতামত জানিয়েছেন। বিস্তারিত সারণি ৩.১৯.৯ দেখা যেতে পারে।




**চিত্রঃ ৩.১৯.৯: জেলা সজমাজসেবা অফিস থেকে সেবার ধরন**

### ৩.১৯.১০ জেলা সমাজসেবা কমপ্লেক্স হতে সেবা গ্রহণে সমস্যা

জেলা সমাজসেবা কমপ্লেক্স হতে সেবা গ্রহণে কোন ধরণের সমস্যার স্মমুখীন হতে হয় কিনা এমন প্রশ্নের জবাবে অধিকাংশ (৬৬%) উত্তরদাতা ‘না’ সূচক উত্তর দিয়েছেন। অবশিষ্ট (৩৪%) উত্তরদাতার মধ্যে একাধিক উত্তরের সুযোগে ‘Waiting Room এর ব্যবস্থা নাই’ (৮২%), ‘সেবা নিতে অনেক ক্ষণ অপেক্ষা করতে হয়’ (৫৪%) এবং ‘আলাদা আলাদা টয়লেটের ব্যবস্থা নাই’ (৭২%) মতামত ব্যক্ত করেছেন। বিস্তারিত সারণি ৩.১৮.১১ দেখা যেতে পারে। এছাড়াও সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে উক্ত সমস্যার সমাধানের প্রশ্নে উত্তরদাতাদের শতকরা ৯১ ভাগ ‘কম সময়ে সেবা নেয়া যাবে’, ‘Waiting Room এর ব্যবস্থা থাকবে’ (৮৮%) এবং ‘মহিলাদের জন্য আলাদা ফিডিং কর্ণার থাকবে’ (৭১%) মত দিয়েছেন।

**সারণি ৩.১৯.১০: জেলা সমাজসেবা কমপ্লেক্স হতে সেবা নিতে কোন সমস্যা**

| মতামত | **সংখ্যা** | **শতকরা হার** |
|---|---|---|
| হ্যাঁ | ৯০ | ৩৪.১ |
| না | ১৭৪ | ৬৫.৯ |
| **মোট** | ২৬৪ | ১০০.০ |

**সারণি ৩.১৯.১১: হ্যাঁ হলে, সমস্যাসমূহ**

| **সমস্যাসমূহ** | **সংখ্যা** | **শতকরা হার** |
|---|---|---|
| Waiting Room এর ব্যবস্থা নাই | ৭৪ | ৮২.২ |
| সেবা নিতে অনেক ক্ষণ অপেক্ষা করতে হয় | ৪৯ | ৫৪.৪ |
| আলাদা আলাদা টয়লেটের ব্যবস্থা নাই | ৩৩ | ৭২.২ |
| **মোট** | **৯০** | **১০০.০** |

**৩.১৯.১২ সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে উক্ত সমস্যার সমাধান**

| **সমস্যাসমূহ** | **সংখ্যা** | **শতকরা হার** |
|---|---|---|
| কম সময়ে সেবা নেয়া যাবে | ৮২ | ৮৯.৩ |
| Waiting Room এর ব্যবস্থা থাকবে | ৭৯ | ৮৭.৭ |
| মহিলাদের জন্য আলাদা ফিডিং কর্ণার থাকবে | ৩২ | ৭১.১ |
| **মোট** | **৯০** | **১০০.০** |

### ৩.১৯.১৩ জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে সকল মা এবং শিশুদের জন্য সেবা গ্রহণে উপযুক্ত পরিবেশ


জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে সকল মা এবং শিশুদের জন্য সেবা গ্রহণে উপযুক্ত পরিবেশ সৃষ্টির বিষয়ে প্রায় শতভাগ (৯৬%) উত্তরদাতা ‘আলাদা আলাদা টয়লেটের ব্যবস্থা হবে’ বিধায় তাদের সেবা গ্রহণের জন্য উপযুক্ত পরিবেশ সৃষ্টি হবে বলে মত দিয়েছেন। এরপর ৯০% উত্তরদাতা পুরুষ/মহিলাদরে জন্য আলাদা আলাদা (Waiting Room) এর ব্যবস্থা হবে বিষয়ে ওভিমত ব্যক্ত করেছেন। মহিলাদের জন্য আলাদা ফিডিং কর্ণার থাকবে বিষয়ে মত দিয়েছেন শতকরা ৬৬ ভাগ উত্তরদাতা (সারণি ৩.১৯.১৩ )

**৩.১৯.১৩ জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে সকল মা এবং শিশুদের জন্য সেবা গ্রহণে উপযুক্ত পরিবেশ তৈরি**

| **মতামত** | **সংখ্যা** | **শতকরা হার** |
|---|---|---|
| পুরুষ/মহিলাদরে জন্য আলাদা আলাদা (Waiting Room) এর ব্যবস্থা হবে | ১৯৭ | ৮৯.৫ |
| মহিলাদের জন্য আলাদা ফিডিং কর্ণার থাকবে | ১৪৫ | ৬৫.৯ |
| আলাদা আলাদা টয়লেটের ব্যবস্থা হবে | ২১০ | ৯৫.৫ |
| **একাধিক উত্তর** | | |

### ৩.১৯.১৪ জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে সেবামূলক প্রোগ্রামে পরিবর্তন

জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে সেবামূলক প্রোগ্রামে কি কি ধরণের পরিবর্তন আসবে বিষয়ে প্রশ্ন করায় মাত্র ১৩% 'হ্যাঁ' বোধক উত্তর প্রদান করেছে। এদের মধ্যে শতকরা ৬১ ভাগ অনেক মানুষ একসাথে বসতে পারবে বলে মত দিয়েছেন। শতকরা ৫৪ ভাগ উত্তরদাতা প্রশিক্ষণের ব্যবস্থা হবে বিষয়ে মতামত দিয়েছেন। বিস্তারিত সারণি ৩.১৯.১৪ ও ৩.১৯.১৫ দেখা যেতে পারে।




**চিত্রঃ ৩.১৯.১৪ জেলা সমাজসেবা কমপ্লেক্স এর সেবামূলক যে বিভিন্ন ধরনের প্রোগ্রাম আয়োজন এবং অংশগ্রহণ**

৩.১৯.১৫ হ্যাঁ **হলে, জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে সেবামূলক** প্রোগ্রামে পরিবর্তন

| পরিবর্তনসমূহ | সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| অনেক মানুষ একসাথে বসতে পারবে | ২১ | ৫৫.৩ |
| প্রশিক্ষণের ব্যবস্থা হবে | ১৯ | ৫০.০ |
| **একাধিক উত্তর =৩৮** | ৩৮ | |

**৩.১৯.১৬ নতুন জেলা সমাজসেবা অফিস নির্মাণের ফলে সেবা গ্রহণে সুযোগ-সুবিধা বৃদ্ধি সম্পর্কে মতামত**

| সুযোগ সুবিধাসমূহ | সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| পুরুষ/মহিলাদরে জন্য আলাদা আলাদা (Waiting Room) এর ব্যবস্থা হবে | ১৮৭ | ৮৫.০ |
| মহিলাদের জন্য আলাদা ফিডিং কর্ণার থাকবে | ৭৮ | ৩৫.৫ |
| বিভিন্ন ধরনের প্রশিক্ষণের ব্যবস্থা হবে | ১০৯ | ৪৯.৫ |
| অফিস কক্ষ বড় থাকবে | ১৯০ | ৮৬.৩ |
| তাড়াতাড়ি সেবা নিতে পারবো | ১২৫ | ৫৬.৮ |
| **একাধিক উত্তর** | | |

## ৩.২০ দলীয় আলোচনা হতে প্রাপ্ত তথ্যের ফলাফল বিশ্লেষণ

সমাজকল্যাণ মন্ত্রণালয় এর আওতাধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়নাধীন "৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়ে ২২ জেলা) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সমীক্ষাকালীন প্রকল্পের আওতায় ৮টি বিভাগের প্রতিটি বিভাগে ১টি করে সর্বমোট ৮টি FGD পরিচালনা করা চলমান প্রকল্প বাস্তবায়নের ফলে সুফলভোগীরা কতটুকু উপকৃত হবে, জেলা সমাজসেবা কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের অফিস/বাসস্থানের সমস্যা সমাধান কতটুকু হবে, জেলা সমাজসেবা অধিদফতরের সকল প্রোগ্রামসমূহ কতটুকু সুনিপুনভাবে সেবা দিতে সক্ষম হবে, নির্মাণ কাজের গুণগতমান এবং স্থানীয় উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি কতটুকু হয়েছে ইত্যাদি বিষয়ে তথ্য সংগ্রহের নিমিত্ত এফজিডি পরিচালনা করা হয়েছে। এফজিডিতে সেবা গ্রহণকারী (মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা, দুস্থ ও অসচ্ছল মহিলা ভাতা, হিজড়া ভাতা, বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা, মহিলা ট্রেড কোর্স) ছাড়াও প্রকল্প সংশ্লিষ্ট প্রতিনিধি, ঠিকাদারী প্রতিষ্ঠানের

প্রতিনিধি এবং স্থানীয় অন্যান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। প্রতিটি এফজিডি'তে নূন্যতম ১০-১২ জন অংশগ্রহণকারী ছিলেন। ৮টি এফজিডি হতে প্রাপ্ত ফলাফল নিম্নে দেয়া হলো-





চিত্রঃ এফজিডি

**ফলাফলসমূহ:**

- সভায় উপস্থিত সমাজসেবা অফিসের কর্মকর্তারা জানান যে, বর্তমান জেলা সমাজসেবা কমপ্লেক্সে সেবা দিতে তাদের বিভিন্ন সমস্যার সম্মুখিন হতে হচ্ছে। কর্মকর্তারা জানান যে, বর্তমান জেলা সমাজসেবা অফিসগুলোতে অফিস স্পেস খুবই কম যা কাজের জন্য সহায়ক নয় এবং অফিস স্টাফদেরই যথাযথ ডেস্ক এর ব্যবস্থা নেই এহেন অবস্থায় যারা সেবা নিতে আসে তাদের জন্য আলাদা কোন ওয়েটিং রুম নেই, আলাদা কোন পুরুষ/মহিলা ওয়াশরুম নেই, প্রতিবন্ধীদের জন্য কোন সু-ব্যবস্থা নেই ইত্যাদি ইত্যাদি সমস্যায় জর্জরিত। নতুন ভবন নির্মাণের ফলে উক্ত সমস্যাগুলোর স্থায়ীভাবে সমাধান হবে সভায় উপস্থিত সকলেই মতামত প্রকাশ করেন। এছাড়াও বর্তমান অফিসগুলোতে আলাদা ট্রেনিং রুম নেই যেখানে ট্রেনিং করানো যাবে, বড় কোন হল রুম নেই যেখানে বড় প্রোগ্রাম আয়োজন করা যাবে এই সমস্যাগুলো বর্তমানে হচ্ছে যা নতুন ভবন নির্মাণের ফলে উক্ত সমস্যার সমাধান হবে।
- সভায় উপস্থিত সকলেই মতামত প্রকাশ করেন যে, নতুন ভবন নির্মাণের ফলে সরকারের রাজস্ব আয় বৃদ্ধি পাবে কারণ অফিস ভাড়া বাবদ মাসে গড়ে প্রায় ৬০,০০০/- টাকা বাড়ি ভাড়া বাবদ পরিশোধ করতে হচ্ছে যা নতুন ভবন নির্মাণর ফলে উক্ত বাড়ি ভাড়া বাবদ সরকারের ব্যয় সাশ্রয় হবে এবং রাজস্ব আয় বৃদ্ধি পাবে বলে জানানো হয়।
- সভায় উপস্থিত স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ মতামত প্রকাশ করেন যে, নির্মাণ কাজ শুরু করতে স্থানীয় জনসাধারণের সাথে ঠিকাদারি প্রতিষ্ঠান/প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে কোন ধরনের বাধা/বিপত্তির ঘটনা ঘটেনি তবে ময়মনসিংহ জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ক্ষেত্রে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ মতামত প্রকাশ করেন যে, ভবন নির্মাণের জন্য শুরুর দিকে ৮ ফুট ম্যাট ফাউন্ডেশন করার সময় ফাউন্ডেশন এর পাশে ওয়াসার ড্রেন থেকে ম্যাট ফাউন্ডেশনে পানি প্রবেশ করে এবং ফাউন্ডেশনের পার্শ্ববর্তী আবাসিক ভবনের বাউন্ডারী ওয়াল হুমকিস্বরুপ মনে করে উক্ত ভবনের মালিক আইনের সহায়তা নেয়। এ নিয়ে ভবনের মালিক, ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তা এবং গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তাদের সাথে কিছু ঝামেলা সৃষ্টি হয়। উক্ত ঝামালে মিটাতে প্রায় ১ মাস সময় অতিবাহিত হয়।
- সভায় উপস্থিত সমাজসেবা অফিসের কর্মকর্তারা মতামত প্রকাশ করেন যে, জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে জেলা সমাজসেবা কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের অনেক ধরনের সুযোগ-সুবিধা বৃদ্ধি পাবে যা বর্তমান সময়ে পাচ্ছে না যেমন- উপস্থিত কর্মকর্তারা জানান, বর্তমান Covid-19 এ স্বাস্থ্য বিধি মেনে দুরুত্ব বজায় রেখে অফিসিয়াল কাজকর্ম করা যাচ্ছে না যেহেতু বর্তমান অফিসের রুমের স্পেস একদম কম। এছাড়াও পর্যাপ্ত আসবাবপত্র

ও সরঞ্জামাদি নেই যার কারণে অনেক সময় সেবা প্রদানে সমস্যা হয়ে থাকে যা নতুন ভবনে আসবাবপত্রসহ সরঞ্জামাদির ব্যবস্থা হবে এবং উক্ত সমস্যার অনেকটাই সমাধান হবে বলে জানানো হয়।

- সভায় উপস্থিত সমাজসেবা অফিসের কর্মকর্তারা জানান যে, নতুন  জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে জেলা পর্যায়ে কর্মরত সকল মা এবং শিশুদের জন্য উপযুক্ত পরিবেশ সৃষ্টি হবে কারণ বর্তমান অফিস মা ও শিশুদের জন্য উপযুক্ত নয়। বর্তমানে অফিসে মা'দের জন্য আলাদা ফিডিং কর্নার নেই, আলাদা রুমের ব্যবস্থা নেই এবং শিশুদের জন্য বর্তমান অফিস সহায়ক নয় যেহেতু বর্তমান অফিস সেবা প্রদানেই উপযুক্ত নয় অফিসিয়াল স্পেস একদম কম। তই নতুন ভবনে কর্মরত মা'দের জন্য আলাদা ফিডিং কর্নারসহ আলাদা রুমের সাথে শিশুদের জন্য উপযুক্ত পরিবেশ তৈরি হবে বলে সভায় উপস্থিত সকল কর্মকর্তারা মতামত প্রকাশ করেন।
- জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে সমাজসেবা অধিদপ্তরের আওতাধীন সকল সংস্থা/ দলগুলোকে আরও ভাল সেবা প্রদান করা যাবে সভায় উপস্থিত সকলেই মতামত প্রকাশ করেন। সভায় উপস্থিত কর্মকর্তারা জনান যে, বর্তমান জেলা সমাজসেবা অফিস থেকে উপজেলা পর্যায়ে সকল নিয়োজিত সকল সংস্থা/দলগুলোকে মনিটরিং করা হয়ে থাকে। যেহেতু মনিটরিং করা হয়ে থাকে এবং বিভিন্ন সময় প্রোগ্রাম কিংবা ট্রেনিং এর প্রয়োজন হয়ে থাকে কিন্তু প্রোগ্রাম কিংবা ট্রেনিং করারমত বর্তমান অফিস সহায়ক নয়। এছাড়াও বিভিন্ন এনজিও সংস্থার কর্মকর্তা/কর্মচারি একত্রে আসলে তাদের সেবা দিতে মাঝে মাঝে সমস্যার সম্মুখিন হতে হয় যেহেতু অফিসিয়াল স্পেস একদম কম। তাই নতুন জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে উক্ত সমস্যাগুলোর সমাধান হবে এবং সমাজসেবা অধিদপ্তরের আওতাধীন সকল সংস্থা/ দলগুলোকে আরও ভাল সেবা প্রদান করা যাবে বলে মতামত প্রকাশ করা হয়।
- সভায় উপস্থিত কর্মকর্তারা জানান যে, বর্তমান প্রকল্প বাস্তবায়নের ফলে অত্র এলাকার সেবা গ্রহীতারা ভাল সেবা পাবেন তবে অত্র এলাকায় আর্থ-সামাজিক প্রেক্ষাপটে তেমন পরিবর্তন আসবে না শুধুমাত্র নতুন ভবনের আশেপাশে কিছু নতুন দোকানপাট হতে পারে।
- সভায় উপস্থিত গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তা, ঠিকাদারি প্রতিষ্ঠানের কর্মকর্তা এবং সমাজসবো অফিসের কর্মকর্তারা মতামত প্রকাশ করেন যে, নির্মাণ কাজের গুণগতমান বজায় রেখে চলমান কাজ হচ্ছে। ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তারা জানান নির্মাণ কাজ মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক নিয়মিত তদারকি করা হয়। গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তারা মতামত প্রকাশ করেন যে, নির্মাণ কাজের গুণগতমান বজায় রক্ষাত্রে কংক্রিট (Cylinder Test) টেস্ট, রড টেস্ট, বালি টেস্টসহ অন্যান্য ল্যাব টেস্ট করা হয়েছে এবং গণপূর্ত অধিদপ্তর কর্তৃক নির্মাণ কাজের নিয়মিত তদারকি করা হয় বলে জানানো হয়। সভায় উপস্থিত সমাজসেবা অফিসের কর্মকর্তারা জানান যে, তাঁরাও প্রায় সমই নির্মাণাধীন ভবনগুলো পরিদর্শন করেন এছাড়াও ঢালাই এর সময়ও কিছু কিছু কর্মকর্তা উপস্থিত থাকেন। এমতাবস্থায় তাদের মনে হয়েছে নির্মাণ কাজ ভালই হচ্ছে।
- সভায় উপস্থিত গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তা, ঠিকাদারি প্রতিষ্ঠানের কর্মকর্তারা মতামত প্রকাশ করেন যে  নির্মাণ কাজ দ্রুত এবং নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে এই মূহুর্তে অনেক জায়গায় রিভিশন দরকার (নেত্রকোণা, ময়মনসিংহ, দিনাজপুর, নোয়াখালী) । এছাড়াও ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তারা জানান তাঁরা সঠিক সময়ে বিল পাচ্ছেন না যাতে নির্মাণ কাজে ব্যাঘাত ঘটছে এবং ফিনিশিং কাজ শেষ করার জন্য টাইলস্ এর ব্যাপারে সঠিক সিদ্ধান্ত পাচ্ছেন না যার কারণে সময় বিলম্ব হচ্ছে। উপরোক্ত বিষয়গুলো সমাধান হলেই দ্রুত এবং নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন হবে বলে জানানো হয়।
- সভায় উপস্থিত সমাজসবো অফিসের কর্মর্কারা জানান যে জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে সেবামূলক প্রোগ্রামে বেশ কিছু পরিবর্তন আসবে। যেমন-বিভিন্ন এনজিও প্রতিষ্ঠান কর্তৃক অনেক সময় উন্নয়ন মেলাসহ অন্যান্য প্রোগ্রাম করা হয়ে থাকে যা বর্তমান অফিস সহায়ক নয়। এছাড়াও সমাজসেবা অফিসের সাথে সাংযুক্ত বিভিন্ন সংস্থা/দলগুলোকে নতুন ভবনের হলরুম/ প্রোগ্রাম রুমে বড় আকারে প্রোগ্রামের আয়োজন করা যাবে এবং প্রোগ্রামে গতিশীলতা বৃদ্ধি পাবে।

## ৩.২১ মুখ্য ব্যক্তিবর্গের নিকট হতে প্রাপ্ত তথ্যসমূহের বিশ্লেষণ

সমাজকল্যাণ মন্ত্রণালয় এর আওতাধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়নাধীন “৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়ে ২২ জেলা) (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সমীক্ষাকালীন প্রকল্পের আওতায় ২২ জেলায় নির্মাণ কাজে নিয়োজিত গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তাদের সাথে ২২টি করে মূলত প্রকল্পের নির্মাণ কাজ অনুমোদিত ডিপিপি/আরডিপিপি ও ড্রইং/ডিজাইন অনুযায়ী কাজ হচ্ছে কিনা, নির্মাণ কাজের ধীরগতির কারণ, প্রকল্পের বর্তমান অবস্থা, নির্মাণ কাজের গুণগত মান ইত্যাদি বিষয়ে নিবিড় আলোচনার মাধ্যমে প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন তথ্য/উপাত্ত সংগ্রহ করা হয়েছে। কেআইআই হতে প্রাপ্ত তথ্য/উপাত্তসমূহের ফলাফল নিম্নে দেয়া হলো-





চিত্রঃ নিবিড় আলোচনা

**নিবিড় আলোচনার ফলাফলসমূহ:**

- চলমান নির্মাণ কাজ সম্পন্ন করতে কোন ধরনের সমস্যার সম্মুখিন হচ্ছেন কিনা এ ব্যাপারে গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তারা জানান যে, ঠিকাদার প্রতিষ্ঠানকে যথাসময়ে বিল প্রদান করতে পারছেন না। অধিকাংশ ক্ষেত্রেই জানা যায় যে, বর্তমানে ভেরিয়েশন প্রয়োজন কারণ ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে চুক্তি অনুযায়ী যে টাকা বরাদ্দ ছিল সেই টাকার কাজ সম্পন্ন হয়েছে এখন বাকি কাজ সম্পন্ন করতে ভেরিয়েশন অনুমোদন প্রয়োজন। এছাড়াও ফিনিশিং কাজ শেষের দিকে হওয়া সত্বেও এখনো টাইলস্ এর ব্যাপারে সঠিক কোন সিদ্ধান্ত পাচ্ছেন না। টাইলস্ এর সীদ্ধান্তহীনতায় সময় বিলম্ব হচ্ছে। স্থাপত্য অধিদপ্তর কর্তৃক সর্বশেষ টাইলস্ সম্পর্কিত ড্রইং পাওয়া জায়নি। এছাড়াও ত্রেকোণার গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তারা জানান যে, বাউন্ডারী ওয়াল ৪০০ ফুট এর উপরে নির্মিত হয়েছে এবং বাকি প্রায় ৫০০ ফুট এর বেশি টাকার অভাবে বাউন্ডারী ওয়ালের কাজ বন্ধ রয়েছে। অর্থাৎ বর্তমান সময়ে প্রকল্পের নির্মাণ কাজে বরাদ্দ কম থাকায় নির্মাণ কাজে বিলম্ব হচ্ছে বলে জানানো হয়।
- গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তারা জানান যে, জমি পেতে কোন ধরনের সমস্যা হয়নি কারণ যে জায়গায় প্রকল্পের নির্মাণ কাজ চলমান রয়েছে উক্ত জায়গা পূর্ব থেকেই সমবায় অধিদফতরের ছিল তাই কোন সমস্যা হয়নি। তবে সুনামগঞ্জ এবং কুমিল্লার গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তারা জানান যে, জমি সংক্রান্ত কিছু ঝটিলতা ছিল তবে বর্তমানে তা সমাধান হয়েছে।
- সমাজ সেবা কমপ্লেক্স ভবন নির্মাণ কাজ বাস্তবায়নে কোন বিলম্ব হয়েছে কিনা এ সম্পর্কে গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তাদের থেকে জানা যায় যে, অধিকাংশ জায়গাতেই (নোয়াখালী, চট্রোগ্রাম, ফরিদপুর, কিশোরগঞ্জ, দিনাজপুর, রংপুর) প্রকল্প জায়গায় পূর্বের পুরাতন স্থাপনা/ভবন অপসারণে প্রায় ১-২ মাস করে সময় অতিবাহিত হয়েছে। এছাড়া ময়মনসিংহে ৮ ফুট ম্যাট ফাউন্ডেশন করার সময় ফাউন্ডেশন এর পাশে ওয়াসার ড্রেন থেকে ম্যাট ফাউন্ডেশনে পানি প্রবেশ করে এবং পার্শ্ববর্তী ভবন থাকায় উক্ত ভবনের বাউন্ডারী ওয়াল হুমকিস্বরুপ মনে করে উক্ত ভবনের মালিক আইনের সহায়তা নেয়। এ নিয়ে ভবনের মালিক, ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তা এবং গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তাদের সাথে কিছু ঝামেলা সৃষ্টি হয়। উক্ত ঝামালে মিটাতে প্রায় ১ মাস সময় অতিবাহিত হয়। এছাড়া নেত্রকোণার গণপূর্ত অধদপ্তরের কর্মকর্তারা জানান যে, প্রকল্প জায়গায় পূর্বে অনেক গাছ ছিল। এ গাছগুলো অপসারণে প্রায় ২ মাস সময়

অতিবাহিত হয়। এছাড়াও প্রকল্প এলাকা নিচু হওয়ায় ভবনের বাহিরে ৪-৪.৫ ফুট মাটি ভরাট করে তারপর প্রায় ২-৩ মাস পর কাজ শুরু করা হয়।

- গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তারা জানান যে, গণপূর্ত অধিদপ্তরের ডিজাইন বিভাগ এবং স্থাপত্য অধিদপ্তর থেকে সর্বশেষ ড্রইং/ডিজাইন পেতে অনেকটাই বিলম্ব হয়েছে যার কারণে নির্মাণ কাজে কিছুটা সময় ব্যহত হয়েছে। স্থাপত্য অধিদপ্তর কর্তৃক ড্রইং/ডিজাইন অধিকাংশ জায়গাতেই পরিবর্তন হয়েছে। এছাড়াও বর্তমানে প্রকল্পে এলাকার অধিকাংশ জায়গাতেই স্থাপত্য অধিদপ্তর কর্তৃক সর্বশেষ টাইলস্ সম্পর্কিত ড্রইং পাওয়া জায়নি।
- প্রকল্প কাজে নিয়োজিত গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তারা জানান যে, স্থাপত্য অধিদপ্তর থেকে সর্বশেষ অনুমোদিত ড্রইং/ডিজাইন পাওয়া গিয়েছে সে অনুযায়ী নির্মাণ কাজ চলমান রয়েছে।
- প্রকল্পের আওতায় পূর্ত কাজের গুণগতমান নিশ্চিতকরণে কি কি পদক্ষেপ নেয়া হয়েছে এ সম্পর্কে গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তারা জানান যে, নির্মাণ কাজের গুণগতমান বজায় রেখেই চলমান কাজ হচ্ছে। এছাড়াও জানান যে, নির্মাণ কাজের গুণগত মান বজায় রক্ষাত্রে কংক্রিট (Cylinder Test) টেস্ট, রড টেস্ট, বালি টেস্টসহ অন্যান্য ল্যাব টেস্ট করা হয়েছে এবং গণপূর্ত অধিদপ্তর কর্তৃক নির্মাণ কাজের নিয়মিত তদারকি করা হয় বলে জানানো হয়।
- প্রকল্প কাজে নিয়োজিত গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তারা জানান যে নির্মাণ কাজ মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক নিয়মিত মনিটরিং করা হয়। এছাড়াও সমাজসেবা অফিসের কর্মকর্তারা প্রায় সমই নির্মাণাধীন ভবনগুলো পরিদর্শন করেন এবং ঢালাই এর সময়ও কিছু কিছু কর্মকর্তা উপস্থিত থাকেন। তবে মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক যে মনিটরিং করা হয়ে তাঁরা সাইট নোট বুকে কোন মন্তব্য লিপিবদ্ধ করেন না বলে জানানো হয়।
- গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তারা জানান যে উক্ত প্রকল্পের আওতায় ড্রইং/ডিজাইনে Rain water harvesting, Solar Panel, বর্জ্য ব্যবস্থাপনা নিষ্কাশন (Solid waste Management), Water Treatment Plant, Fire Management System ইত্যাদি ব্যবস্থা নেই। তবে Fire extinguisher থাকবে।
- নির্মাণ কাজে নিয়োজিত গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তারা জানান ২২ জেলায় নির্মাণ কাজে সাধারণত-রেইনফোর্সমেন্ট হিসেবে- SS, CSRM ও BSI ইত্যাদি ব্র্যান্ডের রড ব্যবহার করা হচ্ছে। কোথাও কোথাও আবার পাথর-LC মাধ্যমে ইন্ডিয়ান পাথর ব্যবহার করা হচ্ছে আবার কোথাও বুড়িমারি, সোনামসজিদ, পঞ্চগড় থেকে সংগ্রহ করা হচ্ছে। সিমেন্ট- ফ্রেশ সিমেন্ট, মীর সিমেন্ট CM-1সহ অন্যান্য ব্র্যান্ডের সিমেন্‌েও ব্যবহার করা হচ্ছে বলে জানানো হয়। এছাড়াও জানান যে, গুণগতমান নিশ্চিতকরণে রড, সিমেন্ট, বালি, পাথরের ল্যাব টেস্ট করা হয়েছে এবং ল্যাব টেস্টের ফলাফল সন্তোষজনক ছিল।
- প্রকল্পের নির্মাণ কাজ সম্পন্ন করতে বছরভিত্তিক যে কর্ম-পরিকল্পনা তৈরি করা হয় ঠিকাদার প্রতিষ্ঠান তা অনুসরণ করেছে কিনা এ সম্পর্কে প্রকল্প এলাকার ২২ জেলার প্রায় সব জায়গার গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তারা জানান যে, চলমান কাজে Covid-19 এ পূর্বে কর্ম-পরিকল্পনা তৈরি করা হয়েছিল কিন্তু Covid-19 বৈশ্বিক মহামারির জন্য চলমান কাজ প্রায় ৪ মাস বন্ধ ছিল। Covid-19 পরবর্তীতে নতুন কোন কর্ম-পরিকল্পনা তৈরি করা হয়নি বলে জানানো হয়।

### ৩.২২ ঠিকাদার প্রতিষ্ঠানের বিভিন্ন কর্মকর্তাদের সাথে নিবিড় আলোচনা হতে প্রাপ্ত তথ্যের ফলাফল বিশ্লেষণ

সমাজকল্যাণ মন্ত্রণালয় এর আওতাধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়নাধীন "৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়ে ২২ জেলা) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সমীক্ষাকালীন প্রকল্পের আওতায় ২২ জেলায় নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সাথে ২২টি করে মূলত প্রকল্পের নির্মাণ কাজের ধীরগতির কারণ, প্রকল্পের বর্তমান অবস্থা, নির্মাণ কাজের গুণগতমান ইত্যাদি বিষয়ে নিবিড় আলোচনার মাধ্যমে প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন তথ্য/উপাত্ত সংগ্রহ করা হয়েছে। কেআইআই হতে প্রাপ্ত তথ্য/উপাত্তসমূহের ফলাফল নিম্নে দেয়া হলো-



চিত্রঃ নিবিড় আলোচনা

**নিবিড় আলোচনার ফলাফলসমূহ:**

- সমাজ সেবা কমপ্লেক্স ভবন নির্মাণ কাজ বাস্তবায়নে কোন বিলম্ব হয়েছে কিনা এ সম্পর্কে ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তাদের থেকে জানা যায় যে, অধিকাংশ জায়গাতেই (নোয়াখালী, চট্রোগ্রাম, ফরিদপুর, কিশোরগঞ্জ, দিনাজপুর, রংপুর) প্রকল্প জায়গায় পূর্বের পুরাতন স্থাপনা/ভবন অপসারণে প্রায় ২-৩ মাস করে সময় অতিবাহিত হয়েছে। এছাড়া ময়মনসিংহে ৮ ফুট ম্যাট ফাউন্ডেশন করার সময় ফাউন্ডেশন এর পাশে ওয়াসার ড্রেন থেকে ম্যাট ফাউন্ডেশনে পানি প্রবেশ করে এবং পার্শ্ববর্তী ভবন থাকায় উক্ত ভবনের বাউন্ডারী ওয়াল হুমকিস্বরুপ মনে করে উক্ত ভবনের মালিক আইনের সহায়তা নেয়। এ নিয়ে ভবনের মালিক, ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তা এবং গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তাদের সাথে কিছু ঝামেলা সৃষ্টি হয়। উক্ত ঝামালে মিটাতে প্রায় ১ মাস সময় অতিবাহিত হয়। এছাড়া নেত্রকোণার গণপূর্ত অধদপ্তরের কর্মকর্তারা জানান যে, প্রকল্প জায়গায় পূর্বে অনেক গাছ ছিল। এ গাছগুলো অপসারণে প্রায় ২-৩ মাস সময় অতিবাহিত হয়। এছাড়াও প্রকল্প এলাকা নিচু হওয়ায় ভবনের বাহিরে ৪-৪.৫ ফুট মাটি ভরাট করে তারপর প্রায় ২-৩ মাস পর কাজ শুরু করা হয়।
- চলমান নির্মাণ কাজ সম্পন্ন করতে কোন ধরনের সমস্যার সম্মুখিন হচ্ছেন কিনা এ ব্যাপারে ঠিকাদার প্রতিষ্ঠানের অধিকাংশ কর্মকর্তারই জানান যে, তাঁরা বিল ঠিকমত পাচ্ছেন না। এছাড়াও কিছু কিছু জায়গায় (নেত্রকোণা, ময়মনসিংহ, বরিশাল, চট্রোগ্রাম, ব্রাক্ষ্মণবাড়ীয়া) ফিনিশিং কাজ শেষের দিকে হওয়া সত্বেও এখনো টাইলস্ এর ব্যাপারে সঠিক কোন সিদ্ধান্ত পাচ্ছেন না। টাইলস্ এর সীদ্ধান্তহীনতায় সময় বিলম্ব হচ্ছে। স্থাপত্য অধিদপ্তর কর্তৃক সর্বশেষ টাইলস্ সম্পর্কিত ড্রইং পাওয়া জায়নি। এছাড়াও আরও জানান যে, বর্তমানে ভেরিয়েশন প্রয়োজন কারণ চুক্তি অনুযায়ী যে টাকা বরাদ্দ ছিল সেই টাকার কাজ সম্পন্ন হয়েছে এখন বাকি কাজ সম্পন্ন করতে ভেরিয়েশ প্রয়োজন।
- নির্মাণ কাজ দ্রুত এবং নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে এই মূহূর্তে অনেক জায়গায় রিভিশন দরকার (ঢাকা, নেত্রকোণা, ময়মনসিংহ, দিনাজপুর, নোয়াখালী)। এছাড়াও ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তারা জানান তাঁরা সঠিক সময়ে বিল পাচ্ছেন না যাতে নির্মাণ কাজে ব্যাঘাত ঘটছে এবং ফিনিশিং কাজ শেষ করার জন্য টাইলস্ এর ব্যাপারে সঠিক সিদ্ধান্ত পাচ্ছেন না যার কারণে সময় বিলম্ব হচ্ছে। উপরোক্ত বিষয়গুলো সমাধান হলেই দ্রুত এবং নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন হবে বলে জানানো হয়।

- বেশিরভাগ ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তারা জানান যে, নির্মাণ কাজ শুরু করতে স্থানীয় জনসাধারণের সাথে ঠিকাদারি প্রতিষ্ঠান এর কর্মকর্তাদের সাথে কোন ধরনের বাধা/বিপত্তির ঘটনা ঘটেনি তবে ময়মনসিংহ জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তা জানান যে, ভবন নির্মাণের জন্য শুরুর দিকে ৮ ফুট ম্যাট ফাউন্ডেশন করার সময় ফাউন্ডেশন এর পাশে ওয়াসার ড্রেন থেকে ম্যাট ফাউন্ডেশনে পানি প্রবেশ করে এবং ফাউন্ডেশনের পার্শ্ববর্তী আবাসিক ভবনের বাউন্ডারী ওয়াল হুমকিস্বরুপ মনে করে উক্ত ভবনের মালিক আইনের সহায়তা নেয়। এ নিয়ে ভবনের মালিক, ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তা এবং গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তাদের সাথে কিছু ঝামেলা সৃষ্টি হয়। উক্ত ঝামালে মিটাতে প্রায় ১ মাস সময় অতিবাহিত হয়।
- প্রকল্প কাজে নিয়োজিত ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তারা জানান যে নির্মাণ কাজ গণপূর্ত অধিদপ্তর এবং মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক নিয়মিত মনিটরিং করা হয়। এছাড়াও সমাজসেবা অফিসের কর্মকর্তারা প্রায় সমই নির্মাণাধীন ভবনগুলো পরিদর্শন করেন এবং ঢালাই এর সময়ও কিছু কিছু কর্মকর্তা উপস্থিত থাকেন। তবে মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক যে মনিটরিং করা হয়ে তাঁরা সাইট নোট বুকে কোন মন্তব্য লিপিবদ্ধ করেন না বলে জানানো হয়।
- প্রকল্প কাজে নিয়োজিত ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তারা জানান যে নির্মাণ কাজের গুণগতমান বজায় রেখেই চলমান কাজ হচ্ছে। এছাড়াও জানান যে, চলমান কাজের কংক্রিট (Cylinder Test) টেস্ট, রড টেস্ট, বালি টেস্টসহ অন্যান্য ল্যাব টেস্ট করা হয়েছে এবং গণপূর্ত অধিদপ্তর কর্তৃক নির্মাণ কাজের নিয়মিত তদারকি করা হয় বলে জানানো হয়।
- ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তারা জানান যে, পর্যাপ্ত জনবল নিয়োগ দেয়া হয়েছে যেন দ্রুত ও নির্দিষ্ট সময়ে নির্মাণ কাজ সম্পন্ন হয় তবে এই মূহুর্তে ভেরিয়েশন প্রয়োজন এবং টাইলস্ এর বিষয়ে দ্রুত সীদ্ধান্ত পেলে নির্দিষ্ট সময়ের মধ্যে চলমান কাজ সম্পন্ন করতে পারবে বলে আশা ব্যক্ত করেন।
- নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তাদের থেকে জনা যায় যে, ২২ জেলায় নির্মাণ কাজে সাধারণত- রেইনফোর্সমেন্ট হিসেবে- SS, CSRM ও BSI ইত্যাদি ব্র্যান্ডের রড ব্যবহার করা হচ্ছে। কোথাও কোথাও আবার পাথর-LC মাধ্যমে ইন্ডিয়ান পাথর ব্যবহার করা হচ্ছে আবার কোথাও বুড়িমারি, সোনামসজিদ, পঞ্চগড় থেকে সংগ্রহ করা হচ্ছে। সিমেন্ট- ফ্রেশ সিমেন্ট, মীর সিমেন্ট CM-1সহ অন্যান্য ব্র্যান্ডের সিমেন্েও ব্যবহার করা হচ্ছে বলে জানানো হয়। এছাড়াও জানান যে, গুণগতমান নিশ্চিতকরণে রড, সিমেন্ট, বালি, পাথরের ল্যাব টেস্ট করা হয়েছে এবং ল্যাব টেস্টের ফলাফল সন্তোষজনক ছিল।
- নির্মাণ কাজে নিয়োজিত ২২ জেলার প্রতিটি ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তারা জানান যে, ঢালাই কাজে ভাইব্রেটর মেশিন ব্যবহার করা হয়েছিল এবং ঢালাই পরবর্তীতে যথাযথভাবে সর্বনিম্ন ১৪দিন এবং সর্বোচ্চ ২১ দিন কিউরিং করা হয়েছিল।
- নির্মাণ কাজে নিয়োজিত ২২ জেলার প্রতিটি ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তারা জানান যে, নির্মাণ কাজে স্টিল সাঁটারিং ব্যবহার নিশ্চিত করা হয়েছে । তবে সাব-স্টেশন,লিনটেল এর ক্ষেত্রে বাঁশ ও কাঠের সাঁটারিং ব্যবহার করা হয়েছে।
- নির্মাণ কাজে নিয়োজিত ২২ জেলার প্রতিটি ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তারা জানান যে শ্রমিকদের জন্য নিরাপত্তা সরঞ্জাম (গ্লাবস, গাম্বুট, হ্যালমেট ইত্যাদি) সরবরাহ এবং ব্যবহার নিশ্চিত করা হয়েছে তবে শ্রকিরা বেশিরভাগ সময়ই তা ব্যবহার করেনা। এ ক্ষেত্রে তাদের নির্দেশনা দেয়া হলেও নির্মাণ শ্রমিকগণ তারপরেও নিরাপত্তা সরঞ্জাম (গ্লাবস, গাম্বুট, হ্যালমেট ইত্যাদি) ব্যবহার করেনা বলে জানান।
- প্রকল্প এলাকার ২২ জেলার প্রায় সব জায়গার নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তারা জানান যে, চলমান কাজে Covid-19 এ পূর্বে কর্ম-পরিকল্পনা তৈরি করা হয়েছিল কিন্তু Covid-19 বৈশ্বিক মহামারির জন্য চলমান কাজ প্রায় ৪-৫ মাস বন্ধ ছিল। Covid-19 পরবর্তীতে নতুন কোন কর্ম-পরিকল্পনা তৈরি করা হয়নি বলে জানানো হয়।
- বেশিরভাগ ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তারা জানান যে, নির্মাণ কাজের নিরাপত্তা সন্তোষজনক। তবে ময়মনসিংহের ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তারা জানান যে, বর্তমান যে জায়গায় প্রকল্পের ভবন নির্মিত হচ্ছে (আর্কিমিশ রোড, সদর, ময়মনসিংহ) উক্ত জায়গা অন্যান্য জায়গা থেকে নিরাপত্তার পরিবেশ সন্তোষজনক নয়। অর্থাৎ, নিরাপত্তা খুবই কম। ২জন গার্ড রাখা সত্বেও মাঝে মাঝে চুরির ঘটনা ঘটে।

## ৩.২৩ স্থানীয় পর্যায়ে কর্মশালা হতে প্রাপ্ত ফলাফল

সমাজকল্যাণ মন্ত্রণালয় এর আওতাধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়নাধীন “৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়ে ২২ জেলা) (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সমীক্ষাকালীন স্থানীয় পর্যায়ের কর্মশালা বরিশাল সমাজসেবা কমপ্লেক্সের অফিস রুমে স্থানীয় কর্মকর্তা/কর্মচারী ও সুবিধাভোগী (মুক্তিযোদ্ধা, হিজড়া, দুস্থ মহিলা, প্রতিবন্ধী) উপস্থীতিতে এবং “zoom” ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠিত হয়। স্থানীয় পর্যায়ে মতবিনিময় কর্মশালার কার্যবিবরণী এবং মতামতসমূহ নিম্নে তুলে ধরা হলো –



চিত্রঃ স্থানীয় পর্যায়ে মতবিনিময় কর্মশালা

### ৩.২৩.১ স্থানীয় পর্যায়ে কর্মশালার কার্যবিবরণী

গত ২২ মে ২০২১ তারিখ রোজ শনিবার সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত বরিশাল সমাজসেবা কমপ্লেক্সের অফিস রুমে “zoom” ভিডিও কনফারেন্সের মাধ্যমে স্থানীয় পর্যায়ে মতবিনিময় কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন এস এম হামিদুল হক, মহাপরিচালক পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-০৮, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড.অঞ্জন কুমার দেব রায়, প্রকল্প পরিচালক, “৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়ে ২২ জেলা) (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প। কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ১। জনাব মোঃ মোশারফ হোসেন, পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-০৮, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। ২। জনাব মোঃ সাইদুর রহমান, সহকারী পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-০৮, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়।

এছাড়াও উক্ত কর্মশালায় উপস্থিত ছিলেন, উপ-পরিচালক, জেলা সমাজসেবা কমপ্লেক্স, বরিশাল, উপ-পরিচালক, জেলা সমাজসেবা কমপ্লেক্স, ঝালকাঠি, নির্বাহী প্রকৌশলী, বরিশাল গণপূর্ত অধিদপ্তর, নির্বাহী প্রকৌশলী, সুনামগঞ্জ গণপূর্ত অধিদপ্তর, নির্বাহী প্রকৌশলী, ঝালকাঠি গণপূর্ত অধিদপ্তর এবং বরিশাল সমাজসেবা কমপ্লেক্স এর অন্যান্য কর্মকর্তা ছাড়াও জেলা সমাজসেবা আওতায় উপকারভোগী (মুক্তিযোদ্ধা, হিজড়া, দুস্থ মহিলা, প্রতিবন্ধী) এবং ঠিকাদার প্রতিষ্ঠানের বিভিন্ন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। প্রধান অতিথির স্বাগত বক্তব্যের মাধ্যমে কর্মশালার কার্যক্রম শুরু হয়।

সভার শুরুতে ইঞ্জিঃ কাজী রিয়াজুল মনির, টিম লিডার “৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়ে ২২ জেলা) (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা দেন এবং মাঠ পর্যায়ে এযাবতকৃত নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের উপর গৃহিত বিভিন্ন কার্যাবলির উপস্থাপন করেন। আইএমইডির সেক্টর-০৮ এর পরিচালক জনাব মোঃ মোশারফ হোসেন, নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্য ও কার্যপরিধি সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। পরবর্তী সময় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কর্মশালায় উপস্থিত সদস্যবৃন্দের কাছ থেকে প্রকল্প সংশ্লিষ্ট মতামত ও প্রশ্ন আহবান করা হয় এবং উক্ত কর্মশালা থেকে মতামতের ভিত্তিতে প্রাপ্ত ফলাফলসমূহ নিম্নে সংক্ষিপ্ত আকারে তুলে ধরা হলো-

**ফলাফলসমূহ:**

- শুরুতেই, জেলা সমাজসেবা কমপ্লেক্স বরিশাল এর উপ-পরিচালক মহোদয় প্রকল্পের কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন। তিনি জানান যে, বরিশালে শিশু পরিবারের মাঠের চাহিদার কারণে জমি পেতে দেরি হওয়ায় নির্মাণ কাজ শুরু করতে ৩-৪ মাস সময় বিলম্ব হয়েছে এবং পাইলিং এর কম্পোনের কারণে স্থানীয় জনগণের বাধার কারণে ২-১ মাস অতিরিক্ত সময় লেগেছে। বর্তমানে ভবনের ফিনিশিং কাজ চলমান রয়েছে। এছাড়াও গণপূর্ত অধিদপ্তর কর্তৃক নিয়মিত নির্মাণ কাজ তদারকি করা হয় বলে জানান।
- এছাড়া জেলা সমাজসেবা কমপ্লেক্স বরিশাল এর সমাজসেবা অফিসে কর্মরত কর্মকর্তারা জানান যে, বর্তমানে তাদের যে অফিস রয়েছে তা সেবা প্রদানে সহায়ক নয়। অফিস রুমে যথেষ্ট পরিমাণ স্পেস নেই, প্রতিবন্ধীদের জন্য সু-ব্যবস্থা নেই, জেলা পর্যায়ে কর্মরত মা ও শিশুদের জন্য ভাল কোন ব্যবস্থা নেই, কোন ওয়েটিং রুম নেই, মহিলা/পুরুষ আলাদা আলাদা বাথরুম নেই অর্থাৎ সেবা প্রদানে অনেক সমস্যা বলে সভায় জানানো হয়। তাঁরা মনে করেন নতুন জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মানের ফলে উক্ত সমস্যাগুলো সমাধান হবে এ জন্য দ্রুত নির্মাণ কাজ শেষ হওয়া দরকার।
- সভায় উপস্থিত বরিশাল গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তারা জানান যে, নির্মাণ কাজ শুরু করতে ৩-৪ মাস সময় বিলম্ব হয়েছে এবং Covid-19 করোনা ভাইরাসের কারণে নির্মাণ কাজ ৩-৪ মাস বন্ধ ছিল যার কারণে নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা যায়নি। তবে নির্মাণ কাজের গুণগত মান বজায় রেখে কাজ চলমান রয়েছে এবং ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক কাজগুলো নিয়মিত বুঝে নেয়া হয় বলে সভায় জানানো হয়।
- সভায় উপস্থিত জেলা সমাজসেবা অফিস এর আওতায় সুবিধাভোগীরা জানান যে, বর্তমান অফিস থেকে ভাল মানের সেবা পাওয়া যায়না কারণ অফিস রুমের স্পেস একদম কম, এই করোনা পরিস্থিতীতে স্বাস্থ্যবিধি মানাও দুষ্কর বলে অবহিত করা হয়। তাঁরা জানান, নতুন জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মিত হলে উক্ত সমস্যাগুলো সমাধান হবে এবং তাঁরাও ভাল মানের সেবা পাবেন বলে আশা রাখেন।
- সভায় উপস্থিত জেলা সমাজসেবা কমপ্লেক্স ঝালকাঠি এর উপ-পরিচালক মহোদয় জানান যে, ঝালকাঠিতে গাছ ও পুরাতন স্থাপনা অপসারণ করতে ৩-৪ মাস সময় বিলম্ব হয়েছে। এছাড়াও Covid-19 করোনা ভাইরাসের কারণে নির্মাণ কাজ ৩-৪ মাস বন্ধ ছিল বলে জানান। নির্মাণ কাজ সমাজসেবা অফিদফতর কর্তৃক নিয়মিত পর্যবেক্ষণও করা হয় বলে জানানো হয়। বর্তমানে পুরো ভবনের কাজ শেষ হয়েছে এবং ফিনিশিং কাজ চলামান রয়েছে যা কিছু দিনের মধ্যেই শেষ হবে বলে জানান।
- সভায় উপস্থিত সুনামগঞ্জ জেলার গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী মহোদয় জানান যে, বর্তমানে ফাইন্ডেশন এর কাজ চলমান রয়েছে এবং আগামি জুন ২০২৩ এর মধ্যে পুরো ভবনের কাজ শেষ হবে বলে তিনি সভায় ধারণা দেন। এছাড়াও নির্মাণ কাজের গুণগত মান বজায় রেখেই কাজ চলমান থাকবে বলে অবহিত করেন।
- সভায় উপস্থিত প্রকল্প কাজে নিয়োজিত ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তারা জানান যে নির্মাণ কাজের গুণগতমান বজায় রেখেই চলমান কাজ হচ্ছে। এছাড়াও জানান যে, চলমান কাজের কংক্রিট (Cylinder Test) টেস্ট, রড টেস্ট, বালি টেস্টসহ অন্যান্য ল্যাব টেস্ট করা হয়েছে এবং গণপূর্ত অধিদপ্তর কর্তৃক নির্মাণ কাজের নিয়মিত তদারকি করা হয় বলে জানানো হয়।
- সভায় উপস্থিত সমাজসবো অফিসের কর্মর্কারা জানান যে জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে সেবামূলক প্রোগ্রামে বেশ কিছু পরিবর্তন আসবে। যেমন-বিভিন্ন এনজিও প্রতিষ্ঠান কর্তৃক অনেক সময় উন্নয়ন মেলাসহ অন্যান্য প্রোগ্রাম করা হয়ে থাকে যা বর্তমান অফিস সহায়ক নয়। এছাড়াও সমাজসেবা অফিসের সাথে সাংযুক্ত বিভিন্ন সংস্থা/দলগুলোকে নতুন ভবনের হলরুম/ প্রোগ্রাম রুমে বড় আকারে প্রোগ্রামের আয়োজন করা যাবে এবং প্রোগ্রামে গতিশীলতা বৃদ্ধি পাবে।
- সভায় উপস্থিত কর্মকর্তারা জনান যে, বর্তমান জেলা সমাজসেবা অফিস থেকেই উপজেলা পর্যায়ে সকল নিয়োজিত সকল সংস্থা/দলগুলোকে মনিটরিং করা হয়ে থাকে। যেহেতু মনিটরিং করা হয়ে থাকে এবং বিভিন্ন সময় প্রোগ্রাম কিংবা ট্রেনিং এর প্রয়োজন হয়ে থাকে কিন্তু প্রোগ্রাম কিংবা ট্রেনিং করারমত বর্তমান অফিস সহায়ক নয়। এছাড়াও বিভিন্ন এনজিও সংস্থার কর্মকর্তা/কর্মচারি একত্রে আসলে তাদের সেবা দিতে মাঝে মাঝে সমস্যার সম্মুখিন হতে হয় যেহেতু

অফিসিয়াল স্পেস একদম কম। তাই নতুন জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে উক্ত সমস্যাগুলোর সমাধান হবে এবং সমাজসেবা অধিদপ্তরের আওতাধীন সকল সংস্থা/ দলগুলোকে আরও ভাল সেবা প্রদান করা যাবে বলে মতামত প্রকাশ করা হয়।

- সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় পুনরায় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

## ৩.২৪ প্রকল্প টেকসইকরণ পরিকল্পনা

প্রকল্পের কার্যক্রম সমাপ্তির পরে, এর উপকারিতা, স্থায়ীত্ব এবং কার্যকারিতা নিশ্চিত করা সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ। প্রকল্পের বাস্তবায়ন পরিকল্পনা অনুযায়ী হলেও প্রকল্পের কাজ সম্পন্ন হওয়ার পর এর সফলতা নির্ভর করে প্রকল্পের স্থায়ীত্ব এবং রক্ষণাবেক্ষণের ওপর। এজন্য প্রকল্পটির বিস্তারিত পরিকল্পনার মধ্যে এর স্থায়ীত্বের সুযোগ ও কৌশল উল্লেখ থাকা বাঞ্চনীয়। আলোচ্য প্রকল্পে টেকসইকরণ পরিকল্পনার পাশাপাশি প্রকল্পের পরিচালন ও রক্ষণাবেক্ষণের কাজ অধিদফতরের অনুন্নয়ন বাজেটের প্রাপ্ত বরাদ্দ হতে সমন্বয় করা যেতে পারে। প্রকল্পটি শেষ হওয়ার পরে এটি রাজস্ব বাজেটে স্থানান্তরিত হবে না তবে প্রকল্প পরিচালক অফিসের সমস্ত সম্পদ সমাজসেবা বিভাগের রাজস্ব বাজেটে স্থানান্তরিত হবে। প্রোগ্রামগুলোর নিয়মিত ক্রিয়াকলাপ হিসাবে জেলা সমাজসেবা দপ্তর প্রকল্পটি নিয়ন্ত্রণ এবং পরিচালনা করবে মর্মে উল্লেখ রয়েছে (পৃঃ -৫)।

এছাড়া প্রকল্প এলাকায় পরিষ্কার পরিচ্ছন্ন রাখা ও বর্জ্য নিষ্কাষন ব্যবস্থাপনার জন্য এখন থেকেই কার্যকরি পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। এছাড়াও পাম্প ড্রাইবার, লিফট্ ম্যান, লিফট্ রক্ষণাবেক্ষণ, রেস্ট হাউস কেয়ারটেকার, ভাড়ার জন্য নির্ধারিত মিটিং রুম ইত্যাদির জন্য কেয়ারটেকিং স্টাফের প্রয়োজন হবে যা এখন থেকেই পদক্ষেপ নেয়া দরকার। প্রকল্প বাস্তবায়ন শেষে, কিছুদিন পর প্রকল্প এলাকার ২২ জেলায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কাছ থেকে 'ফিডব্যাক' বা প্রতিক্রিয়া সংগ্রহ করা একান্ত প্রয়োজন। যথাঃ নতুন অফিসের সুবিধাদি, পরিবেশ ও নিরাপত্তা ইত্যাদি। আর এই অভিজ্ঞতা পরবর্তীতে পর্যায়ে প্রকল্পের ক্ষেত্রে অনুসরণীয় হতে পারে।

# চতুর্থ অধ্যায়

## SWOT বিশ্লেষণ

### ৪.১ SWOT বিশ্লেষণ

যে কোন প্রকল্পের সবলতা (Strength), দুর্বলতা (Weakness) প্রকল্পের অভ্যন্তরীণ পরিবেশ ও ব্যবস্থাপনার সাথে জড়িত। অপর দিকে সুযোগ (Opportunity) প্রকল্পের ভিতর ও বাইরের উভয় নিয়ামক এবং হুমকি (Threat) প্রকল্পের বাইরের নিয়ামকের সাথে সংশ্লিষ্ট। সেকেন্ডারী তথ্য/উপাত্ত সংগ্রহ এবং তথ্য/উপাত্ত পর্যালাচনা এবং মাঠ পর্যায়ে প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন তথ্য/উপাত্ত সংগ্রহের পাশাপাশি সরজমিনে নির্মাণ কাজের গুণগত মান পর্যবেক্ষণ করা হয়েছে। প্রাপ্ত তথ্য/উপাত্তের ভিত্তিতে নিম্নে বর্তমান প্রকল্পটির SWOT বিশ্লেষণ নির্দেশকের আলোকে মতামত বা মন্তব্য প্রদান করা হলো-

#### ৪.১.১ প্রকল্পের সবলদিকসমূহ

১. **জেলা সমাজসেবার নিজস্ব ভবন:** প্রকল্পের আওতায় ১ম পর্যায়ে ২২জেলায় ২২টি সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে সমাজসেবা অধিদফতরের নিজস্ব অফিস ভবন থাকা। নিজস্ব ভবন হওয়ার ফলে কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে সমাজের মধ্যে নিজেদের গুরুত্ব সঠিকভাবে অনুভূত হবে। এছাড়াও জনসমাজের মাঝে এই দপ্তরের পরিচিতি বাড়বে এবং লোকজন এই দপ্তরের গুরুত্ব বুঝতে পারবে।

২. **সেবামূলক সংগঠনগুলোর একটি কেন্দ্র:** বিভন্ন সমাজসেবা সংগঠন তাদের বিভিন্ন সেবামূলক কাজে এই ভবন ব্যবহার করতে পারবে যার ফলে সমাজসেবা মূলক সংগঠনগুলোর একটি কেন্দ্র হিসেবে ভবন অবদান রাখবে।

৩. **জমির ব্যবহার ও রাজস্ব আয়:** অব্যবহৃত সরকারি জমির সর্বোত্তম ব্যবহার ও রাজস্ব ব্যয় সাশ্রয়;

#### ৪.১.২ প্রকল্পের দুর্বলদিকসমূহ

১. **উদ্দেশ্য বাস্তবায়ন না করা:** জেলা পর্যয়ে কর্মরত সকল মা ও শিশুদের জন্য ভবনে কোন নির্দিষ্ট জায়গা রাখা হয়নি যা এই প্রকল্পের একটি উদ্দেশ্য ছিল।

২. **ফিজিবিলিটি স্টাডি ও বেজলাইন সার্ভে না করা:** এর ফলে প্রকল্প গ্রহণকালীন প্রকল্পের চাহিদা সম্পর্কিত কোন তথ্য পাওয়া যায়নি। এছাড়াও বেজলাইন সার্ভে ও ফিজিবিলিটি স্টাডি করা হলে কুমিল্লা ও সুনামগঞ্জে ভূমি সংক্রান্ত সমস্যাগুলি পূর্বেই জানা যেত এবং প্রকল্পের সময় নির্ধারণ করা যুক্তিসঙ্গত হতো;

৩. **সময়মত দরপত্র আহবান করতে না পারা:** প্রকল্পের আওতায় ২২ জেলায় ডিপিপি অনুযায়ী সময়মত দরপত্র আহবান করতে না পারা;

৪. **পরিবেশ সংরক্ষণ:** শিশুদের খেলার মাঠ কমিয়ে বা ব্যবহার করে ভবন নির্মাণ করায় শিশুদের খেলাধুলার সুযোগ ও পরিবেশ বিনষ্ট হয়েছে। প্রকল্পের আওতায় STP এবং আরবরিকালচার ইত্যাদি কাজ অন্তর্ভুক্ত না করা।

৫. **নিয়মিত পিআইসি ও পিএসসি সভা না করা:** প্রকল্পের অগ্রগতির স্বার্থে সময়মত পিআইসি ও পিএসসি সভা করা প্রয়োজন কিন্তু এ প্রকল্পে নিয়মিত পিআইসি ও পিএসসি সভা অনুষ্ঠিত হয়নি;

#### ৪.১.৩ প্রকল্পের সুযোগসমূহ

১. **সেবার পরিমাণ বৃদ্ধি:** সমাজসেবা অধিদফতরের আওতাধীন সকল সংস্থা/ দলগুলোকে আরও ভাল এবং সেবা প্রদান বৃদ্ধি পাওয়ার সুযোগ রয়েছে। পুরনো ভাড়া অফিসে জেলা সমাজসেবা অফিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের অফিস রুম সেবা প্রাদানে সহায়ক নয় তাই নতুন ভবন নির্মাণে উক্ত সমস্যা সমাধানের সুযোগ থাকবে।

২. **প্রোগ্রামগুলো আরও সুনিপুণভাবে করা:** জেলা সমাজসেবা অধিদপ্তরের সকল প্রোগ্রামসমূহ সুনিপূণভাবে করার সুযোগ রয়েছে;

৩. **প্রতিবন্ধীদের জন্য সেবা পাওয়ার সুযোগ বৃদ্ধি:** নতুন জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ফলে শারিরিক প্রতিবন্ধীদের জন্য সুবিধা বাড়বে-যেমন- লিফট্ ও র‌্যাম্প থাকার কারণে অনায়াসে অফিস ভবনে গমন করতে পারবে;

৪. **সরকারের রাজস্ব আয় বৃদ্ধি:** নতুন জেলা সমাজসেবা নির্মাণের ফলে উক্ত ভবন হতে মাসিক ভাড়া বাবদ সরকারের রাজস্ব আয় বৃদ্ধি পাওয়ার সুযোগ রয়েছে।

### ৪.১.৪ প্রকল্পের ঝুঁকিসমূহ

১. **কাজের অগ্রগতি মন্থর হওয়া** : শুষ্ক মৌসুমে কাজের অগ্রগতি যথেষ্ঠ পরিমাণে বৃদ্ধি করতে না পারলে বর্ষার মৌসুমে অতি বৃষ্টি প্রবণ এলাকায় জলাবদ্ধতার কারণে কাজ ধরিগতি হতে পারে। এছাড়া সাম্প্রতিক করোনা মহামারির (Covid-19) জন্য কাজ পিছিয়ে যাবার সম্ভাবনা রয়েছে;

২. **কর্ম-পরিবেশের হুমকি:** জেলা অফিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী ছাড়াও প্রতিদিন সেবা গ্রহীতা এবং বিভিন্ন এনজিও প্রতিষ্ঠানের কর্মকর্তাদের বিপুল সমাগম তৈরি হবে এবং বর্জ্য উৎপন্ন হবে এমতাবস্থায় যথাযথভাবে বর্জ্য নিষ্কাশন ব্যবস্থা না করলে কিছু দিন পর প্রকল্পের সেবা প্রদানে পরিবেশ বিনষ্ট হওয়ার স্মভাবনা থাকবে;

৩. **রক্ষণাবেক্ষণ:** ভবনগুলোর মেয়াদ ৫০ বছর ধরা হয়েছে। এ সময়ব্যাপী ভবনগুলোর ব্যাবহার উপযোগী ভবিষ্যতে রক্ষণাবেক্ষণের উপর নির্ভর করবে তাই উপযুক্তভাবে রক্ষণাবেক্ষণের অভাব হলে ভবনগুলোর স্থায়িত্ব কমে যাওয়ার সম্ভাবনা থাকবে; এবং

৪. **ব্যয় বৃদ্ধি ও রাজস্ব ঘাটতি:** যথাসময়ে নির্মাণ কাজ শেষ করতে না পারলে যেমন বিভিন্ন অঙ্গের ব্যয় বৃদ্ধি পাবে তেমনিভাবে অফিস ভাড়া বাবদ (প্রতি মাসে ৫৫-৬৫ হাজার) ব্যয় হবে এবং নতুন ভবন থেকে ভাড়া বাবদ সরকার রাজস্ব আয় থেকেও বঞ্চিত হবে।

# পঞ্চম অধ্যায়

## পর্যবেক্ষণ

### ৫.১ সমীক্ষালব্দ পর্যবেক্ষণ

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার মূল উদ্দেশ্য ছিল- প্রকল্পটির বর্তমান অবস্থা পর্যবেক্ষণ, চলমান কাজের অগ্রগতি ও গুণগত মান পর্যবেক্ষণ, সমাজসেবা অফিসের কর্মকর্তা/কর্মচারি এবং প্রকল্পের আওতায় উপকারভোগীদের (সেবা গ্রহণকারী) সাথে কাঠামোগত প্রশ্নপত্রের মাধ্যমে প্রকল্প সংশ্লিষ্ট তথ্য সংগ্রহ, বছরভিত্তিক অর্থ-বরাদ্দ, অর্থ-ছাড় ও ব্যয় বিশ্লেষণ, প্রকল্পের সবল দিক, সুযোগ, দুর্বল দিক ও ঝুঁকি বিশ্লেষণ ও পর্যালোচনা এবং সর্বোপরি প্রকল্পটি এ পর্যন্ত কতটুকু আউটপুট অর্জন করতে পেরেছে তা পর্যালোচনা করে প্রতিবেদনে সন্নিবেশন করা। সমীক্ষাকালীন বিভিন্ন পর্যায় হতে প্রাপ্ত তথ্যাবলী বিশ্লেষণপূর্বক পরিবীক্ষণ সমীক্ষার পর্যবেক্ষণ নিম্নে দেয়া হলো-

### ৫.২ ডিপিপি/আরডিপিপি পর্যবেক্ষণ

প্রকল্প অনুমোদনের ৬ মাস পরে জিও জারি করা হয়। মূল ডিপিপি থেকে আরডিপিপিতে ১১.২৭% ব্যয় এবং ৩৩.৩৩% সময় বৃদ্ধি পেয়েছে । প্রকল্প গ্রহণের পূর্বে বেজলাইন সার্ভে ও ফিজিবিলিটি স্টাডি/নীড এসসেমেন্ট করা হয়নি। ২০১৭-২০১৯ পর্যন্ত ৩ অর্থ-বছরের প্রকল্পের আর্থিক লক্ষ্যমাত্রা ৮,৮১২.৭৮ লক্ষ টাকা নির্ধারণ করা হয়েছে যা মোট প্রকল্প ব্যয়ের মাত্র ২৪.৫৬% যা খুবই কম। জেলা নির্বাচনের ক্ষেত্রে যে জেলায় বাড়ি ভাড়া বেশি এবং সহজে নিজস্ব জমি পাওয়া যাবে সেই সব জেলাকে অগ্রাধিকার দেয়া হয়। ডিপিপি/আরডিপিপিতে পূর্ত ক্রয় কাজের প্যাকেজগুলো যথাযথ হয়নি।

### ৫.৩ প্রকল্প ব্যবস্থাপনা পর্যবেক্ষণ

এ প্রকল্পে বাস্তবায়ন পর্যায়ে সঠিক ব্যবস্থাপনা ও মনিটরিং এর অনেক অভাব রয়েছে। প্রকল্পের আওতায় ২২টি জেলায় সময়মত দরপত্র আহবান করতে না পারা। প্রকল্প বাস্তবায়নের অর্ধেক সময় অতিবাহিত হওয়ার পরেও বাগেরহাট, কুমিল্লা ও কক্সবাজারে জমি প্রাপ্তির জন্য চেষ্টা চালানো, তারও ০৯ মাস পর বাগরেহাট জেলা পরিবর্তন করে সুনামগঞ্জ জেলা নির্বাচন করা এবং তখনও কুমিল্লা জেলার জমি চূড়ান্ত করতে না পারা প্রকল্প ব্যবস্থাপনার অদক্ষতা বলে গণ্য হয়। এছাড়াও সঠিক সময়ে টাইলস্ এর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে না পারা এবং ভেরিয়েশন অনুমোদন না দিতে পারায় প্রকল্প ব্যবস্থাপনার যথেষ্ট ঘাটতি রয়েছে।

### ৫.৪ বার্ষিক কর্ম-পরিকল্পনা পর্যবেক্ষণ

প্রকল্পের আওতায় অনুমোদিত অঙ্গগুলোর বছর-ভিত্তিক কর্মপরিকল্পনা ডিপিপি/আরডিপিপি'তে থাকলেও, বিগত অর্থ-বছরগুলোতে সে অনুযায়ী বাস্তব কর্ম-পরিকল্পনা তৈরি করা হয়নি। নির্মাণ কাজের গতির বিষয়ে কর্ম-পরিকল্পনায় বার চার্ট বা গ্যান্ট চার্ট সঠিকভাবে অনুসরণ করা এবং সময়মত আপডেট করা দরকার ছিল কিন্তু দেখা যায় যে, বাস্তবে কর্ম-পরিকল্পনা আপডেট করা হয়নি। চলতি ২০২০-২০২১ অর্থ-বছরের কর্ম-পরিকল্পনায় অনাবাসিক ভবন (নির্মাণ ও পূর্ত) কাজের ২৮.২১% লক্ষ্যমাত্র কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়াও মোটরযান রক্ষণাবেক্ষণ, যন্ত্রপাতি ও সরঞ্জাম মেরামত ও রক্ষণাবেক্ষণ, আউটসোর্সিং, পেট্রোল অয়েল ও লুব্রিকেন্ট ইত্যাদি অঙ্গের কাজ কর্ম-পরিকল্পনায় রয়েছে।

### ৫.৫ এডিপি/আরএডিপি'তে অর্থ বরাদ্দ, অর্থছাড় ও প্রকৃত ব্যয় পর্যবেক্ষণ

মে-২০২১ পর্যন্ত প্রকল্পের মোট প্রকৃত ব্যয় ৪৬.১০% যা সন্তোষজন নয়। অর্থবছর ২০১৭-২০১৮ তে প্রকল্পের শুরুতে এডিপি/আরএডিপিতে বরাদ্দ ও অর্থছাড় যথাসময়ে হলেও মোট প্রকল্প ব্যয়ের মাত্র ০.৪৭% অর্থ ব্যয় করা হয়েছে। চলতি ২০২০-২০২১ অর্থ-বছরের বরাদ্দ অনুযায়ী প্রকৃত ব্যয় করা হয়েছে ৭৭১০.৪৮ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ২১.০৪%। আরডিপিপির সংস্থান অনুযায়ী এডিপিপি/আরএডিপি'তে যথা সময়ে অর্থ বরাদ্দ পেয়েছে এবং সে অনুযায়ী অর্থ-ছাড় হয়েছে কিন্তু চলতি অর্থ-বছরে প্রকৃত ব্যয় খুবই কম।

## ৫.৬ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমের অগ্রগতি পর্যবেক্ষণ

প্রকল্পের আওতায় প্রধান কাজ হচ্ছে ২২ জেলায় ৬তলা বিশিষ্ট ২২টি জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ কিন্তু কোন জেলার কাজ এখনও সম্পূর্ণভাবে সম্পন্ন হয়নি ও পূর্ত কাজের ভৌত অগ্রগতি গড়ে প্রায় ৬০% যা সন্তোষজনক নয়। কুমিল্লায় দরপত্র চূড়ান্তকরণ চলমান এবং সুমামগঞ্জে ফাইন্ডেশন এর কাজ চলমান রয়েছে।

## ৫.৭ প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণসমূহ পর্যবেক্ষণ

ভূমি সংক্রান্ত জটিলতার কারণে কক্সবাজার কেন্দ্রের স্থান পরিবর্তন করে নোয়াখালী এবং বাগেরহাট কেন্দ্রের স্থান পরিবর্তন করে সুনামগঞ্জ এ স্থানান্তরের সময় বিলম্ব। সুনামগঞ্জে নিজস্ব জমি ছিল না বিধায় জমি ক্রয় করা হয়েছে ফলে কাজ শুরু করতে অতিরিক্ত সময় লেগেছে। কুমিল্লা জেলায় নিজস্ব জমি পাওয়ার কথা থাকলেও বাস্তবে নিজস্ব জমি না পাওয়ায় নতুন করে জমি ক্রয় করে কাজ শুরু করতে সময় বিলম্ব। এছাড়া অধিকাংশ জায়গাতেই সমাজসেবার পুরাতন স্থাপনা এবং গাছ অপসারণে ৩-১০ মাস পর্যন্ত সময় লেগেছে। করোনা (Covid-19) মহামারি কারণে প্রায় ৫-৬ মাস সময় বিলম্ব হয়। স্থাপত্য অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর এবং প্রকল্প অফিস এর সমন্বয়হীনতার কারণে চলমান কাজে সিদ্ধান্ত গ্রহণে জটিলতায় সময় বিলম্ব হচ্ছে। স্থাপত্য অধিদপ্তর কর্তৃক যথাসময়ে ড্রইং/ডিজাইন প্রাপ্তিতে সময় বিলম্ব হয়েছে। কিছু জায়গায় ভেরিয়েশন অনুমোদনে বিলম্বের ফলে বর্তমানে নির্মাণ কাজের ধীরগতি দেখা গিয়েছে।

## ৫.৮ বার্ষিক ক্রয় কার্যক্রম পর্যবেক্ষণ

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় দরপত্র আহবান করা হয়নি। আরডিপিপিতে নির্মাণ কাজের ০২টি প্যাকেজ থাকলেও বাস্তবে কুমিল্ল জেলা ব্যতিত সকল জেলায় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন ব্যতিত প্যাকেজ একত্র করে ০১টি প্যাকেজে দরপত্র আহবান করা হয়েছে যা ডিপিপি এবং পিপিআর-২০০৮ এর বিধি-১৭ ব্যত্যয় ঘটেছে।

ঢাকা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণের ক্ষেত্রে WD ০২ প্যাকেজে E/M কাজের জন্য প্যাকেজ ভেঙ্গে আলাদা আলাদা লটে দরপত্র আহবান করা হয়েছে। এছাড়াও ফরিদপুর জেলায় আরিডিপিপিতে প্যাকেজ না থাকলেও প্রকল্পের আওতায় Construction of Garage Building এর জন্য দরপত্র আহবান করা হয়েছে যেখানে ডিপিপি এবং পিপিআর-২০০৮ এর বিধ-১৭ ব্যত্যয় ঘটেছে।

পণ্য ক্রয়ের ০৭টি প্যাকেজের মধ্যে ০১টি প্যাকেজের দরপত্র আহবান করা হয়েছে। সকল প্রকার যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয় কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্য এখনও দরপত্র আহবান করা হয়নি। আসবাপত্রের জন্য বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনকে কার্যাদেশ প্রদান করা হয়েছে।

## ৫.৯ ভেরিয়েশন সংক্রান্ত তথ্যাদি পর্যবেক্ষণ

প্রকল্পের আওতাভুক্ত ০৭টি জেলায় (ফরিদপুর, চট্রগ্রাম-, দিনাজপুর, নেত্রকোণা, রংপুর, ময়মনসিংহ ও কিশোরগঞ্জ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন ব্যতিত ভেরিয়েশন করা হয়েছে। নেত্রকোণায় আরডিপিপির প্রাক্কলিত মূল্য থেকে ৬.২১% বেশি ভেরিয়েশন করা হয়েছে।

## ৫.১০ অডিট পর্যবেক্ষণ

প্রকল্প পরিচালকের কার্যালয়ে ০২টি অডিট আপত্তি ছিল যার সংশ্লিষ্ট টাকার পরিমাণ ৭,৯৭,২৫০/- এবং অডিট আপত্তি এখনও নিষ্পন্ন হয়নি। প্রকল্পের প্রধান অঙ্গ ভবন নির্মাণ কাজের বিষয়ে কয়েকটি জেলায় (ময়মনসিংহ, ফরিদপুর, চাঁপাইনবাবগঞ্জ, ঢাকা, লালমনিরহাট) পূর্ত অডিট সম্পাদিত হয়েছে। চাঁপাইনবাবগঞ্জ, লালমনিরহাট ও ঢাকায় পূর্ত অডিটে আপত্তি নেই। ময়মনসিংহ জেলায় ০২টি (টাকার পরিমাণ ৭৫৭,৪৩১/-) ও ফরিদপুর জেলায় ০২টি (টাকার পরিমাণ ১২,৪৭৯,১২৯/-) করে পূর্ত অডিট আপত্তি রয়েছে এবং অডিট আপত্তি নিষ্পন্ন হয়নি।

## ৫.১১ লগ-ফ্রেমের আলোকে উদ্দেশ্য ও output পর্যবেক্ষণ

এ পর্যন্ত প্রকল্পের ২২ জেলার পূর্ত ও নির্মাণ কাজের ভৌত অগ্রগতি গড়ে ৬০% যা জুন ২০২১ তারিখের মধ্যে প্রকল্পের সমস্ত কাজ শেষ হবেনা এবং প্রকল্পের উদ্দেশ্য জেলা পর্যায়ের কর্মচারীগণ ভালো সেবা প্রদানের জন্য উন্নত অফিসস্থান এর সুবিধা

উক্ত সময়ে পাবে না বলেই গণ্য হয়। অর্থাৎ প্রকল্পের আউটপুট অর্জন খুবই কম। আরডিপিপি'র সংস্থান অনুযায়ী ১২ জন জনবল নিয়োগ করার কথা থাকলেও বাস্তবে ০৫ জন জনবল নিয়োগ করা হয়েছে এবং ০৩ জন সংযুক্ত রয়েছেন।

### ৫.১২ পিআইসি এবং প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা পর্যবেক্ষণ

ডিপিপি/আরডিপিপি এবং পরিপত্র অনুযায়ী প্রকল্পের আওতায় পিআইসি এবং পিএসসি সভা নিয়মিত অনুষ্ঠিত হয়নি। কার্যপরিধি মতে প্রতি ৩ মাস অন্তর অন্তর কমপক্ষে একবার করে সভা করার কথা থাকলেও এ প্রকল্পের শুরু থেকে এখন পর্যন্ত মোট ৭টি পিআইসি সভা এবং ৯টি পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে।

### ৫.১৩ আইএমইডির পরিদর্শন প্রতিবেদন পর্যবেক্ষণ

নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সকল কাজ সম্পন্ন করার বিষয়ে প্রকল্প পরিচালক, বাস্তবায়নকারী সংস্থা/মন্ত্রণালয় হতে মনিটরিং কার্যক্রম জোরদার করার জন্য সুপারিশ করা হলেও যথাযথ বাস্তবায়ন হয়নি। প্রকল্পের কাঙ্খিত অগ্রগতি অর্জনে প্রকল্প কর্তৃপক্ষকে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার জন্য সুপারিশ করা হলেও সে অনুযায়ী কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হয়নি। অডিট কার্যক্রম সম্পন্ন করার জন্য অডিট অফিসের সাথে প্রকল্প কার্যালয়ের যোগাযোগ অব্যাহত রাখার জন্য সুপারিশ করা হলেও অডিট সম্পাদন হয়নি। কাজের তালিকা (Work/Activity list) প্রণয়ন, এবং সে মোতাবেক জুন/২০২১ এর মধ্যে যাবতীয় কাজ শেষ করার জন্য বলা হলেও সে অনুযায়ী (Work/Activity list) প্রণয়ন করা হয়নি।

### ৫.১৪ নির্মাণ কাজের গুণগত মান পর্যবেক্ষণ

নির্মাণ কাজ বিএনবিসি এবং অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী কাজ চলমান রয়েছে। নির্মাণ কাজে ব্যবহৃত মালামালের ল্যাব টেস্টে এবং পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক রিবাউন্ড হ্যামার টেস্টের প্রাপ্ত ফলাফলগুলো সন্তোষজনক পাওয়া গিয়েছে। । তবে কিছু ক্ষেত্রে নির্মাণ কাজে ব্যবহৃত ইটের মান সন্তোষজনক নয় (রাজশাহী, নেত্রকোণা, ময়মনসিংহ, রংপুর, খুলনা, বরিশাল, সিরাজগঞ্জ, লালমনিরহাট, চাঁপাইনবাবগঞ্জ)। নোয়াখালী, হবিগঞ্জ, সিলেটে ঢালাই কাজে যে পাথর ব্যবহার করা হচ্ছে তা সন্তোষজন নয়। সাঁটারিং এবং ভাইব্রেটর ঠিকমত ব্যবহার না করায় হানিকম্ব দেখা গিয়েছে। শ্রমিকদের হ্যান্ড গ্লাবস্, গাম্বুট, হ্যালমেট ইত্যাদি সুরুক্ষা সরঞ্জাম নিশ্চিত করা হয়নি। নেত্রকোণা, ময়মনসিংহে দরজার জন্য ব্যবহৃত কিছু চৌকাঠে চিড়ল/ফাঁটল দেখা যায়। অনেক জায়গায় ঢালাই কাজে যে পলিথীন ব্যবহার করা হয়েছে তা অপসারণ করা হয়নি। নির্মাণ কাজের তদারকি বৃদ্ধি করা প্রয়োজন।

### ৫.১৫ প্রকল্পের খানা জরিপের মাধ্যমে কাজের অবস্থা মূল্যায়নের ফলাফল পর্যবেক্ষণ

সুবিধাভোগীদের থেকে জানা যায় যে, নতুন ভবন নির্মাণের ফলে জেলা অফিসের সেবা প্রদাণ আরও বৃদ্ধি পাবে। প্রতিবন্ধীদের জন্য নতুন ভবন সেবা প্রদানে সহায়ক হবে। বিভিন্ন এনজিও প্রতিষ্ঠানের সাথে একসাথে কাজ করা যাবে। নতুন ভবন নির্মাণের ফলে জেলা সমাজসেবা অফিসের প্রোগ্রামগুলো সুনিপূণভাবে করা যাবে।

### ৫.১৬ প্রকল্পের টেকসইকরণ পরিকল্পনা পর্যবেক্ষণ

প্রকল্প এলাকায় পরিষ্কার পরিচ্ছন্ন রাখা ও বর্জ্য নিষ্কাষন ব্যবস্থাপনার জন্য এখন থেকেই কার্যকরি পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। এছাড়াও পাম্প ড্রাইবার, লিফট্ ম্যান, লিফট্ রক্ষণাবেক্ষণ, রেস্ট হাউস কেয়ারটেকার, ভাড়ার জন্য নির্ধারিত মিটিং রুম ইত্যাদির জন্য কেয়ারটেকিং স্টাফের প্রয়োজন হবে যা এখন থেকেই পদক্ষেপ নেয়া দরকার। প্রকল্প বাস্তবায়ন শেষে, কিছুদিন পর প্রকল্প এলাকার ২২ জেলায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কাছ থেকে 'ফিডব্যাক' বা প্রতিক্রিয়া সংগ্রহ করা একান্ত প্রয়োজন। যথাঃ নতুন অফিসের সুবিধাদি, পরিবেশ ও নিরাপত্তা ইত্যাদি। আর এই অভিজ্ঞতা পরবর্তীতে পর্যায়ে প্রকল্পের ক্ষেত্রে অনুসরণীয় হতে পারে। প্রকল্পের পরিবেশ রক্ষার্থে ও সৌন্দর্য্য বর্ধনের জন্য যথাযথভাবে আরবরিকালচার করতে হবে। বিশেষ করে যে সব জেলায় গাছ কাটা হয়েছে সে সব জেলায় ভবনের আশেপাশে যথা সম্ভব বৃক্ষরোপণ করা।

# ষষ্ঠ অধ্যায়

# সুপারিশসমূহ ও উপসংহার

প্রকল্প অফিস থেকে প্রাপ্ত তথ্য, সরেজমিনে পরিদর্শন, মাঠ পর্যায় থেকে উপকারভোগীদের সাথে দলীয় আলোচনা (এফজিডি) এবং প্রকল্পের মূখ্য ব্যক্তিবর্গের নিকট হতে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে প্রকল্পের কার্যক্রমসমূহকে আরো সাবলীল ও টেকসই করার লক্ষ্যে কিছু সুপারিশ প্রস্তাব করা হয়েছে। নিম্নে সুপারিশসমূহ প্রদান করা হলো:

## ৬.১ সুপারিশসমূহ

**প্রকল্পের সুষ্ঠু ব্যবস্থাপনা এবং নির্মাণ কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করতে নিম্নোক্ত সুপারিশ প্রদান করা হলো-**

১. কুমিল্লা, নোয়াখালী, সিলেট, হবিগঞ্জ ও সুনামগঞ্জ জেলায় নির্মাণ কাজের অগ্রগতি কম বিধায় আলাদাভাবে সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা তৈরি করে নিবিড় তদারকি বৃদ্ধি করা;

২. প্রকল্পের ১৭টি জেলায় (ঢাকা, ফরিদপুর, গোপালগঞ্জ,কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোণা, চট্টগ্রাম, ব্রাহ্মণবাড়ীয়া, রংপুর, লালমনিরহাট, দিনাজপুর, রাজশাহী, সিরাজগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, খুলনা, বরিশাল এবং ঝালকাঠি) ভবনের কাজ ফিনিশিং/শেষ পর্যায়ে রয়েছে বিধায় উক্ত জেলাগুলোর নির্মাণ কাজ দ্রুত পূর্ণাঙ্গভাবে শেষ করে ভবন ব্যবহারের উপযোগী করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা;

৩. ভেরিয়েশন অনুমোদনের প্রয়োজন হলে ভেরিয়েশন এর বিধান অনুযায়ী এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন গ্রহণ করতে হবে;

৪. প্রকল্পের আওতায় আরডিপিপি অনুযায়ী যথাযথ নিয়ম অনুসরণ করে আউটসোর্সিং এর ভিত্তিতে জনবল নিয়োগ প্রদান করা;

৫. ক্রয় কার্যক্রম ডিপিপি/আরডিপিপির প্যাকেজ অনুযায়ী এবং পিপিআর-২০০৮ এর যথাযথভাবে অনুসরণ করা;

৬. প্রকল্পের নির্মাণ কাজ শেষে প্রকল্প টেকসইকরণের লক্ষ্যে পাম্প ড্রাইবার, লিফট্ ম্যান, লিফট্ রক্ষণাবেক্ষণ, রেস্ট হাউস কেয়ারটেকার, ভাড়ার জন্য নির্ধারিত মিটিং রুম ইত্যাদির জন্য কেয়ারটেকিং স্টাফের প্রয়োজন হবে যা এখন থেকেই পদক্ষেপ নেয়া দরকার।

৭. ভবিষ্যতে বেজলাইন সার্ভে ও ফিজিবিলিটি স্টাডি করে প্রকল্প গ্রহণ করতে হবে;

৮. যেসব জেলায় সহজে নিজস্ব জমি পাওয়া যাবে সে সব জেলাকে অগ্রাধিকার দেয়া; এবং

৯. শিশুদের খেলার মাঠ ও পরিবেশের বিষয়টি বিবেচনায় নিয়ে প্রকল্প গ্রহণ করা।

## ৬.২ উপসংহার:

সমাজসেবা অধিদফতরের আওতাধীন সকল সংস্থা/ দলগুলোকে আরও ভাল সেবা প্রদান করাই মূল উদ্দেশ্য। প্রকল্পটি বাস্তবায়নের মেয়াদ ইতিমধ্যে প্রায় ৩ বৎসর উত্তীর্ণ হয়েছে এবং ১ম সংশোধনের মাধ্যমে প্রকল্পের মেয়াদ জুন-২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। আরও ২ বছর সময় বর্ধনের জন্য প্রস্তাব করা হয়েছে। মূল ও সংশোধিত প্রকল্প প্রস্তাবনা এবং পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি বিস্তারিতভাবে বিশ্লেষণ করে নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্য বিস্তারিত স্ট্যাডি ডিজাইন, কর্ম-পরিকল্পনা এবং মাঠ পর্যায় হতে প্রাইমারি ও সেকেন্ডারি তথ্য/উপাত্ত সংগ্রহের জন্য কাঠামোগত, আধা-কাঠামোগত প্রশ্নাবলী এবং মাঠ পর্যায়ে পরিদর্শনের জন্য চেকলিষ্টসহ প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

আইএমইডি এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের আন্তরিকতা এবং সার্বিক সহযোগিতায় চলমান নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার কাজটি সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্ন করা যাবে এবং প্রকল্প সংশ্লিষ্ট যাবতীয় তথ্য/উপাত্ত সংগ্রহ পূর্বক চূড়ান্ত প্রতিবেদন উপস্থান করা হবে।

# সংযুক্তি-০১

**সারণি: ১.৯.১ পণ্য ক্রয় সংক্রান্ত তথ্যাদি** (লক্ষ টাকা)

| প্যাকেজ নং | পিপি (PP) / টিপিপি (TPP) অনুযায়ী পণ্য ক্রয় প্যাকেজের বর্ণনা পণ্য ক্রয় | একক | পরিমাণ | ক্রয় পদ্ধতি ও (নমুনা) | চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ | অর্থের উৎস | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | সম্ভাব্য তারিখ দরপত্র আহবান | সম্ভাব্য তারিখ চুক্তি স্বাক্ষর | সম্ভাব্য তারিখ চুক্তি সম্পন্ন |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ১০ | ১১ | ১২ |
| জিডি-০১ | আসবাবপত্র, ৭টি কেন্দ্র | সংখ্যা | ১৭৫৭ | OTM (NCT) (ফরিদপুর, চট্রগ্রাম, রংপুর, ব্রাক্ষ্মণবাড়ীয়া, দিনাজপুর, ময়মনসিংহ, রাজশাহী জেলা) | According to PPA-2006, and delegation of financial power | জিওবি | ২৬২.৮৫ | ০৭.০৭.২০ | ০৬.১১.২০ | ৩০.০৫.২১ |
| জিডি-০২ | আসবাবপত্র, ৭টি কেন্দ্র | সংখ্যা | ১৭৫৭ | OTM (NCT) (সিরাজগঞ্জ, সিলেট, নেত্রকোণা, কিশোরগঞ্জ, বরিশাল, ঝালকাঠি, লালমনিরহাট জেলা) | | জিওবি | ২৬২.৮৫ | ০৭.০৭.২০ | ০৬.১১.২০ | ৩০.০৫.২১ |
| জিডি-০৩ | আসবাবপত্র, ৮টি কেন্দ্র | সংখ্যা | ২০০৮ | OTM (NCT) (ঢাকা, গোপালগঞ্জ, খুলনা, সুনামগঞ্জ, নোয়াখালী, হবিগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, কুমিল্লা জেলা) | | জিওবি | ৩০০.৪০ | ০৭.০৭.২০ | ০৬.১১.২০ | ৩০.০৫.২১ |
| জিডি-০৪ | আসবাবপত্র ( প্রকল্প পরিচালকের সাহায্য) | সংখ্যা | ৩৭ | RFQ | | জিওবি | ৫.৭২ | ০২.০৭.১৮ | ১০.০৭.১৮ | ৩০.০৭.১৮ |
| জিডি-০৫ | কম্পিউটার ও আনুষাঙ্গিক যন্ত্রপাতি | সংখ্যা | ৫২৮ | OTM (NCT) | | জিওবি | ৩৩২.২০ | ০৭.০৭.২০ | ০৬.১১.২০ | ৩০.০৫.২১ |
| জিডি-০৬ | কম্পিউটার ও আনুষাঙ্গিক যন্ত্রপাতি (প্রকল্প অফিস) | সংখ্যা | ২০ | RFQ | | জিওবি | ১৩.০০ | ০২.০৭.১৮ | ১০.০৭.১৮ | ৩০.০৭.১৮ |
| জিডি-০৭ | গাড়ি (১টি জীপ ও ১টি মাইক্রো) | সংখ্যা | ২টি | DPM (প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড) | | জিওবি | ১২৫.০০ | ২৮.০৩.১৮ | ০৩.০৫.১৮ | ২৭.০৫.১৮ |
| **প৷ণ্য ক্রয়ের জন্য মোট ব্যয় =** | | | | | | | **১৩০২.০২** | | | |

**তথ্য সূত্রঃ আরডিপিপি**

**সারণি: ১.৯.২ পূর্তকাজ ক্রয় সংক্রান্ত তথ্যাদি** **(লক্ষ টাকা)**

| ক্রমিক নং | প্যাকেজ নং | প্যাকেজ এর বিবরণ/কেন্দ্রের নাম পূর্ত কাজ | একক | পরিমাণ | ক্রয় পদ্ধতি | চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ | অর্থের উৎস | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | তারিখ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | প্রাক যোগ্যতা আহবান | দরপত্র আহবান | চুক্তি স্বাক্ষর | চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | ডব্লিউডি ০১ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (ভবনের অভ্যন্তরীণ কাজ ) ঢাকা | বর্গ মি. | ৩১০০ | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD | জিওবি | ১০৪৯.৯১ | - | ২২/১২/১৮ | ৪/৪/১৯ | ৫/৫/২০ |
| | ডব্লিউডি ০২ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (ভবনের বাহিরে কাজ ) ঢাকা | বর্গ মি. | - | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD | জিওবি | ৪১৭.২৫ | - | ২২/১২/১৮ | ৪/৪/১৯ | ৫/৫/২০ |
| | ডব্লিউডি ০৩ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (লিফট ) ঢাকা | সংখ্যা | ২ | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD/PD office | জিওবি | ১১০.০০ | - | ২/৯/২০ | ১৮/১১/২০ | ১৫.৫.২১ |
| ২ | ডব্লিউডি ০১ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (ভবনের অভ্যন্তরীণ কাজ ) ফরিদপুর | বর্গ মি. | ৩১০০ | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD | জিওবি | ১০৪৯.৯১ | - | ৬/৫/১৮ | ৪/৭/১৮ | ৩০/৬/২০ |
| | ডব্লিউডি ০২ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (ভবনের বাহিরে কাজ ) ফরিদপুর | বর্গ মি | - | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD | জিওবি | ৪৪৮.৮১ | - | ৬/৫/১৮ | ৪/৭/১৮ | ৩০/৬/২০ |
| | ডব্লিউডি ০৩ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (লিফট ) ফরিদপুর | সংখ্যা | ২ | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD/PD office | জিওবি | ১১০.০০ | - | ২/৯/২০ | ১৮/১১/২১ | ১৫/৫/২১ |
| ৩ | ডব্লিউডি ০১ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (ভবনের অভ্যন্তরীণ কাজ (গোপালগন্জ) | বর্গ মি | ৩১০০ | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD | জিওবি | ১০৪৯.৯১ | - | ১৭/১/১৯ | ১৪/৩/১৯ | ২৪/৪/১৯ |
| | ডব্লিউডি ০২ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (ভবনের বাহিরে কাজ ) (গোপালগন্জ) | বর্গ মি | - | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD | জিওবি | ৩৩১.১১ | - | ১৭/১/১৯ | ১৪/৩/১৯ | ২৪/৪/১৯ |
| | ডব্লিউডি ০৩ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (লিফট ) (গোপালগন্জ) | সংখ্যা | ২ | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD/PD office | জিওবি | ১১০.০০ | - | ২/৯/২০ | ১৮/১১/২১ | ১৫/৫/২১ |
| ৪ | ডব্লিউডি ০১ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (ভবনের অভ্যন্তরীণ কাজ (কিশোরগন্জ) | বর্গ মি | ৩১০০ | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD | জিওবি | ১০৪৯.৯১ | - | ২০/১/১৯ | ৫/৫/১৯ | ২০/১২/২০ |
| | ডব্লিউডি ০২ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (ভবনের বাহিরে কাজ ) কিশোরগন্জ)) | বর্গ মি | - | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD | জিওবি | ৩৩১.১১ | - | ২০/১/১৯ | ৫/৫/১৯ | ২০/১২/২০ |

| ক্রমিক নং | প্যাকেজ নং | প্যাকেজ এর বিবরণ/কেন্দ্রের নাম পূর্ত কাজ | একক | পরিমাণ | ক্রয় পদ্ধতি | চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ | অর্থের উৎস | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | তারিখ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | প্রাক যোগ্যতা আহবান | দরপত্র আহবান | চুক্তি স্বাক্ষর | চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | ডব্লিউডি ০৩ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (লিফট ) (কিশোরগন্জ) | সংখ্যা | ২ | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD/PD office | জিওবি | ১১০.০০ | - | ২/৯/২০ | ১৮/১১/২১ | ১৫/৫/২১ |
| ৫ | ডব্লিউডি ০১ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (ভবনের অভ্যন্তরীণ কাজ (ময়মনসিংহ) | বর্গ মি | ৩১০০ | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD | জিওবি | ১০৪৯.৯১ | - | ৫/১১/১৮ | ২৪/২/১৯ | ৩০/৫/২০ |
| | ডব্লিউডি ০২ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (ভবনের বাহিরে কাজ ) (ময়মনসিংহ | বর্গ মি | - | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD | জিওবি | ৩০৯.৯৪ | - | ৫/১১/১৮ | ২৪/২/১৯ | ৩০/৫/২০ |
| | ডব্লিউডি ০৩ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (লিফট) (ময়মনসিংহ | সংখ্যা | ২ | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD/PD office | জিওবি | ১১০.০০ | - | ২/৯/২০ | ১৮/১১/২১ | ১৫/৫/২১ |
| ৬ | ডব্লিউডি ০১ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (ভবনের অভ্যন্তরীণ কাজ (নেত্রকোণা) | বর্গ মি | ৩১০০ | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD | জিওবি | ১০৪৯.৯১ | - | ৪/১২/১৮ | ২৮/২/১৯ | ৩০/৮/২০ |
| | ডব্লিউডি ০২ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (ভবনের বাহিরে কাজ ) (নেত্রকোণা) | বর্গ মি | - | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD | জিওবি | ৩২৩.১৫ | - | ৪/১২/১৮ | ২৮/২/১৯ | ৩০/৮/২০ |
| | ডব্লিউডি ০৩ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (লিফট ) (নেত্রকোণা) | সংখ্যা | ২ | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD/PD office | জিওবি | ১১০.০০ | - | ২/৯/২০ | ১৮/১১/২১ | ১৫/৫/২১ |
| ৭ | ডব্লিউডি ০১ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (ভবনের অভ্যন্তরীণ কাজ (চট্টগ্রাম) | বর্গ মি | ৩১০০ | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD | জিওবি | ১০৪৯.৯১ | - | ৪/১২/১৮ | ২৮/২/১৯ | ৩০/৮/২০ |
| | ডব্লিউডি ০২ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (ভবনের বাহিরে কাজ ) (চট্টগ্রাম) | বর্গ মি | - | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD | জিওবি | ৪১৫.৮০ | - | ৪/১২/১৮ | ২৮/২/১৯ | ৩০/৮/২০ |
| | ডব্লিউডি ০৩ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (লিফট ) (চট্টগ্রাম) | সংখ্যা | ২ | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD/PD office | জিওবি | ১১০.০০ | - | ২/৯/২০ | ১৮/১১/২১ | ১৫/৫/২১ |
| ৮ | ডব্লিউডি ০১ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (ভবনের অভ্যন্তরীণ কাজ (কুমিল্লা) | বর্গ মি | ৩১০০ | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD | জিওবি | ১০৪৯.৯১ | - | ২৫/৯/১৯ | ১৪/১১/১৯ | ২০/৫/২১ |
| | ডব্লিউডি ০২ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (ভবনের বাহিরে কাজ ) | বর্গ মি | - | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial | জিওবি | ৩৫৩.৫৪ | - | ২৫/৯/১৯ | ১৪/১১/১৯ | ২০/৫/২১ |

| ক্রমিক নং | প্যাকেজ নং | প্যাকেজ এর বিবরণ/কেন্দ্রের নাম পূর্ত কাজ | একক | পরিমাণ | ক্রয় পদ্ধতি | চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ | অর্থের উৎস | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | তারিখ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | প্রাক যোগ্যতা আহবান | দরপত্র আহবান | চুক্তি স্বাক্ষর | চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | কুমিল্লা)) | | | | power PWD | | | | | | |
| | ডব্লিউডি ০৩ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (লিফট ) (কুমিল্লা) | সংখ্যা | ২ | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD/PD office | জিওবি | ১১০.০০ | - | ২/৯/২০ | ১৮/১১/২১ | ১৫/৫/২১ |
| ৯ | ডব্লিউডি ০১ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (ভবনের অভ্যন্তরীণ কাজ (বি.বাড়িয়া) | বর্গ মি | ৩১০০ | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD | জিওবি | ১০৪৯.৯১ | - | ১৬/১/১৯ | ১/৪/১৯ | ৩০/৯/২০ |
| | ডব্লিউডি ০২ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (ভবনের বাহিরে কাজ ) (বি.বাড়িয়া) | বর্গ মি | - | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD | জিওবি | ৩০৭.৬৩ | - | ১৬/১/১৯ | ১/৪/১৯ | ৩০/৯/২০ |
| | ডব্লিউডি ০৩ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (লিফট ) (বি.বাড়িয়া) | সংখ্যা | ২ | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD/PD office | জিওবি | ১১০.০০ | - | ২/৯/২০ | ১৮/১১/২১ | ১৫/৫/২১ |
| ১০ | ডব্লিউডি ০১ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (ভবনের অভ্যন্তরীণ কাজ (নোয়াখালী) | বর্গ মি | ৩১০০ | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD | জিওবি | ১১৯১.৫০ | - | ১৬/১/১৯ | ১/৪/১৯ | ৩০/৯/২০ |
| | ডব্লিউডি ০২ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (ভবনের বাহিরে কাজ ) (নোয়াখালী) | বর্গ মি | - | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD | জিওবি | ৩৪১.৫৪ | - | ১৬/১/১৯ | ১/৪/১৯ | ৩০/৯/২০ |
| | ডব্লিউডি ০৩ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (লিফট ) (নোয়াখালী) | সংখ্যা | ২ | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD/PD office | জিওবি | ১১০.০০ | - | ২/৯/২০ | ১৮/১১/২১ | ১৫/৫/২১ |
| ১১ | ডব্লিউডি ০১ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (ভবনের অভ্যন্তরীণ কাজ সিলেট | বর্গ মি | ৩১০০ | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD | জিওবি | ১০৩৯.৯৫ | - | ১৬/১/১৯ | ১/৪/১৯ | ৩০/৯/২০ |
| | ডব্লিউডি ০২ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (ভবনের বাহিরে কাজ ) সিলেট | বর্গ মি | - | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD | জিওবি | ৩১১.৫১ | - | ১৬/১/১৯ | ১/৪/১৯ | ৩০/৯/২০ |
| | ডব্লিউডি ০৩ | অফিস ভবন নির্মাণ ও পূর্ত কাজ (লিফট ) সিলেট | সংখ্যা | ২ | OTM NCT | According to PPA -2006 ,PPR-2008,and delegation of financial power PWD/PD office | জিওবি | ১১০.০০ | - | ২/৯/২০ | ১৮/১১/২১ | ১৫/৫/২১ |
